# কমিউনিটি ভিত্তিক পানি ব্যবস্থাপনা কর্মশালা

## একটি প্রশিক্ষক ম্যানুয়াল

December 2021

About International Rivers

International Rivers protects rivers and defends the rights of communities that depend on them. We seek a world where healthy rivers and the rights of local river communities are valued and protected. We envision a world where water and energy needs are met without degrading nature or increasing poverty, and where people have the right to participate in decisions that affect their lives.

This report was published by International Rivers in December 2021

**Author:** Sabrina K Gyorvary

**Design and Layout:** Aspire Design

344 20th Street
Oakland CA 94612, USA
Tel: +1 510 848 1155
www.internationalrivers.org

**Disclaimer:** The views expressed in this publication are not necessarily the views of the TROSA program.

# বিষয়বস্তু


| | | |
|---|---|---|
| সূচনা | | 3 |
| মডিউল ১ | পরিচিতি, মূল্যবোধ, পানিসম্পদ ম্যাপিং | 5 |
| মডিউল ২ | আমাদের নদীর বাস্তুসংস্থান | 9 |
| মডিউল ৩ | আমাদের নদীর বাস্তুসংস্থানে পরিবর্তন এবং ক্ষমতার উৎস | 12 |
| মডিউল ৪ | পানি ব্যবস্থাপনায় লিঙ্গ এবং ক্ষমতা | 15 |
| মডিউল ৫ | কমিউনিটি সম্পদ ম্যাপিং | 19 |
| মডিউল ৬ | জলীয় কাঠামোর সুবিধা এবং প্রভাব | 23 |
| মডিউল ৭ | পানি ব্যবস্থাপনা মূল কারিগর এবং লাভ | 28 |
| মডিউল ৮ | মাঠ পর্যায়ে পরিদর্শনের প্রস্তুতিঃ কমিউনিটি ভিত্তিক গবেষণার দক্ষতা | 32 |
| মডিউল ৯ | পানি ব্যবস্থাপনা সম্পর্কিত মাঠ পর্যায়ে পরিদর্শন | 36 |
| মডিউল ১০ | মাঠ পর্যায়ে পরিদর্শন উপস্থাপনা, আন্তঃসীমান্ত পানি ব্যবস্থাপনা | 38 |
| মডিউল ১১ | পানি ব্যবস্থাপনা সম্পর্কিত ভূমিকা অভিনয়, ভবিষৎ পরিকল্পনা, ও মূল্যায়ন। | 41 |

# সূচনা

**এই কমিউনিটি ভিত্তিক পানি ব্যবস্থাপনা কারিকুলামটি নদী সম্পর্কে কমিউনিটির লোকজনের জ্ঞান এবং বোধগম্যতা পোক্ত করার জন্য তৈরি করা হয়েছে এবং পানি ব্যবস্থাপনা সম্পর্কিত পরিকল্পনা এবং সিদ্ধান্ত গ্রহণে স্থানীয় লোকজনের প্রভাব যাতে বৃদ্ধি পায়, এই কারিকুলামে সেদিকে জোর দেয়া হয়েছে।**

এই কারিকুলাম তৈরিতে অধিকারভিত্তিক পদক্ষেপ গ্রহণ করা হয়েছে যাতে সকলের জন্য পানির উৎসের সমান সুযোগ থাকে, বিশেষ করে নারী, জেলে এবং প্রান্তিক জনগোষ্ঠীর। এই কর্মশালাটি এমনভাবে পরিচালিত করা হবে যা একীভূত উন্নয়নের মডেল তুলে ধরবে এবং এমন একটি পরিবেশ তৈরি করবে যা খোলামেলা এবং সৎভাবে অংশগ্রহণকারীদের সকলকে সমানভাবে একত্রিত হয়ে পানির উৎস সম্পর্কে আলোচনা করার সুযোগ তৈরি করবে।

এ প্রশিক্ষণ কারিকুলাম নির্দিষ্টভাবে কমিউনিটিতে ব্যবহারের উপযোগী করে তৈরি এবং বেশিরভাগ কার্যক্রমের জন্য নূন্যতম সাক্ষরতা প্রয়োজন। প্রশিক্ষণের ধরনটি অংশগ্রহণকারীদের জ্ঞান, দক্ষতা এবং অভিজ্ঞতা সমন্বয়ের মাধ্যমে আলোচনা এবং শেখার সুযোগ তৈরি করবে। সঞ্চালক একটি প্রশ্ন করবেন এবং চিন্তা এবং গবেষণা করার জন্য একটি কাঠামো প্রণয়ন করবেন যা অংশগ্রহণকারীদের সৃষ্টিশীল উপায়ে সাধারণ বা প্রত্যাহিক বিষয়গুলো নিয়ে ভাবতে সাহায্য করবে। এই পদ্ধতিতে সঞ্চালক এবং অংশগ্রহণকারীদের স্থানীয় প্রয়োজন সম্পর্কে ভাবতে, সেগুলো নির্দিষ্ট করতে এবং সেগুলোর প্রতি মনোযোগ দিতে সাহায্য করবে এবং একইসাথে প্রশিক্ষণের বিষয়বস্তু তাদের স্থানীয় প্রয়োজন অনুসারে গ্রহণ করতে বা কাজে লাগাতে সাহায্য করবে। এই প্রশিক্ষণের উদ্দেশ্য হলো সম্পর্ক ও কর্মপদ্ধতি তৈরি করা যা কর্মশালা শেষ হলেও টিকে থাকবে এবং কাজ করবে।

এই কারিকুলামটি এগারটি মডিউল এর সমন্বয়ে তৈরি। কিছু কিছু কার্যক্রম তাৎক্ষণিকভাবে সম্পন্ন করা সম্ভব আবার কিছু কিছু কার্যক্রম পূর্ববর্তী মডিউলের শিখনের উপর ভিত্তি করে সম্পন্ন করতে হবে যে কারণে মডিউলগুলো পর্যায়ক্রমে আলোচনা করতে হবে। প্রত্যেক মডিউলের সময় ১ কর্মদিবসে ৮ ঘন্টা হিসেব করে ভাগ করা হয়েছে, সকাল থেকে বিকেল পর্যন্ত আপনার কর্মশালার সময় বিভাজন আলাদা হতে পারে, তবে অনুগ্রহ করে মূল কাঠামোটি স্মরণ রাখবেনঃ ১.৩০ ঘন্টা কার্যক্রম, ১৫ মিনিট বিরতি, ১ ঘন্টা ১৫ মিনিট কার্যক্রম, ১.৩০ ঘন্টা মধ্যাহ্নভোজের বিরতি। এভাবে প্রতিদিন দুইবার করা যেতে পারে। গবেষণায় দেখা গিয়েছে যে শিক্ষার্থীরা দিনে সর্বোচ্চ ৫ থেকে ৬ ঘন্টা শেখার জন্য মনোযোগ ধরে রাখতে পারেন। আপনি যখন এমন মানুষদের সাথে কাজ করছেন যাদের আনুষ্ঠানিক শিক্ষা কম তখন এই বিষয়গুলো মনে রাখা খুবই গুরুত্বপূর্ণ। আপনার কর্মশালার একটি নির্দিষ্ট সূচি প্রণয়ন করলে তা অংশগ্রহণকারীদের শেখার ক্ষমতা বাড়াতে সাহায্য করবে।


| | |
|---|---|
| **মডিউল ১:** | পরিচিতি, মূল্যবোধ, পানিসম্পদ ম্যাপিং |
| **মডিউল ২:** | আমাদের নদীর বাস্তুসংস্থান |
| **মডিউল ৩:** | আমাদের নদীর বাস্তুসংস্থানে পরিবর্তন এবং ক্ষমতার উৎস |
| **মডিউল ৪:** | পানি ব্যবস্থাপনায় লিঙ্গ এবং ক্ষমতা |
| **মডিউল ৫:** | কমিউনিটি সম্পদ ম্যাপিং |
| **মডিউল ৬:** | জলীয় কাঠামোর সুবিধা এবং প্রভাব |
| **মডিউল ৭:** | পানি ব্যবস্থাপনা মূল কারিগর এবং লাভ |
| **মডিউল ৮:** | মাঠ পর্যায়ে পরিদর্শনের প্রস্তুতিঃ কমিউনিটি ভিত্তিক গবেষণার দক্ষতা |
| **মডিউল ৯:** | পানি ব্যবস্থাপনা সম্পর্কিত মাঠ পর্যায়ে পরিদর্শন |
| **মডিউল ১০:** | মাঠ পর্যায়ে পরিদর্শন উপস্থাপনা, আন্তঃসীমান্ত পানি ব্যবস্থাপনা |
| **মডিউল ১১:** | পানি ব্যবস্থাপনা সম্পর্কিত ভূমিকা অভিনয়, ভবিষৎ পরিকল্পনা, ও মূল্যায়ন। |

# সঞ্চালকদের জন্য টিপস

- ☑ এই কর্মশালাটি প্রথম দিন সকালে অংশগ্রহণকারীদের সমন্বয়ে নির্ধারিত কিছু মূল্যবোধ দ্বারা পরিচালিত হবে। এই মূল্যবোধগুলো শ্রেণিকক্ষের সামনে ঝুলিয়ে রাখুন সমগ্র কর্মশালার সময়, প্রতিদিন তা দেখুন এবং যদি কোন সমস্যার উদ্ভব হয় তাহলে নিশ্চিত করুন যে মূল্যবোধসমূহকে যথাযথ সম্মান জানানো হচ্ছে।

- ☑ সঞ্চালক এবং প্রশিক্ষণার্থীদের মধ্যে ক্ষমতার সুষ্ঠু বিন্যাস এবং সম্পর্ক নিশ্চিত করতে সচেষ্ট থাকুন, এখানে প্রত্যেকে একে অন্যের কাছ থেকে শিখতে এসেছে, এই বিষয়ের ওপর জোর দিন। স্থানীয় ভাষা যা আমরা প্রতিদিন ব্যবহার করি তার প্রয়োগের মাধ্যমে এবং সকলের সাথে খোলামেলা এবং বন্ধুত্বপূর্ণ সময় অতিবাহিত করার মাধ্যমে তা নিশ্চিত করা সম্ভব।

- ☑ দলের সকল সদস্যকে সমান বিবেচনা করুন এবং সকলে যাতে একই রকম ক্ষমতার ব্যবহার করতে পারে তা নিশ্চিত করুন। এর মধ্যে সহকারি সঞ্চালক, বাবুর্চি, গাড়ী চালক, পরিচ্ছন্নতাকর্মী, এবং কমিউনিটির লোকজন অন্তর্ভুক্ত থাকবে।

- ☑ দলের দিকে সার্বক্ষণিক খেয়াল রাখুন, আপনার সময়সূচী প্রয়োজন অনুসারে পরিবর্তন এবং দলের ইচ্ছা ও আগ্রহের সাথে সামঞ্জস্যপূর্ণ কার্যক্রম পরিচালনা করার সুযোগ রাখুন।

- ☑ "পরিমাণ" এর চেয়ে "মান" এর দিকে বেশি খেয়াল রাখুন। একেবারে সকল কার্যক্রম শেষ করার চেয়ে এটা নিশ্চিত করা গুরুত্বপূর্ণ যে সকল অংশগ্রহণকারী বিষয়টি সঠিকভাবে বুঝেছেন এবং যথাযথ ভাবে শিখতে পেরেছেন।

- ☑ এমন একটি পরিবেশ নিশ্চিত করুন যা নারী, যুবক-যুবতী এবং প্রান্তিক জনগোষ্ঠীর লোকজনকে তাদের মনোভাব প্রকাশ করার সুযোগ করে দিবে। অংশগ্রহণকারীদের গভীরভাবে শোনার এবং নেতৃত্ব দানের গুণাবলী অর্জন করতে সহযোগিতা করুন।

- ☑ অংশগ্রহণকারীদের মধ্যে মতানৈক্য শিখন প্রক্রিয়ার একটি অবিচ্ছেদ্য অংশ। এ বিষয়ের দিকে খেয়াল রাখুন এবং এসব ক্ষেত্রে মতানৈক্য নিরসন শিক্ষণের একটি সুযোগ হিসেবে কাজে লাগান।

- ☑ যদি সম্ভব হয় কর্মশালাটি নদীর কাছাকাছি আয়োজন করা সর্বোত্তম, যাতে অংশগ্রহণকারীরা নদীর বাস্তুসংস্থানের সাথে নিজেদের সম্পর্ক বের করতে পারে এবং স্থানীয় কমিউনিটির সাথে পানির উৎসের সম্পর্ক উন্মোচন করতে পারে।

# মডিউল ১

# পরিচিতি, মূল্যবোধ, পানিসম্পদ ম্যাপিং

**উদ্দেশ্যসমূহঃ**

- অংশগ্রহনকারীরা একে অন্যকে জানবে, মূল্যবোধ এবং আস্থাবিশ্বাস গড়ে তুলবে।
- কর্মশালার লক্ষ্য সম্পর্কে জানবে
- মূল্যবোধ প্রতিষ্ঠা করবে এবং দলীয় কাজের জন্য নীতি নির্ধারণ করবে
- ভালো যোগাযোগের দক্ষতা অনুশীলন করবে
- কমিউনিটিতে থাকা বিভিন্ন পানির উৎস সম্পর্কে জানবে।

**উপকরণসমূহঃ**

- বোর্ড
- মার্কার
- রঙিন কলম এবং পেন্সিল
- কাগজ
- পোস্টার পেপার

**৯:০০-৯:১৫**

সঞ্চালকের পরিচয় দিন এবং আপনি কিভাবে এখানে এলেন সে সম্পর্কে আপনার গল্পটি বলুন।

**৯:১৫-৯:২০**

অংশগ্রহণকারী কেন্দ্রীক এবং পরীক্ষামূলক শিখন পদ্ধতি সম্পর্কে ব্যাখ্যা করুন। আমরা অংশগ্রহণকারীদের অভিজ্ঞতা থেকে যত বেশি সম্ভব জানতে চাই, যাতে অংশগ্রহণকারীরা একে অন্যের কাছ থেকে যত বেশি সম্ভব শিখতে পারে এবং তাদের অভিজ্ঞতা সম্পর্কে জানতে পারে। আমরা অনেক বেশি পরিমাণ ছোট ছোট দলীয় কাজ করব যা আমাদের দলীয় লক্ষ্যে পৌঁছানোর জন্য একত্রে কাজ করে সফল হওয়া শিখাবে।

**৯:২০-৯:৪৫**

প্রত্যেক অংশগ্রহণকারীকে একটি বড় কার্ডে তাদের নাম লিখতে বলুন। প্রত্যেক অংশগ্রহণকারী সকলের সাথে তাদের নাম, তারা কোথা থেকে এসেছে, তাদের নাম কে দিয়েছে, এবং তাদের নামের অর্থ বলবে। (নোটঃ এই কার্যক্রমের মাধ্যমে কর্মশালাটি শুরুহবে যাতে অংশগ্রহণকারীদের সবাই একে অন্যের সম্পর্কে জানতে পারে, তাদের কথা শুনে এবং অংশগ্রহণকারীরা একে অন্যের সাংস্কৃতিক পরিচয়কে এবং ব্যক্তিগত বিষয়কে সম্মান জানানো শিখতে পারে।)

**৯:৪৫-১০:১৫**

অংশগ্রহণকারীদের জিজ্ঞেস করুন তারা একে অন্যের সম্পর্কে সবচেয়ে বেশি কি জানতে চায়। অংশগ্রহণকারীরা সাধারণত রসবোধসম্পন্ন এবং গম্ভীর উভয় ধরনের প্রশ্নই উত্থাপন করতে পারে। অংশগ্রহণকারীদের জোড়ায় জোড়ায় ভাগ হতে বলুন এবং একে অন্যকে প্রশ্ন করতে বলুন। তারপর তাদের রঙিন কলম- কাগজ দিন এবং প্রত্যেক জোড়াকে বলুন যে শুধুমাত্র তার বন্ধুর মুখের দিকে তাকিয়ে, কাগজের দিকে না তাকিয়ে তার বন্ধুর ছবি আঁকতে। তারপর সবাইকে বলুন তারা যাতে ক্লাসের সামনে একে-অন্যের বন্ধু সম্পর্কে যা জেনেছে তার ভিত্তিতে বন্ধুকে পরিচয় করিয়ে দেয় এবং যে ছবিটি এঁকেছে তা দেয়ালে লাগিয়ে দেয়। (নোটঃ ছবিটি দেখতে হাস্যকর মনে হতে পারে, কিন্তু এর মাধ্যমেই কাঠিন্য দূর হবে এবং একটি স্বস্তিকর পরিবেশ তৈরি হবে।)

**১০:১৫-১০:৩০** **১০:১৫-১০:৩০ কর্মশালার লক্ষ্য তুলে ধরুনঃ**

- সকলে ব্যবহার করে এমন পানির উৎসের গুরুতসম্পর্কে জানা
- কমিউনিটির সকলের জন্য পানির উৎসের সুব্যবস্থা নিশ্চিত করার ব্যাপারে খোলামেলা আলোচনা করা
- কমিটির সকল সদস্য সমানভাবে পানির যোগান পেতে কি ধরনের সমস্যার সম্মুখীন হয় সেগুলো খুজে বের করতে একত্রে আলোচনা করা
- স্থানীয়, জাতীয় এবং আন্তর্জাতিকপানি ব্যবস্থাপনা কাঠামো সম্পর্কে জানা
- মুক্ত, পূর্ব এবং অবগতিসূচক সম্মতির ব্যাপারে জানা
- পানিসম্পদ ব্যবস্থাপনায় সিদ্ধান্ত গ্রহণকারী এবং অংশীদারী পক্ষসমূহ কে জানা
- কিভাবে পানিসম্পদ ব্যবস্থাপনায় বৃহৎ পরিসরে নিজের মতামত তুলে ধরা যায় সে সম্পর্কে জানা
- স্থায়ী মতামত প্রণয়ন করার কাঠামো সম্পর্কে জানা।

**১০:৩০-১০:৪৫** **বিরতি**

**১০:৪৫-১০:৫০** **এনার্জাইজার**

অংশগ্রহণকারীদের একটি বৃহৎ দলে দাঁড়াতে বলুন। নিচের উক্তিগুলো জোরে জোরে পড়ুন এবং অংশগ্রহণকারীদের মধ্যে যার সাথে যেটি মিলে যায় তাদের দলের বৃত্তের মধ্যে আসতে বলুন এবং একে অন্যের সাথে হাত মিলাতে বলুনঃ

- আপনি কখনো অতীতে এ ধরনের কর্মশালায় ছিলেন না।
- আপনি কখনো অতীতে পানি সম্পদ ব্যবস্থাপনা নিয়ে কথা বলেননি।
- আপনি এ কর্মশালায় যোগ দিতে অস্বস্ড়িতে ছিলেন।
- আপনি পূর্বে যে কর্মশালায় যোগ দিয়েছিলেন সেগুলো বিরক্তিকর ছিলো।
- আপনি কমিউনিটি ভিত্তিক পানি ব্যবস্থাপনা সম্পর্কে জানতে চান।
- আপনি শিখতে পছন্দ করেন।

**১০:৫০-১২:০০** **মূল্যবোধ এবং সেশন এর নিয়ম কানুন**

আলোচনা করুন যে সঠিক পানি ব্যবস্থাপনার জন্য একই মূল্যবোধ বিশিষ্ট একটি দলের একত্রে কাজ করা প্রয়োজন যার ফলে ইতিবাচক পরিবর্তন আসবে। সম্পদের সঠিক ব্যবস্থাপনায় বিভিন্ন দলের অংশগ্রহণ প্রয়োজন এবং একইসাথে প্রয়োজন বিভিন্ন ধরনের পদ্ধতি এবং কার্যক্রম যার মাধ্যমে একটি নির্দিষ্ট লক্ষ্য এবং মূল্যবোধ অর্জন করা সহজ হয়।

এখানে অংশগ্রহনকারী দলের জন্য কি ধরনের মূল্যবোধ প্রয়োজন সে সম্পর্কে চিন্তা করুন, অংশগ্রহণকারীদের মূল বিষয়গুলো উচ্চস্বরে বলতে বলুন। সঞ্চালক সেগুলো বোর্ডে লিখবেন। অংশগ্রহণকারীদের সকলে এ বিষয়গুলো সম্পর্কে একমত তা নিশ্চিত করুন।

নিয়ম নির্ধারণ করুনঃ

বলুন যে আমরা এই মূল্যবোধসমূহ সম্পর্কে একমত হয়েছি, অংশগ্রহণকারীদের জিজ্ঞেস করুন যে আমরা যাতে আমাদের মুল্যবোধসমূহকে সম্মান জানাতে পারি সেজন্য সেশনে কোন নিয়ম প্রতিষ্ঠা করা প্রয়োজন আছে কিনা। অংশগ্রহণকারীদের নিয়ম বলতে বলুন, একটি পোষ্টার কাগজে সেগুলো লিখতে বলুন এবং এমন জায়গায় ঝুলিয়ে রাখতে বলুন যাতে তা কর্মশালার সময় সকলের নজরে থাকে। অংশগ্রহণকারীদের বলুন যে এই নিয়ম না মানলে আমরা কি করব এবং তা করার ক্ষমতা কার কাছে থাকবে সে বিষয়েও যেন তারা মতামত দেয়। (নোটঃ যদি সময় থাকে তাহলে আপনি অংশগ্রহণকারীদের ছোট দলে ভাগ করে দিতে পারেন যাতে তারা নিয়ম গুলো সম্পর্কে চিন্তা করার সময় পায় এবং পরবর্তীতে তা বড় দলের সকলের সাথে সেয়ার করে। এটা নিশ্চিত করা জরুরি যে এই নিয়মগুলো অংশগ্রহণকারীদের গণতান্ত্রিক সিদ্ধান্তেরমাধ্যমে প্রতিষ্ঠিত হবে, তা যেন কোনোভাবেই সাধারন টপ ডাউন পদ্ধতিতে না হয়।)

১২:০০-১:৩০

## মধ্যাহ্নভোজের বিরতি

১:৩০-২:০০

## যোগাযোগ দক্ষতা

- সকালে প্রতিষ্ঠ করা নিয়মগুলোর কথা স্মরণ করিয়ে দিয়ে বলুন যে যোগাযোগ দক্ষতা একটি সঠিক, স্বচ্ছ এবং সম্মানজনক দলীয় কাজ করার জন্য খুবই গুরুত্বপূর্ণ। যোগাযোগ দক্ষতা হল এমন একটি বিষয় যা সঠিকভাবে যোগাযোগ করার মাধ্যমে যে কেউ শিখতে পারে।
- সঠিক যোগাযোগ দক্ষতার বিষয়গুলো নিয়ে চিন্তা করুন (অংশগ্রহণকারীদের বলুন এমন একজন মানুষের কথা চিন্তা করতে যার সাথে সহজেই খোলামেলাভাবে যেকোন বিষয় নিয়ে কথা বলা যায়। তারা যোগাযোগ সহজ করার জন্য বা কথা সহজ করার জন্য কি কি করে?)
- বিভিন্ন সমাজে এবং সংস্কৃতিতে বিভিন্ন ধরনের যোগাযোগ কিভাবে হয় সে সম্পর্কে আলোচনা করুন এবং আপনার সংস্কৃতিতে কী ধরনের ব্যবহার ভালো এবং কী ধরনের ব্যবহার খারাপ যোগাযোগ হিসেবে বিবেচিত হয় তা নিয়ে আলোচনা করুন (যেমন দৃষ্টি বিনিময়, ছোঁয়া, ব্যক্তিগত স্থান, বিভক্তি তৈরি না করা ইত্যাদি)

## ভালো এবং খারাপ শোনার দক্ষতা

- দল হিসাবে ভাল এবং খারাপ শোনার দক্ষতার একটি তালিকা তৈরি করুন
- স্বেচ্ছাসেবকদের খারাপ শোনার দক্ষতা অভিনয় করতে বলুন। একজনকে খুবই সহজ একটি আলোচনার বিষয় দিন, যেমন তারা গত সপ্তাহে কি করেছে এবং অন্যজনকে যত খারাপ ভাবে শোনা সম্ভব তা শোনার অভিনয় করতে বলুন। (এটা মূলত হাস্যরসের তৈরি করবে) । তারপর তাদেরকে স্থান পরিবর্তন করতে বলুন অথবা নতুন দুজন স্বেচ্ছাসেবককে বলুন যে ভালো শোনার দক্ষতা বলতে তারা কি বুঝে তা যেন অভিনয় করে দেখায়।
- ভালো শোনার দক্ষতা অনুশীলনঃ শিক্ষার্থীদের জোড়ায় জোড়ায় দল তৈরি করতে বলুন এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দিতে বলুনঃ আপনার কমিউনিটির সম্পর্কে আপনি সবচেয়ে বেশি কি পছন্দ করেন? যখন একজন বলবে তখন অন্যজন অবশ্যই গভীর মনোযোগের সাথে তা শোনার চেষ্টা করবেন। একজন যখন বলছে তখন তার মাঝখানে কিছু বলবেন না বা অন্যকিছু করবেন না। প্রত্যেক অংশগ্রহণকারীকে ৫ মিনিট বলার সুযোগ দিন।
- পর্যালোচনা করুন এবং একে অন্যের সাথে সেয়ার করুন যে আপনার কথা যখন অন্যজন মনোযোগ দিয়ে শুনছে তখন তা কি ধরনের অনুভূতি তৈরি করেছে এবং এই অনুশীলন থেকে আপনি কি শিখলেন?

(নোট- যদি সঞ্চালক মনে করেন যে অংশগ্রহণকারীরা ভালো যোগাযোগের দক্ষতা আয়ত্ত করতে সমস্যার সম্মুখীন হচ্ছে তাহলে নিচের তালিকা থেকে আরো কার্যক্রম পরিচালনা করতে পারেন। এই কার্যক্রম যেকোনো সময় পরিচালনা করা যেতে পারে বিশেষ করে যদি দ্বন্দ্ব তৈরী হয় বা ক্ষমতার অসামাঞ্জস্য তৈরি হয় তাহলে দলীয় নিয়ম এবং মূল্যবোধ প্রতিষ্ঠা করার জন্য।)

২:০০-৪:০০

## পানি সম্পদ ম্যাপিং

- বড় বড় কয়েকটি পোষ্টার কাগজ একত্রে আটা দিয়ে লাগান এবং তা মেঝেতে রাখুন। সকলকে বৃত্তাকারে দাঁড়াতে বলুন এবং সকলের হাতে রং পেন্সিল বা রঙিন কলম দিন।
- ব্যাখ্যা করুন যে আমরা এখন কমিউনিটির পানিসম্পদ নিয়ে আলোচনা করব। একজন স্বেচ্ছাসেবককে বলুন যে ওই কমিউনিটির একটি ছক আঁকার জন্য এবং স্থানীয় পানির উৎসগুলো আঁকার জন্য যেমন নদী, খাল, পুকুর ইত্যাদি।
- এবারে সকলকে চিন্তা করতে বলুন যে পানির উৎসসমূহ কমিউনিটির জন্য কিভাবে গুরুত্বপূর্ণ এবং মানচিত্রে নিচের জিনিসগুলো আঁকুন। মাছ ধরার এলাকা, জলযান পরিবহনের রাস্ড্র, শামুক সংগ্রহ এলাকা, জলজ উদ্ভিদের এলাকা, নদী-বিধৌত অঞ্চল, সেঁচ খাল, গোসলের জায়গা, কাপড় ধোয়ার জায়গা, পানি সংগ্রহের জায়গা, আধ্যাত্নিক এলাকা, সমাহিত করার এলাকা এবং বিপজ্জনক এলাকা। ( বন্যাপ্রবণ এলাকা,

জলদস্যুপ্রবণ এলাকা এবং ঘূর্ণাবর্ত), মাছ সংরক্ষণের এলাকা, যেখানে প্রাণীরা একত্রিত হয়, যেসব এলাকায় শিশুরা সাঁতার কাটে এবং খেলে, ঋতুর সাথে পরিবর্তনীয় দ্বীপসমূহ এবং বালুময় অঞ্চল ইত্যাদি। যখন অংশগ্রহণকারীরা আঁকবে, তখন তাদের জিজ্ঞেস করুন যে তারা তাদের প্রত্যেকের জীবনে প্রতিদিন কিভাবে পানির উৎস সমূহ ব্যবহার করে তা যেন খেয়াল রাখে।

- নোটঃ আপনি যদি দেখতে পান যে কোন একটি দল বেশি প্রভাব বিস্ত্মার করছে যেমন বয়স্ক অথবা পুরুষরা, তাহলে তাদের কাজ শেষ করার জন্য পর্যাপ্ত সময় দিন। কাজ শেষ করার পর তাদের অনুরোধ করুন তাদের কক্ষের এক পাশে দাঁড়াতে যাতে নারী এবং যুকব-যুবতিরা তাদের মতামত দেবার সুযোগ পায়। আপনি যদি অনেক বড় দল নিয়ে কাজ করেন তাহলে আপনি নারী, পুরুষ এবং যুবাদের তাদের আলাদা আলাদা মানচিত্র তৈরি করতে বলুন এবং উপস্থাপন করতে বলুন।
- যখন মানচিত্রটি প্রায় তৈরি হয়ে এসেছে তখন তা দেয়ালে আঠা দিয়ে লাগিয়ে দিন। তারপর প্রতি দল থেকে একজনকে এসে তাদের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ স্থানটি দেখিয়ে দিতে বলুন। যেমন নারী, পুরুষ, যুবা, মৎস্যজীবী, কৃষক, গৃহিণী, ব্যবসায়ী, জলযান চালক ইত্যাদি।
- সারাংশ তৈরি করার মাধ্যমে কার্যক্রমটি সমাপ্ত করুন এবং সারাংশ উলেখ করুন যে কিভাবে নারী, পুরুষ, যুবা, কৃষক, মৎস্যজীবী, ইত্যাদি সকল ধরনের লোকেরা স্থানীয় পানির উৎসসমূহ ব্যবহার করে।
- অংশগ্রহণকারীদের বলুন যে আমরা এই মানচিত্রটি কর্মশালার পুরোটা সময় ধরে রাখবো এবং আমরা প্রয়োজন অনুসারে এখানে যোগ করব যা আজকে আমরা আমাদের অঙ্কন থেকে বাদ দিয়েছে আমাদের মনে না পড়ার কারনে।

৪:০০-৪:১৫

**সমাপ্তিঃ** আমরা আজকে কি শিখলাম তার সারাংশ করুন এবং অংশগ্রহণকারীদের তাদের অনুভূতি ব্যক্ত করতে বলুন।

৪:১৫-৪:৩০

এক বা একাধিক অংশগ্রহণকারীকে তাদের সমাজব্যবস্থা প্রতিফলিত করে এমন একটি গান গাইতে বলুন।

# মডিউল ২

# আমাদের নদীর বাস্তুসংস্থান

**উদ্দেশ্যসমূহঃ**

- নদীর ওপর নির্ভরশীল সকল ধরনের জীবন সম্পর্কে আলোচনা করা এবং মানুষের বিভিন্ন ধরনের কার্যক্রমের ফলে তাদের উপর কি ধরনের প্রভাব পড়ে সে সম্পর্কে আলোচনা।
- উদ্ভিদ, প্রাণী ও পতঙ্গ সম্পর্কে জানা এবং জলজ জীবন স্থানীয় নদীর বাস্তুসংস্থানের সাথে কীভাবে সম্পর্কিত সেই সম্পর্কে জানা।
- নদীর প্রবাহ পরিবর্তন এবং পানির গুণগতমান পরিবর্তনের ফলে বিভিন্ন ধরনের প্রজাতির উপর কি ধরনের প্রভাব পড়ে সে সম্পর্কে আলোচনা করা।
- স্থানীয় পানি পরীক্ষা করা এবং দূষণের বিভিন্ন উপকরণ সনাক্ত করা।

**উপকরণসমুহঃ**

- বোর্ড
- পোস্টার কাগজ
- ঝুড়ি
- মোবাইল ফোন বা ক্যামেরা
- স্বচ্ছ কাঁচের জার
- পানি বিশে-ষণের উপকরণ।

**৯:০০-৯:১৫**

**খেলাঃ** একটি বৃত্ত তৈরি করুন এবং অংশগ্রহণকারীদের মধ্যে প্রত্যেকে একটি অঙ্গভঙ্গি করবে যা তারা তাদের প্রত্যাহিক জীবনে করে থাকে, অন্যরা তা অনুসরণ করবে। অংশগ্রহণকারীদের এমন একটি ভঙ্গি করতে বলুন যা তারা তাদের প্রত্যেক জীবনকে প্রতিফলিত করে। উদাহরণস্বরূপ মাছ ধরা, চাষ করা, খাবার তৈরি করা, পণ্য বিক্রি করা ইত্যাদি।

**৯:১৫-৯:৩০**

জিজ্ঞেস করুন গতকাল তৈরি করা পানি ব্যবস্থাপনা মানচিত্রে কেউ আর কোন কিছু যোগ করতে চায় কিনা। যদি কেউ কিছু যোগ করতে চায় তাহলে তাকে তা যোগ করতে আমন্ত্রণ জানান এবং সকলের সামনে তা উপস্থাপন করতে বলুন।

**৯:৩০-১১:৩০**

**নদী পর্যবেক্ষণ কার্যক্রম**

- গতকাল আমরা আলোচনা করেছিলাম যে সমাজের মানুষ কিভাবে বিভিন্ন উপায়ে পানিসম্পদ ব্যবহার করে। আজ সকালে আমরা অন্যান্য প্রজাতির সম্পর্কে আলোচনা করব। দলের সবাইকে চিন্তা করতে বলুন যে আর অন্যান্য কোন প্রজাতি পানির ব্যবস্থার ওপর নির্ভরশীল।
- অংশগ্রহণকারীদের তিনটি দলে ভাগ হতে বলুন, প্রত্যেক দলকে একটি বিষয় বেছে নিতে বলুনঃ উদ্ভিদ, প্রাণী ও পতঙ্গ, এবং জলজ জীবন।
- যে দল উদ্ভিদ নিয়ে কাজ করবে তাদেরকে একটি ঝুড়ি দিন এবং নদীর পাড় থেকে বিভিন্ন ধরনের উদ্ভিদ সংগ্রহ করতে বলুনঃ বনজ এবং চাষ করা ফল ও সবজি, ঔষধি উদ্ভিদ, পাতা এবং ঘাস যা আমরা প্রতিদিনের জীবনে ব্যবহার করি।

- যে দল প্রাণী ও পতঙ্গ নিয়ে কাজ করবে তাদের কাছে যেন মোবাইল ফোন বা ক্যামেরা থাকে তা নিশ্চিত করুন এবং তাদের বলুন যে তারা বিভিন্ন ধরনের প্রাণীর ছবি তুলবে, যেমন পাখি বা পতঙ্গ যা তারা নদীর আশেপাশে দেখতে পায়। এ কার্যক্রমের ফলে যাতে কোনো ধরনের প্রাণী ক্ষতিগ্রস্ড়না হয় তা নিশ্চিত করুন।
- জলজ জীবন নিয়ে কাজ করা দলকে একটি জাল দিন এবং তাদের বলুন যে তারা যেন বিভিন্ন গভীরতায় সেটি নিমজ্জিত করে এবং পানি থেকে তুলে নার পর জালটিকে নদীর পাড়ে পরিষ্কার করে। তাদের জালে যদি কোন মাছ, চিংড়ি, শামুক, বা পতঙ্গ ধরা পড়ে তাহলে সেগুলোর ছবি তুলবে। ছবি তোলার পর তাদেরকে অবশ্যই নিরাপদে তাদের পূর্বের অবস্থানে ফিরিয়ে দিতে হবে। একই সাথে এ দল যাতে জলজ উদ্ভিদের নমুনা নিয়ে আসে তাও নিশ্চিত করতে হবে।
- এই তিন দলকে নদীর দিকে নেতৃত্ব দিন এবং তারা যখন তাদের নমুনা সংগ্রহ করছে তখন তা পর্যবেক্ষণ করুন। যখন শেষ হয়ে যাবে তখন তিন দলকে তিনটি স্বচ্ছ কাচের জার দিন এবং বলুন তারা যাতে বিভিন্ন গভীরতার বিভিন্ন উৎস থেকে পানির নমুনা সংগ্রহ করে।
- ক্লাস রুমে ফেরত আসার পর প্রত্যেক দলকে বলুন যে তারা যা সংগ্রহ করেছে সেগুলো যেন আলাদা আলাদা করে একটি বড় টেবিলে উপস্থাপন করে। যারা যারা জলজ জীবের ছবি তুলেছে তাদের কাছ থেকে সঞ্চালক ছবি গুলো সংগ্রহ করবে এবং সেগুলোকে একটি পাওয়ারপয়েন্ট স্লাইডে যুক্ত করে নেবে মধ্যাহ্নভোজ বিরতির সময়।

**১১:৩০-১২:০০**

অংশগ্রহণকারীদের পরিস্কার হবার সময় দিন এবং তাদের তোলা ছবি সঞ্চালকের সাথে সেয়ার করতে দিন।

**১২:০০-১:৩০**

**মধ্যাহ্নভোজের বিরতি।**

**১:৩০-৩:১৫**

**বাস্তুসংস্থানের উপর দলীয় উপস্থাপনা**

- প্রত্যেক দলকে সকলের সামনে উপস্থাপন করতে বলুন। নিচের প্রশ্নসমূহ করার মাধ্যমে তথ্য বের করে আনুনঃ
- উদ্ভিদ দলঃ কোন উদ্ভিদে কমিউনিটির জন্য প্রয়োজনীয় গুণাবলী আছে যেমন খাবার, ঔষধ বা গৃহস্থালি সামগ্রী প্রস্তুত, ইত্যাদি? এসব চাষ করার জন্য বা সংগ্রহ করার জন্য মূলত কারা দায়িত্ব পায়? উদ্ভিদসমূহ ব্যবহার করার জন্য কারা দায়িত্বপ্রাপ্ত এবং এসব উদ্ভিদ ব্যবহার করার জন্য তাদের কি ধরনের জ্ঞান রয়েছে? তারা কি শুধু পরিবারের মধ্যে ব্যবহার করে নাকি বাজারজাত করে? কোন ধরনের উদ্ভিদের অনেক বেশি পানি প্রয়োজন হয় এবং কোন ধরনের উদ্ভিদ খরার মধ্যে বাঁচতে পারে? নদীর পরিবর্তন কি উদ্ভিদসমূহের প্রাপ্যতার উপর কোন প্রভাব ফেলছে? যদি প্রভাব ফেলে থাকে তাহলে এ ধরনের প্রভাব কমিউনিটিতে কি ধরনের পরিবর্তন বা প্রভাব ফেলছে, কিভাবে?
- প্রাণী, পাখি এবং পতঙ্গ দলঃ আপনি নদীতে কোন কোন ধরনের প্রজাতি দেখতে পাচ্ছেন? স্বাস্থ্যবান নদীর ওপর এই প্রজাতি কিভাবে নির্ভরশীল? এরা কি বছরের বিভিন্ন সময়ে এখানে আসে নাকি শুধু দিনে বা রাতে তাদের দেখতে পাওয়া যায়? সাম্প্রতিক সময়ে তাদের সংখ্যার কি কোনো পরিবর্তন ঘটেছে? কিভাবে পরিবর্তন হয়েছে? নদী যদি শুকিয়ে যায় বা দূষিত হয়, তাহলে তা এই প্রজাতিগুলোকে কিভাবে প্রভাবিত করে?
- জলজ জীবন দলঃ আমাদের নদীগুলোতে কত ধরনের বিভিন্ন প্রজাতির জীব বাস করে? এর মধ্যে কোনগুলো আমাদের সমাজে ব্যবহার করা হয়, কিভাবে? প্রাথমিকভাবে তাদের ধরার জন্য কারা দায়িত্বশীল এবং তাদের প্রস্তুত করার জন্য কারা দায়িত্বশীল? এদেরকে কি শুধু পরিবারের মধ্যে ব্যবহার করা হয় নাকি বাণিজ্যিকভাবেও ব্যবহার করা হয়? যদি এই জীবগুলো না থাকে তাহলে আমাদের স্থানীয় অর্থনীতি এবং সুরক্ষা কে তা কিভাবে প্রভাবিত করবে?

**৩:১৫-৩:৩০**

**বিরতি**

৩:৩০-৪:৩০

## পানি বিশেষণ

- তিন দল যে তিন ধরনের পানি সংগ্রহ করেছে তা সকলকে দেখান। সকলকে জিজ্ঞাসা করুন যে কি ধরনের প্রাকৃতিক জীব এই পানিতে বসবাস করে? আপনি কি মনে করেন যে এই পানিতে এমন পদার্থ রয়েছে স্বাভাবিকভাবে এখানে থাকার কথা নয়? এ পদার্থগুলো কিভাবে এখানে প্রবেশ করেছে? এটা কি কেউ এখানে এনেছে নাকি ঝর্না থেকে এসেছে? এগুলো কি কোন ব্যক্তি বা শিল্প-কারখানা থেকে এসেছে? এগুলো কি হতে পারে? (উদাহরণ হিসেবে আসতে পারে ময়লা, মানুষ এবং অন্যান্য প্রাণীর ময়লা, কৃষি কাজে ব্যবহৃত বিভিন্ন ধরনের রাসায়নিক, বড় শহর বা শিল্প কারখানা থেকে তৈরি হওয়া দূষণ, ইত্যাদি) । অতিরিক্ত প্রশ্নঃ এখানে কি এমন কেউ আছেন যিনি মনে করেন যে এই পানি পান করা নিরাপদ? যদি না হয়, তাহলে পূর্বে কি তা পান করা নিরাপদ ছিল? এটি কখন পরিবর্তন হয়েছে? আমরা কি নিরাপদে এই পানিতে সাঁতার কাটতে পারি এবং ধোয়ার
- কাজে এই পানি ব্যবহার করতে পারি? এই পানি কি মানুষের বা অন্য কোন প্রাণীর কোন ধরনের রোগের কারণ হয়েছে? বছরের কোন সময়ে এই পানি সবচেয়ে বেশি দূষিত থাকে? যদি আমাদের নিরাপদ পানির আর কোনো উৎস না থাকে তাহলে কি হতে পারে?
- যদি সম্ভব হয় তাহলে স্থানীয় কোন বিজ্ঞান শিক্ষকের সাহায্য নিন পানির গুণগতমান পরীক্ষা করার জন্য। যেমন পানির রং, গন্ধ, স্বাদ, মোট দ্রবীভূত পদার্থ, মোট বহির্ভূত পদার্থ, এসিডিটি (পিএইচ), ইলেকট্রিক কন্ডাক্টিভিটি, এবং ই-কলাই টেস্ট। পানিতে কি কোন দৃশ্যমান রঙের পরিবর্তন দেখা যাচ্ছে, কটু গন্ধ, অনেক উচ্চ টিডিএস অথবা অস্বাভাবিক পিএইচ। এটি খুব খারাপ ভাবে মানুষ, মাছ বা ফসলের ক্ষতি করতে পারে এবং এই পানিকে স্বীকৃত পরীক্ষাগারে পরীক্ষা করা উচিত।
- অংশগ্রহণকারীদের জিজ্ঞাসা করুন যে তারা এমন কোন ব্যক্তি বা অফিস সম্পর্কে জানে কিনা যা স্থানীয়ভাবে পানির গুণগতমান পরীক্ষা এবং সে সম্পর্কে রিপোর্ট দেওয়ার জন্য দায়িত্বপ্রাপ্ত। তারা কি জানে কিনা যে তাদের সাথে কিভাবে যোগাযোগ করতে হবে? কেউ কি পানির গুণগত মান সম্পর্কে রিপোর্ট দেয়ার বিষয়ে কখনও অভিজ্ঞতা লাভ করেছে? যদি হয়ে থাকে, কি হয়েছিল? এ সম্পর্কে পরবর্তী কোন যোগাযোগ হয়েছিল?
- মানব জীবন এবং অন্যান্য সকল জীবনের উপর নদীর প্রভাব সম্পর্কে সারমর্ম তুলে ধরে আজকের কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করুন। স্থানীয় জীবন ব্যবস্থা, খাদ্য নিরাপত্তা, স্বাস্থ্য, সংস্কৃতি, আধ্যাত্মিকতা এবং স্থানীয় অর্থনীতির ওপর এর প্রভাব সম্পর্কে আলোকপাত করুন। অংশগ্রহণকারীদের বলুন যে সামনের দিনগুলোতে আমরা আমাদের পানিসম্পদ নিয়ে কীভাবে এবং কী ধরনের সিদ্ধান্ত নেয়া হয় সে সম্পর্কে বিস্তারিতআলোচনা করব। আমরা আরো আলোচনা করবো যে এই সিদ্ধান্ত যাতে আমাদের সমাজের কাজে লাগে সেজন্য আমরা দলগতভাবে কি ধরনের ভূমিকা রাখতে পারি এবং আমাদের এবং সকল জীবের জন্য স্বাস্থ্যবান নদী নিশ্চিত করতে আমরা কি করতে পারি।

**বাড়ির কাজঃ**
অংশগ্রহণকারীদের বলুন যে তাদের বিকালের খাবারের ছবি তুলতে অথবা ছবি আঁকতে যাতে তারা তাদের খাবারের কোন কোন অংশ নদীর বাস্তুসংস্থানের সাথে সম্পর্কিত সে সম্পর্ক খুঁজে বের করতে পারে।

## মডিউল ৩

# আমাদের নদীর বাস্তুসংস্থানের পরিবর্তন, ক্ষমতার উৎস

**উদ্দেশ্যসমূহঃ**

- স্থানীয় নদীসমূহের বাস্তুসংস্থানের ঐতিহাসিক পরিবর্তন সম্পর্কে জানা
- এই পরিবর্তন সমূহের কারণ সম্পর্কে জানা
- এই পরিবর্তনসমূহ কিভাবে লোকালয়ে পানির উৎসসমূহকে প্রভাবিত করেছে সে সম্পর্কে জানা
- পানি ব্যবস্থাপনার সাথে সম্পর্কিত ক্ষমতার উৎস সম্পর্কে ধারণা প্রদান করা।

**উপকরণসমূহঃ**

- বোর্ড
- রঙিন মার্কার
- পোস্টার পেপার
- রং পেন্সিল

**৯:০০-৯:১৫**

গতকালের পাঠ পুনরালোচনা করুন। একটি ওড়নাকে ১০ বা তার অধিক গিট দিন। অংশগ্রহণকারীদের একটি বৃত্তে দাড়াতে বলুন, এবং বাজনা বাজান। ওড়নাটি একজনের কাছ থেকে অন্য জনের কাছে হস্ড়ান্ড়র করুন। ওড়নাটি যখন একজনের হাতে থাকবে তখন তিনি একটি গিট খোলার চেষ্টা করবেন এবং গিট খোলার পর অন্যকে দিবেন। প্রতি এক বা দুই মিনিট অন্ড়র অন্ড়র বাজনা বন্ধ করুন। বাজনা বন্ধ করার সময় ওড়নাটি যার হাতে থাকবে তাকে অবশ্যই পূর্ববর্তী দিনের পাঠ থেকে শেখা একটি বিষয় স্মরণ করতে হবে এবং দলের সাথে তা শেয়ার করতে হবে।

**৯:১৫-৯:৩০**

অংশগ্রহণকারীদের পূর্ববর্তী রাতের খাবার এবং আজকের সকালের খাবারের ছবি দেখাতে বলুন। তাদের প্রত্যেককে জিজ্ঞেস করুন যে তারা যে খাবার খেয়েছে তা কিভাবে একটি সুস্থ বাস্তুসংস্থান সম্পন্ন নদীর সাথে সম্পর্কিত। কি হবে যদি নদী সুস্থ বা ভাল না থাকে?

**৯:৩০-১০:৩০**

**আমাদের জীবনকালে পরিবর্তন**

- অংশগ্রহণকারীদের নদী সম্পর্কে তাদের প্রথম জীবনের স্মৃতি স্মরণ করতে বলুন। অংশগ্রহণকারীদের জোড়ায় ভাগ করুন, এবং প্রত্যেকে প্রত্যেকের সাথে নদী সম্পর্কিত তাদের স্মৃতি পাঁচ মিনিট ধরে আলোচনা করতে বলুন। প্রত্যেকে গভীর মনোযোগের সাথে শোনার দক্ষতা যা আমরা গতকাল শিখেছিলাম তা কাজে লাগাবে।

- প্রত্যেক অংশগ্রহণকারীকে একটি বড় কাগজ দিয়ে তাদেরকে বলুন তারা যেন তাদের স্থানীয় কমিউনিটি এবং নদী সম্পর্কে বিস্তারিতআঁকে।
- কাগজের উপরের অর্ধাংশে তাদের আঁকতে বলুন যে পূর্বে তাদের লোকালয় এবং নদী দেখতে কেমন ছিল।
- প্রত্যেককে বলুন যে তারা তাদের লোকালয় এবং নদীতে কি কি ধরনের পরিবর্তন দেখেছে তা যেন কাগজের নিচের অংশে আঁকে। এগুলো কি একই রকম আছে? যদি না থাকে তাহলে কি ধরনের পরিবর্তন হয়েছে?

**১০:৩০-১০:৪৫** **বিরতি**

**১০:৪৫-১২:০০** **উপস্থাপনা**

- ছবি আঁকা শেষ হলে, প্রত্যেক অংশগ্রহণকারীকে বড় দলে যেতে বলুন এবং প্রত্যেককে বলুন তারা যা এঁকেছে তা যেন সকলের সামনে উপস্থাপন করেন এবং ব্যাখ্যা করেন যে এগুলো কিভাবে পরিবর্তিত হয়েছে। প্রত্যেক অংশগ্রহণকারীকে উপস্থাপনের জন্য দুই মিনিটের মত সময় দিন।
- প্রত্যেক অংশগ্রহণকারী উপস্থাপন শেষ করার পর, অন্যদের প্রশ্ন করার জন্য এবং তাদের মতামত জানানোর জন্য আমন্ত্রণ জানান। সঞ্চালক চাইলে নির্দিষ্ট কোন বিষয়ের বা পরিবর্তনের ওপর প্রশ্ন করার মাধ্যমে আলোচনা শুরুকরতে পারেন, যেমন তারা তাদের জীবনে যে পরিবর্তন দেখেছে তা কি ভালো না খারাপ, এবং এই পরিবর্তন কিভাবে নদীর উপর নির্ভরশীল মানুষের জীবনে প্রভাব ফেলেছে। কেউ কেউ কি অন্যদের চেয়ে বেশি প্রভাবিত হয়েছে, যেমন নারী, মৎস্যজীবী, নদীর তীরবর্তী কৃষক ইত্যাদি?
- যখন অংশগ্রহণকারীরা উপস্থাপন করবে তখন তাদের উপস্থাপনার মধ্য থেকে নদীর বাস্তুসংস্থান পরিবর্তনের মূল বিষয়গুলো বোর্ডে লিখে রাখুন। এর মধ্যে থাকতে পারেঃ জনসংখ্যা বৃদ্ধি, বৃহৎ স্থাপনা, যাবার রাস্ড়্, সেতু এবং বাঁধ, খনি এবং অন্যান্য শিল্প কারখানা, ব্যবসায়িক কার্যক্রম, ঋতু পরিবর্তন, একই ফসল বারবার চাষ করা, কীটনাশকের অতি ব্যবহার ইত্যাদি।
- অংশগ্রহণকারীদের আঁকা ছবিগুলো  রুমের চারদিকে লাগিয়ে রাখুন, ছবিগুলোর সারমর্ম আলোচনা করুন এবং তাদের বুঝিয়ে বলুন যে সামনের দিনগুলোতে আমরা কারা কারা এই পরিবর্তন এনেছে তা নিয়ে আলোচনা করব, একইসাথে এ পরিবর্তনের ফলে কারা লাভবান এবং কারা ক্ষতিগ্রস্ড় হয়েছে এবং আমরা আমাদের পানিসম্পদ ব্যবস্থাপনায় কিভাবে নিজেদের মতামত তুলে ধরতে পারি সেসব বিষয় নিয়ে বিস্তারিতআলোচনা করব।

**১২:০০-১:৩০** **মধ্যাহ্নভোজের বিরতি**

**১:৩০-২:৩০** **ক্ষমতার উৎস**

অংশগ্রহণকারীদের তাদের সমাজে ক্ষমতার উৎস সম্পর্কে ভাবতে বলুন। সমাজে সর্বোচ্চ ক্ষমতাধর লোকজন কারা এবং তাদের বৈশিষ্ট্য সমূহ কি? এদের মধ্যে থাকতে পারে অর্থ, শিক্ষা, রাজনৈতিক অবস্থান, ধর্ম, গোত্র, লিঙ্গ, বয়স, পরিবার, জ্ঞান, সম্মান ইত্যাদি। অংশগ্রহণকারীদের উত্তর লিখুন এবং পরবর্তী সেশন এর জন্য উত্তরসমূহ সংরক্ষন করুন।

- বাহিরে যান এবং অংশগ্রহণকারীদের বলুন যে তাঁরা যেন একে অন্য দিকে মুখ করে দাঁড়িয়ে ২ টি লম্বা লাইন তৈরি করে। লাইনের এক পাশের মানুষদের বসতে অথবা উবু হতে বলুন, তার মুখোমুখি অপর লাইনের ব্যক্তিটি দাঁড়িয়ে থাকবে। একে অন্যের চোখের দিকে নিঃশব্দে ১০ সেকেন্ড তাকিয়ে থাকবে। এরপর অন্যপাশের ব্যক্তি একই কাজ করবে।
- অংশগ্রহণকারীদের একটি বৃত্তে দাড়াতে বলুন এবং তাদের জিজ্ঞেস করুন যে এই অনুশীলনটি তাদের কেমন লেগেছে। এটা কি অস্বস্থিকর বা অদ্ভুত ছিল? আপনি কি যখন দাঁড়ানো অবস্থায় ছিলেন তখন নাকি যখন বসা অবস্থায় ছিলেন তখন বেশি অস্বস্ড়ি অনুভব করেছেন? কেন?
- দ্বিতীয় খেলার জন্য, অংশগ্রহণকারীদের জোড়ায় জোড়ায় ভাগ হতে বলুন। জোড়ার একজন তার হাতটি অপরজনের মুখ থেকে কয়েক ইঞ্চি দূরে তুলে ধরবে। যখন একজন তার হাত

নাড়াবেন, তখন অন্যজন তা অবশ্যই অনুসরণ করবেন। অংশগ্রহণকারীদের বলুন তারা যাতে পর্যাপ্ত সময় নিয়ে এবং সম্ভাব্য সকল উপায়ে তাদের হাত নাড়ায়। একজনের শেষ হলে অন্য জনকে করতে বলুন।

- খেলা শেষ হওয়ার পর, নিচের প্রশ্নগুলোর মাধ্যমে সবাইকে তাদের অনুভূতি ব্যক্ত করার জন্য আমন্ত্রণ জানানঃ
  - খেলাটি কি আপনার জন্য মজাদার ছিল? খেলাটি কি আপনাকে অস্বস্তিতে ফেলেছে?
  - আপনি কি নেতৃত্ব দিতে নাকি অনুসরণ করতে পছন্দ করেন?
  - আপনার সঙ্গী কি খেলার যে কোন মূহুর্তে আপনাকে অনুসরণ করতে অনিচ্ছা প্রকাশ করেছিল বা অনুসরণ করা বন্ধ করে দিয়েছিলো?
  - এই অনুশীলনের মাধ্যমে আপনি ক্ষমতা সম্পর্কে কি ধরনের ধারণা পেয়েছেন?
  - এই অনুশীলন কিভাবে পরিবারে বা সমাজে আমাদের সম্পর্কগুলো সম্পর্কে ধারণা দেয় এবং যে বিষয়গুলো আমাদের জীবনকে প্রভাবিত করে সেগুলোর সিদ্ধান্ত গ্রহণ সম্পর্কে কি ধারণা দেয়?

আলোচনার পর, ব্যাখ্যা করুন যে পরবর্তী সময়ে আমরা ক্ষমতা ভিত্তিক সম্পর্ক নিয়ে আলোচনা করব, আমাদের প্রাকৃতিক সম্পদ সমূহের উৎসগুলোর বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা আমাদের জন্য কতটা গুরুত্বপূর্ণ, বিশেষ করে আমাদের নদী এবং পানি সম্পর্কিত বিষয়গুলোতে সে নিয়ে সম্পর্কে আমরা বিস্তারিতজানবো। একই সাথে আমরা আলোচনা করব যে আমরা কীভাবে আরও ক্ষমতা এবং আত্মবিশ্বাস অর্জন করতে পারি যাতে আমরা যেই সিদ্ধান্ত গ্রহণ করব সেই সিদ্ধান্তগুলো সকলের জন্য উপকারী হয়।

**২:৩০-৩:৩০**

- শ্রেণিকক্ষে ফেরত আসুন এবং নিচে উলিখিত তিন ধরনের ক্ষমতা সম্পর্কে আলোচনা করুনঃ
  - ক্ষমতার প্রয়োগ (যখন কোন ব্যক্তি বা দল তাদের ক্ষমতার উৎস অন্য ব্যক্তিকে নিয়ন্ত্রণ বা অন্য কোন ব্যক্তি বা দলের জন্য সিদ্ধান্ত গ্রহণের কাজে ব্যবহার করে। এর উদ্দেশ্য থাকে লক্ষ্য অর্জন)
  - ক্ষমতা ভাগ করা (যখন কোন ব্যক্তি বা দল তাদের ক্ষমতা অন্য ব্যক্তিকে সহায়তা করার জন্য ব্যবহার করে, এটা হতে পারে সম্পদ ভাগ করা বা একত্রে কোনো সিদ্ধান্ত গ্রহণ করা। এর উদ্দেশ্য থাকে মূলত প্রক্রিয়া)
  - অন্তর্নিহিত ক্ষমতা (কোন ব্যক্তি বা দলের অন্তর্নিহিত ক্ষমতা যা ব্যাক্তি নিযে নিজে অর্জন করে বা ভয় দূর করতে এবং অহিংস উপায়ে ইতিবাচক পরিবর্তন আনতে ব্যবহার করে।)
- ক্ষমতার প্রয়োগকে লাল কালিতে, ক্ষমতা ভাগ করাকে কালো কালিতে, এবং অন্তর্নিহিত ক্ষমতাকে নীল কালিতে দাগান্বিত করুন।
- অংশগ্রহণকারীদের হাতে লাল, কালো, এবং নীল মার্কার দিন এবং তাদের বলুন যে পূর্বের সেশনে বোর্ডে আমরা যে ক্ষমতার উৎসগুলো লিখেছিলাম সেগুলোর কাছে যেতে। অংশগ্রহণকারীদের বলুন তাদের কাছে যে শব্দগুলো ক্ষমতার প্রয়োগ মনে হয় সেগুলো কে লাল কালিতে, যে শব্দগুলোকে ক্ষমতা ভাগ করা মনে হয় সেগুলোকে কালো কালিতে এবং যে শব্দগুলোকে অন্তর্নিহিত ক্ষমতা বলে মনে হয় সেগুলোকে নীল কালির বৃত্তের ভেতর নিয়ে আসতে।
- মনে রাখবেন অনেক ধরনের শব্দই এই তিন ধরনের ক্ষমতার সাথে সম্পর্কিত হতে পারে। যেমন শিক্ষা খুব সহজেই ক্ষমতার প্রয়োগ করতে ব্যবহার করা যেতে পারে, কিন্তু একই সাথে আপনি শিক্ষার দ্বারা ক্ষমতার ভাগাভাগি করতে পারেন, এবং শিক্ষা অন্তর্নিহিত ক্ষমতা এবং সাহসের একটি অন্যতম উৎস।
- অংশগ্রহণকারীদের জিজ্ঞেস করুন যে তারা কোন শব্দের জন্য কোন রং ব্যবহার করেছে এবং কেন? অংশগ্রহণকারীদের জিজ্ঞেস করুন যে তারা যে ক্ষমতা চিহ্নিত করেছে তা কি ভালো না খারাপ, আলোচনা করুন যে আমরা কিভাবে আমাদের ক্ষমতা বিভিন্ন ভাবে ব্যবহার করতে পারি বিভিন্ন উদ্দেশ্য সফল হওয়ার জন্য।

**৩:৩০-৩:৪৫** **বিরতি**

**৩:৪৫-৪:৩০**

প্রতি দলে তিন থেকে চারজন করে রেখে অংশগ্রহণকারীদের কয়েকটি দলে ভাগ করুন। অংশগ্রহণকারীদের জিজ্ঞাসা করুন তাদের এমন একটি অভিজ্ঞতা শেয়ার করতে যেখানে কেউ তাদের ওপর ক্ষমতার প্রয়োগ করেছে। এই পরিস্থিতি থেকে উদ্ধার পাবার জন্য তারা কি ধরনের অন্তর্নিহিত ক্ষমতা বা অন্য কারো ক্ষমতার সাহায্য নিয়েছে? প্রত্যেক অংশগ্রহণকারীকে আলোচনার জন্য ৫ মিনিট সময় দিন এবং সকলকে বলুন যাতে তারা মনোযোগের সাথে শোনার দক্ষতা ব্যবহার করে। শেষ করার পর বড় দলে ফেরত আসুন এবং সবাইকে বলুন তাদের নিজ নিজ অভিজ্ঞতা শেয়ার করার জন্য।

প্রতিদিনের কর্মকাণ্ডের জন্য নারীরা পানিসম্পদের উপর অনেক বেশি পরিমাণে নির্ভরশীল যেমন খাবার পানি সংগ্রহ করা এবং গোসল বা অন্যান্য ঘরের কাজে ব্যবহারের জন্য পানি ব্যবহার করা, কাপড় ধোয়া, ফসলে পানি দেয়া, বাগান করা, নদী এবং নদীর তীরবর্তী এলাকা থেকে প্রয়োজনীয় বৃক্ষ, মাছ এবং অন্যান্য প্রাণী সংগ্রহ করা। বিভিন্ন স্থানে ধর্মীয় কাজেও নারীরা পানি ব্যবহার করেন। যদিও নারীরা অনেক বেশি পানি ব্যবহার করেন তবুও পানিসম্পদ ব্যবস্থাপনায় মুখ্য ভূমিকা পালন করে পুরুষেরা। যার ফলে, নারীদের ভূমিকা প্রায়ই ছোট করে দেখা হয় বা উপেক্ষা করা হয়, এমনকি তাদের প্রয়োজন অনেক সময় পূরণ হয়না এবং তাদের অসুবিধা নিয়ে কেউ ভাবেনা।

কমিউনিটি ব্যবস্থাপনায় লিঙ্গ সমতা এবং সমবিভাজন নিয়ে কাজ করার পূর্বে, আমরা সমাজে এবং আমাদের সংস্কৃতিতে নারী ও পুরুষের দৃষ্টিভঙ্গি নিয়ে আলোচনা করব। আমরা আলোচনা করব যে যেখানে জৈবিক ভিন্নতা নির্দিষ্ট, সেখানে সামাজিক ভিন্নতা পরিবর্তিত হতে পারে, এবং পানির সমবন্টন এবং পানিসম্পদ ব্যবস্থাপনায় নারী ও পুরুষ সমান ভাবে কাজ করতে পারে।

## মডিউল ৪

# পানিসম্পদ ব্যবস্থাপনায় লিঙ্গ এবং ক্ষমতা।

**উদ্দেশ্যসমূহঃ**

- জেন্ডার এবং সেক্স এর মধ্যে পার্থক্য সম্পর্কে জানা
- লিঙ্গ সমতা বিষয়ে সচেতনতা তৈরি করার গুরুত্ব
- পানিসম্পদ ব্যবস্থাপনায় লিঙ্গ ভিত্তিক বৈষম্যের পার্থক্য বুঝতে পারা
- অংশগ্রহণকারীদের মধ্যে পারস্পরিক নির্ভরশীলতা তৈরি করা

**উপকরণসমুহঃ**

- বোর্ড
- পোস্টার পেপার
- মার্কার
- কম্পিউটার
- প্রজেক্টর

**৯:০০-৯:১৫**

### এনার্জাইজার

সকলকে একটি বৃত্তে দাঁড়াতে বলুন। সঞ্চালক তার বাম পাশের অংশগ্রহণকারীর দিকে তাকাবেন এবং হাততালি দিবেন, এবং অংশগ্রহণকারীকে বলবেন যাতে তিনিও সঞ্চালকের দিকে তাকিয়ে একই সময়ে হাততালি দেন। এরপর অংশগ্রহণকারী দ্রুত তার বাম পাশের অংশগ্রহণকারীর দিকে ফিরবে এবং তারা উভয়ে একই সময়ে হাততালি দেবে। এভাবে চলতে থাকবে এবং অংশগ্রহণকারীদের উৎসাহ দিবেন যাতে তারা দ্রুততার সাথে হাততালি দেয়। হাততালি ঘুরে আবার যখন সঞ্চালকের কাছে আসবে তখন সবাইকে অবাক করে দিয়ে সঞ্চালক হাততালির দিক পরিবর্তন করবেন এবং ডান পাশ থেকে শুরুকরবেন, সবাই হাততালি দেওয়া শুরুকরবে এবং দ্রুত থেকে দ্রুততার সাথে সম্পন্ন করবে। এভাবে কয়েকবার দিক পরিবর্তন করে খেলাটি চলতে থাকবে।

**৯:১৫-১০:৪৫**

### আমাদের কমিউনিটি তে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা

- অংশগ্রহণকারীদের তাদের সমাজে চিহ্নিত কিছু ক্ষমতার উৎস নিয়ে চিন্তা করে পূর্ববর্তী সেশনের উপর আলোকপাত করতে বলুন। বোর্ডে দুইটি কলাম যুক্ত একটি ছক তৈরি করুন, প্রথম কলামে লিখুন “বেশি ক্ষমতা” এবং দ্বিতীয় কলামে লিখুন “কম ক্ষমতা” ।
- অংশগ্রহণকারীদের চিন্তা করতে বলুন যে একটি বড় উন্নয়ন প্রকল্প তাদের কমিউনিটিতে আসছে যা তারা বর্তমানে তাদের এলাকার নদীটি যেভাবে ব্যবহার করে তা পরিবর্তন করবে। ঐতিহ্যগতভাবে, এই ধরনের কর্মকাণ্ডে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কার হাতে বেশি থাকে? যখন অংশগ্রহণকারীরা উত্তর বলবে, তখন সেগুলোকে অধিক ক্ষমতা সম্পন্ন কলামে লিখুন। এর মধ্যে থাকতে পারে পুরুষ, বয়স্ক, স্থানীয় নেতা, ধর্মীয় নেতা, স্থানীয় রাজনীতিবিদ, সংসদ সদস্য, বিশ্ববিদ্যালয় থেকে পাস করা মানুষ, এমন মানুষ যারা

ইংরেজিতে বা নিজ ভাষায় সাবলীলভাবে কথা বলতে পারেন, ধর্মীয় বা জাতিসত্তায় বেশি এমন মানুষজন ইত্যাদি।

- এবারে অংশগ্রহণকারীদের জিজ্ঞেস করুন যে সাধারণত কোন দলের এ ধরনের সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা থাকে। যখন অংশগ্রহণকারীরা উত্তর বলবে, তখন তা বোর্ডের কম ক্ষমতাসম্পন্ন কলামে লিখুন। এদের মধ্যে থাকতে পারে নারী, যুবক-যুবতী, কৃষক, মৎস্যজীবী, প্রান্তিক জনগোষ্ঠী, কম প্রাতিষ্ঠানিক শিক্ষা সম্পন্ন মানুষ, ধর্মীয় এবং জাতিগত ভাবে পিছিয়ে পরা মানুষ, শারীরিক অক্ষমতা সম্পন্ন মানুষ ইত্যাদি। অংশগ্রহণকারীরা তাদের মতামত প্রদান করতে গিয়ে যদি আটকে যায়, তাহলে সঞ্চালক বিভিন্ন প্রশ্ন করে তাদের সাহায্য করতে পারেন যেমন, আমাদের সমাজে মৎস্যজীবীদের ক্ষমতা কম না বেশি?

অনুশীলনটি সমাপ্ত করুন সারসংক্ষেপ তৈরি করার মাধ্যমে যে সাধারণত তারাই পানিসম্পদের ওপর সিদ্ধান্ত নিয়ে থাকে যাদের প্রত্যাহিক জীবনে পানির সাথে সংস্পর্শ অনেক কম। উদাহরণস্বরূপ, একজন মা যিনি প্রতিদিন নদী থেকে খাবার পানি সংগ্রহ করেন তিনি কি পানির পথ পরিবর্তনের কোন প্রকল্পের সাথে যুক্ত থাকেন? একজন মৎস্যজীবীকে কি জিজ্ঞেস করা হয় যে নদীর কোথায় বাঁধ দেওয়া সবচেয়ে ভালো হবে?

সামনের দিনগুলোতে, আমরা মূল প্রশ্নগুলো আলোচনা করবঃ পানি ব্যবস্থাপনা কেমন হবে যদি আমরা প্রত্যাহিক জীবনে যারা বেশি পরিমাণে পানি ব্যবহার করে তাদেরকে সিদ্ধান্ত গ্রহণের জন্য সমান সুযোগ বা ক্ষমতা দেই?

**১০:৪৫-১১:০০** **বিরতি**

**১১:০০-১২:০০** **জেন্ডার ক্লক গেম**

- একটি কক্ষের টেবিল এবং চেয়ার সরিয়ে ফেলুন এবং শুধু নারীদের এবং শুধু পুরুষদের দুইটি দল তৈরি করুন। নারীদের কক্ষের একপাশে বসতে বলুন এবং পুরুষদের কক্ষের অন্যপাশে দাঁড়াতে বলুন।
- সঞ্চালক ঘন্টা হিসেব করে বলবেন, যার শুরুহবে ভোর ৩ টা থেকে। প্রথমে পুরুষদের বলবেন যে সঞ্চালক যে সময় উচ্চারণ করবেন, এই সময়ে তারা কি করে তা অভিনয় করে দেখাতে। কোন দল কোন শব্দ উচ্চারণ করবে না। এভাবে প্রতি ঘন্টায় ঘন্টায় একবার উচ্চারণ করে সেসময় পুরুষরা কি করছে তা দেখাতে বলুন। তাদেরকে বলুন মূলত ঘরের কাজের দিকে লক্ষ্য রাখতে এবং তারা কিভাবে পানির ব্যবহার করে সেদিকে লক্ষ্য রাখতে।
- একবার যখন আপনি পুরুষদের সাথে ২৪ ঘণ্টা শেষ করবেন তখন তাদেরকে বসতে বলুন এবং মহিলাদেরকে দাঁড়াতে বলুন। তাদেরকেও প্রতি ঘন্টায় ঘন্টায় তারা কি কাজ করে তা আপনি উচ্চারণের সাথে সাথে দেখাতে বলুন।
- যখন উভয় দল সম্পন্ন করবে তখন প্রত্যেককে তাদের প্রতিক্রিয়া জানাতে বলুন। নারী ও পুরুষের কাজের মধ্যে কি ধরনের পার্থক্য খেয়াল করেছেন? এমন কিছু কি ছিল যা আপনাকে বিস্মিত করেছে? নারী ও পুরুষেরা কি স্থানীয় পানির উৎস ভিন্ন ভাবে ব্যবহার করে? এর উপর ভিত্তি করে, আপনার কি মনে হয় যে স্থানীয় পানির উৎস বা সম্পদের কোন পরিবর্তন হলে তার নারী ও পুরুষকে ভিন্নভাবে প্রভাবিত করবে? কিভাবে?

**১২:০০-১:৩০** **মধ্যাহ্নভোজের বিরতি**

**১:৩০-২:০০** **সেক্স এবং জেন্ডার সম্পর্কে জানা**

বোর্ডে "সেক্স" এবং "জেন্ডার" শব্দ দুটি লিখুন। যদি প্রশিক্ষণ সঞ্চালনের জন্য এই শব্দ দুটি রূপান্তর করা কঠিন মনে হয় তাহলে সঞ্চালক এভাবে লিখতে পারেন, " নারী ও পুরুষের শারীরিক বৈশিষ্ট্য" এবং" নারী ও পুরুষের সাংস্কৃতিক বৈশিষ্ট্য"। অংশগ্রহণকারীরা এই দুটি শব্দ

ভালোভাবে বুঝতে পেরেছে তা নিশ্চিত করার জন্য আরও ব্যাখ্যা করে বলুন যে "সেক্স" হলো নারী ও পুরুষের শারীরিক বা জৈবিক যেসব বৈশিষ্ট্য রয়েছে সেগুলো এবং "জেন্ডার" হলো নারী ও পুরুষের সামাজিক, মানসিক এবং আচরণগত বৈশিষ্ট্য। নিচের উক্তিসমূহ জোরে জোরে পড়ুন এবং অংশগ্রহণকারীদের বলতে বলুন যে এর কোনটি সেক্স বা জেন্ডারের সাথে সম্পর্কিত।

১. মহিলারা গর্ভবতী হতে পারে (সেক্স)

২. মেয়েরা সম্পদের মালিক হতে পারে না (জেন্ডার)

৩. পরিবারের অভিভাবক হলো  পুরুষ (জেন্ডার)

৪. পুরুষের বাচ্চা হতে পারেনা (সেক্স)

৫. নারীরা সিদ্ধান্তহীনতায় ভোগে (জেন্ডার)

৬. নারীর স্থান ঘরে (জেন্ডার)

স্থানীয় বিশ্বাসের ভিত্তিতে সঞ্চালক চাইলে আরো ব্যাখ্যা বা উদাহরণ যোগ করতে পারেন। ব্যাখ্যা করে বলুন যে জৈবিক এবং শারীরিক ভিন্নতার বাইরেও নারী ও  পুরুষকে ঘিরে সামাজিক ও সাংস্কৃতিক ভিন্নতা প্রত্যেক সমাজ তৈরি করে এবং এগুলো সময়ের সাথে সাথে পরিবর্তিত হয়।

**২:০০-৩:৩০**

**ক্ষমতা এবং লিঙ্গ**

- নারী ও  পুরুষকে দুটি দলে ভাগ করুন। যদি সকল অংশগ্রহণকারী একই লিঙ্গের হয় তাহলে অংশগ্রহণকারীদের জোড়ায় জোড়ায় ভাগ করুন। প্রত্যেককে চিন্তা করতে বলুন জীবনের এমন একটি ঘটনা যখন তাদের সাথে শুধুমাত্র তাদের "জেন্ডার" এর ভিত্তিতে আচরণ করা হয়েছে। উদাহরণস্বরূপ, আপনাকে বলা হয়েছে যে ছেলেরা কাঁদে না বা এই কাজটি করা মেয়েদের জন্য নিরাপদ নয়। আপনার সংস্কৃতিতে, ছেলে এবং মেয়েদের নিয়ে প্রচলিত ভূমিকা, বিশ্বাস, আশা, চিত্রকল্প এবং আচরণ কি ধরনের? এ সকল বিষয়গুলো একজন যুবতীর উপর কি ধরনের প্রভাব ফেলবে যে এই সমাজে বেড়ে উঠছে? এ সকল বিষয়গুলো একজন যুবকের উপর কি ধরনের প্রভাব ফেলবে যে এই সমাজে বেড়ে উঠছে? বড় দলে আলোচনা করার জন্য ৩০ মিনিট সময় দিন এবং জোড়ায় আলোচনা করার জন্য ৫ মিনিট সময় দিন।
- সকলকে বড় দলে একত্রিত হতে বলুন এবং তাদের মতামত সকলের সাথে বিনিময় করতে বলুন।

সঞ্চালক আলোচনা শুরুকরবে যে কিভাবে জেন্ডার এবং ক্ষমতা একে অন্যের সাথে সম্পর্কিত? এটা বলুন যেআমরা যখন জেন্ডার সম্পর্কে চিন্তা করি তখন আমরা সাধারণত মেয়েদের বিষয়ে চিন্তা করি। কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে জেন্ডার সম্পর্কিত বিশ্বাস ছেলে এবং মেয়ে উভয়কেই প্রভাবিত করে। জেন্ডার সম্পর্কিত সাংস্কৃতিক বিশ্বাস উভয়ের ক্ষেত্রেই কষ্ট, ঝগড়া, বৈষম্য এবং অবিচার করতে পারে। আমরা ভাবি যে এটা স্বাভাবিক, কিন্তু আসলেতো নয়। আমরা সকলে একত্রিত হয়ে কোন ধরনের সমাজ তৈরি করতে চাই? প্রথম দিনে অংশগ্রহণকারীদের তৈরি করা মূল্যবোধের ওপর আলোকপাত করুন।

আমরা আমাদের সমাজে কি ধরনের পরিবর্তন আনতে পারি যাতে এই পরিবর্তন আমাদের মূল্যবোধকে ভালোভাবে প্রকাশ করে? আমরা কিভাবে একত্রে কাজ করতে পারি এমন একটি সমাজ তৈরি করতে যেখানে অন্যের ওপর ক্ষমতার ব্যবহারের চেয়ে ক্ষমতার ভাগাভাগি এবং অন্তর্নিহিত ক্ষমতা বেশি থাকবে? অংশগ্রহণকারীদের দলের সাথে তাদের চিন্তা বিনিময় করতে বলুন।

**৩:৩০-৩:৪৫**

**বিরতি**

**৩:৪৫-৩:৫০**

**এনার্জাইজার:** যেকোনো একজন স্বেচ্ছাসেবককে কোন একটি খেলা বা গান দলের সাথে শেয়ার করতে বলুন।

৩:৫০-৪.৩০

**পারস্পারিক নির্ভরতা বিনির্মাণ**

- প্রত্যেককে একজন সঙ্গী খুঁজে নিতে বলুন- পুরুষ পুরুষের সাথে এবং নারী নারীর সাথে। পূর্বের আলোচনার সাথে সম্পর্ক দেখে তাদের আলোচনা করতে বলুন যে কিভাবে প্রত্যেকে তাদের নিজ নিজ জায়গা থেকে এমন কাজ করতে পারে যার ফলে সমাজে লিঙ্গ সমতা এবং সকলে সমান ক্ষমতার অধিকারী হতে পারে।
- পুরুষদের বলুন তারা যাতে এই আলোচনা করে যে নারীদের সমান ক্ষমতা এবং লিঙ্গ সমতা প্রদান করার জন্য তারা কি কি করতে পারে, যার ফলে নারীরা ভবিষ্যতে কমিউনিটিতে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা লাভ করবে।
- নারীদের এই আলোচনা করতে বলুন যে তারা কিভাবে আরো বেশি ক্ষমতা ব্যবহার করতে পারে যা তাদের জন্য সুযোগ তৈরী করতে পারে যাতে যুবতীরা ভবিষ্যতে এই কমিউনিটিতে লিঙ্গ সমতা এবং ক্ষমতা ব্যবহারের সুযোগ পায়, একইসাথে সিদ্ধান্ত গ্রহণের সুযোগ পায়।
- প্রত্যেক অংশগ্রহণকারীকে তার মতামত দেবার জন্য পাঁচ মিনিট সময় দিন, প্রতি দলকে ১০ মিনিট।
- শেষ করার পর, অংশগ্রহণকারীদের বৃত্তাকারে দাঁড়াতে বলুন, তাদের প্রত্যেককে একটি করে শপথ নিতে বলুন যা তারা আজকে থেকে নিশ্চিত করবে যে এর মাধ্যমে সমাজে লিঙ্গ সমতা তৈরি হবে। একজন অংশগ্রহণকারীরদিকে একটি বল ছুড়ে দিন, এবং তাকে তার মতামত ব্যক্ত করতে বলুন, এভাবে একজন একজন করে প্রত্যেককে বল ছুড়ে দিন এবং প্রত্যেকের মতামত জানুন।

**বাড়ির কাজঃ**

যদি সম্ভব হয়, “হোয়েল রাইডার” নামক মুভিটি দেখান যেখানে প্রথাগত মাওরি সমাজে লিঙ্গ সম্পর্কে দেখানো হয়েছে। এই মুভিতে খুবই চমৎকারভাবে দেখানো হয়েছে যে কিভাবে সাংস্কৃতিক বিশ্বাস নারীদের মতো পুরুষদের জন্যও কষ্টকর হতে পারে এবং কিভাবে সমাজে নারী ও পুরুষ ইতিবাচক পরিবর্তনের জন্য একত্রে কাজ করতে পারে। প্রশিক্ষক অংশগ্রহণকারীদের সামাজিক অবস্থান চিন্তা করে অন্য মুভি বাছাই করতে পারেন। প্রত্যেক অংশগ্রহণকারীকে বলুন তারা যেন আগামীকাল যে কোন একটি বস্তু বা একটি ছবি নিয়ে আসে যা তাদের সমাজকে প্রতিফলিত করে।

## মডিউল ৫

# কমিউনিটি সম্পদ ম্যাপিং

**উদ্দেশ্যসমূহঃ**

- কমিউনিটিতে যেসব সম্পদ এবং শক্তি ব্যবহার হয়ে থাকে সে সম্পর্কে জানা
- অংশগ্রহণকারীদের প্রত্যক্ষ অংশগ্রহণের মাধ্যমে তথ্য সংগ্রহ এবং সম্পদ ম্যাপিং এর মাধ্যমে তাদের এলাকার যে সকল সম্পদ রয়েছে সেগুলোর উপর তাদের অধিকার প্রতিষ্ঠা করা সম্পর্কে জানা
- নদী এবং প্রাকৃতিক সম্পদ নিয়ে যে সকল সংস্থা কাজ করছে তাদের সম্পর্কে জানা এবং প্রত্যক্ষভাবে তথ্য সংগ্রহ এবং অংশগ্রহণমূলক ম্যাপিং এর পদ্ধতি সম্পর্কে জানা
- কিভাবে সঠিক ব্যবস্থাপনা এবং অংশগ্রহণমূলক উন্নয়ন প্রত্যেক কমিউনিটিতে শক্তি বৃদ্ধি করে সে সম্পর্কে জানা
- অংশগ্রহণকারীদের চিন্তা করতে উদ্বুদ্ধ করা যে উন্নয়ন বলতে তারা কি বুঝেন
- স্থানীয় পানির উৎস সম্পর্কিত যেসকল সিদ্ধান্ত গ্রহণ করা হয় সেসকল সিদ্ধান্তে সকলের অংশগ্রহণ কেন জরুরি সে সম্পর্কে বুঝতে পারা।

**উপকরণসমুহঃ**

- বোর্ড
- মার্কার
- পোস্টার পেপার
- আঠাযুক্ত কাগজ
- আঁকার কাগজ
- রং পেন্সিল
- পূর্বে থেকে তৈরি করে রাখা পূর্ববর্তী এবং পরবর্তী ছবি

**৯:০০-৯:১৫**

বিভিন্ন বস্তু অংশগ্রহণকারীদের সাথে বিনিময় করুন এবং জিজ্ঞেস করুন যে এসব বস্তু আপনার কমিউনিটি সম্পর্কে কী উপস্থাপনের করে এবং এরা আপনার কমিউনিটিতে কেন গুরুত্বপূর্ণ।

**৯:১৫-১০:৩০**

পানিসম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন নিয়ে আলোচনা করার পূর্বে আমাদের সমাজে যে শক্তি এবং সম্পদ আছে সে সম্পর্কে জানা গুরুত্বপূর্ণ। দলকে ব্যাখ্যা করে বলুন যে আমাদের প্রত্যেক সমাজ সময়ের সাথে সাথে বিভিন্ন ধরনের সম্পদ গড়ে তুলেছে। মানুষজন এই সম্পদ বেঁচে থাকার জন্য এবং বিভিন্ন প্রতিকূলতার বিরুদ্ধে ব্যবহার করেছে যেমন, অনিশ্চিত আবহাওয়া, রাজনৈতিক এবং সাংস্কৃতি পরিবর্তন। এই সম্পদসমূহ কি তা সঠিকভাবে চিহ্নিত করা এবং তাদেরকে সামাজিকভাবে রক্ষা করা অতীব গুরুত্বপূর্ণ।

- কমিউনিটির নাম বোর্ডে লিখুন এবং তার চারপাশে সাতটি বড় কাগজের টুকরা বৃত্তাকারে সাজান।
- প্রাকৃতিক সম্পদ ২. মানবসম্পদ ৩. অর্থনৈতিক সম্পদ ৪. সামাজিক সম্পদ ৫. বুদ্ধিবৃত্তিক সম্পদ ৬. বস্তুগত সম্পদ ৭. আধ্যাত্মিক সম্পদ। যদি অংশগ্রহণকারীদের পড়তে অসুবিধা

হয়, তাহলে ছবি এঁকে বুঝিয়ে দিন।

- প্রত্যেকটি ভাগ ব্যাখ্যা করে বলুন, প্রত্যেকটির জন্য একটি বা দুইটি করে উদাহরণ দিন যাতে অংশগ্রহণকারীরা নিজ থেকে তাদের মতামত বিনিময়ের করতে পারে।
- প্রাকৃতিক সম্পদঃ কৃষিজমি, ফল গাছ, নদী তীরবর্তী বাগান, বনভূমি, নদী, পুকুর, খাল, সংগ্রহযোগ্য বৃক্ষ এবং ঔষধ, মাছ, প্রাণী, স্থাপনা তৈরীর প্রাকৃতিক উপাদান এবং বিভিন্ন ধরনের বনজ উপাদান।
- মানব সম্পদঃ গৃহস্থালি নির্মাণ কৌশল জানা মানুষ, মৎস্যজীবী, কৃষক, শিকারি, ব্যবসায়ী, সরঞ্জাম প্রস্তুতকারী, পোষাক প্রস্তুতকারক, চিকিৎসক, শিক্ষক, জ্ঞানী ব্যক্তি যার মধ্যে রয়েছে প্রাতিষ্ঠানিক শিক্ষা এবং স্থানীয় জ্ঞান সম্পন্ন মানুষ যারা জানে কোন ধরনের উদ্ভিদ কাজে লাগানো যায় এবং কিভাবে, কিভাবে খাবার প্রস্তুত এবং সংরক্ষণ করতে হয়, কিভাবে ঔষধি উদ্ভিদ চিনতে হয় এবং ব্যবহার করতে হয়, স্থানীয় সংস্কৃতি এবং ইতিহাস জানা বয়স্ক ব্যক্তি।
- অর্থনৈতিক সম্পদঃ টাকা, বৈদেশিক মুদ্রা (আত্মীয়-স্বজন বিদেশে কাজ করে তাদের দ্বারা প্রেরিত বৈদেশিক অর্থ), কেনাবেচার জন্য বাজার, ছোট ব্যবসা, ভ্রমণ স্থান, টাকা ধার নেওয়ার সুযোগ, আর্থিক সমিতি, ব্যাংক এবং সরকারি সহযোগিতা।
- সামাজিক সম্পদঃ সংস্কৃতি, ঐতিহ্য, অনুষ্ঠান, উৎসব সমূহ, মৌসুমী উৎসব, স্থানীয় প্রতিষ্ঠান, একতা, বন্ধু ও পরিবার, গোত্র, নারী দল, যুবদল, স্থানীয় সরকার প্রতিষ্ঠান।
- বুদ্ধিবৃত্তিক সম্পদঃ ভাষা, গান, গানের সরঞ্জাম, কবিতা, গল্প, চিত্রশিল্প, দৃষ্টিনন্দন স্থাপত্য, কাঠের কারুকাজ, গহনা।
- বস্তুগত সম্পদঃ বাড়িঘর, হাসপাতাল, বিদ্যালয়, রাস্তা, সেচ খাল, বিদ্যুতের ব্যবস্থা, যোগাযোগের যন্ত্র, পানির কল, যানবাহন, সরঞ্জাম ও যন্ত্র।
- আধ্যাত্মিক সম্পদঃ ধর্মীয় শিক্ষক, বিভিন্ন ধরনের স্থাপনা যেমন প্রার্থনার স্থান, প্রাকৃতিক পরিবেশে আধ্যাত্মিক স্থান, ধর্মীয় বন্ধ এবং অনুষ্ঠান, ধর্মীয় আচার এবং প্রার্থনা, পূর্ব পুরুষ, ধর্মীয় গান এবং লেখা।

■ অংশগ্রহণকারীদের আঠাযুক্ত কাগজ দিন এবং তাদের বলুন তাদের কমিউনিটিতে যেসমস্ত সম্পদ রয়েছে সেগুলো তারা লিখবে এবং প্রত্যেক বিভাগের নিচে সেগুলো লাগিয়ে রাখবে। যদি কেউ ছবি আঁকতে চায় বা চিহ্ন ব্যবহার করতে চায় তাহলে তাদেরকে তা করতে দিন।

■ অংশগ্রহণকারীদের যদি সাহায্যের প্রয়োজন হয়, তাহলে সঞ্চালক উপরের তালিকা থেকে বিভিন্ন উদাহরণ দিয়ে তাদের চিন্তা করতে সাহায্য করতে পারেন।

**১০:৩০-১০:৪৫** **বিরতি**

**১০:৪৫-১১:১৫** অংশগ্রহণকারীদের চারটি দলের ভাগ করুন এবং প্রত্যেক দলে নিজের একটি করে প্রশ্ন দিয়ে আলোচনা করতে বলুন।

১. **আমাদের কমিউনিটিতে কোন সম্পদ দ্বারা পরিপূর্ণ?**
২. **আমাদের কমিউনিটি তে কোন সম্পদের ঘাটতি রয়েছে?**
৩. **আমাদের কমিউনিটিকে শক্তিশালী করে গড়ে তোলার জন্য কোন ধরনের সম্পদের প্রয়োজন?**
৪. **এ সম্পদগুলোর মধ্যে কোনগুলি নিয়ে আপনি চিন্তিত? কোনগুলো ভীতিকর?**

**১১:১৫-১১:৫৫** প্রত্যেক দলকে তাদের চিন্তা সকলের সামনে উপস্থাপন করতে বলুন

**১১:৫৫-১২:০০** আলোচনা শেষ করুন এই বলে যে সকল কমিউনিটিই কোন কোন সম্পদ দ্বারা পরিপূর্ণ এবং কোন কোন সম্পদের ঘাটতি রয়েছে। সঠিক ব্যবস্থাপনা এবং অংশগ্রহণ প্রত্যেক কমিউনিটির উন্নয়নকে শক্তিশালী করে এবং আমাদের যে সম্পদ মজুদ রয়েছে তা রক্ষা করার মাধ্যমে ইতিবাচক পরিবর্তন নিয়ে আসে।

**১২:০০-১:৩০** **মধ্যাহ্নভোজের বিরতি**

**১:৩০-৩:০০** **উন্নয়ন বলতে কি বুঝায়?**

- অংশগ্রহণকারীদের বলুন তারা যাতে শান্ত হয়ে তাদের চোখ বন্ধ করে এবং তাদের কল্পনা শক্তি কাজে লাগায়। যখন তারা শান্ত হবে, তাদেরকে বলুনঃ
  - "আপনার কমিউনিটি সম্পর্কে চিন্তা করুন- আপনার পরিবার, আপনার প্রতিবেশী, আপনার গ্রামের বাসা বা শহরের সকল মানুষ। চিন্তা করেন তারা প্রতিদিন কি কাজ করেন। তাদের আশা কি, এবং তাদের দুশ্চিন্তা কি? এখন আপনার সম্পর্কে চিন্তা করুন, আপনার জমি, আপনার নদী এবং পানির উৎস, এবং আপনার কমিউনিটির লোকেরা যেসকল জায়গা ব্যবহার করে।"
- তাদের চিন্তা করার সময় অতিবাহিত হবার পর, তাদের চোখ বন্ধ করতে বলুন এবং তাদের আরো প্রশ্ন করুন। দুটি প্রশ্নের মাঝে তাদের চিন্তা করার জন্য পর্যাপ্ত সময় দিনঃ
  - আপনার কমিউনিটিতে মানুষের জীবনযাত্রা উন্নত করার জন্য কি ধরনের প্রকল্প কাজে লাগতে পারে? কি ধরনের জিনিস সবাইকে আরো স্বাস্থ্বান, সুখী এবং সকলের জন্য সুযোগ তৈরি করতে পারে?

  তাদেরকে চিন্তা করার জন্য সময় দিন।

  - "একটি প্রকল্পের বিভিন্ন সম্ভাবনা থাকতে পারে। হয়তো আপনি শিশুদের জন্য শিক্ষার চিন্তা করছেন, প্রাপ্তবয়স্কদের জন্য চাকরির প্রশিক্ষণ, বা পরিবারের জন্য ভালো খাবার। হয়তো আপনি একটি নতুন রাস্তা বা বাজারের কথা চিন্তা করছেন, বিদ্যুৎ ব্যবস্থা বা পরিষ্কার খাবার পানির কথা চিন্তা করছেন। এটা হতে পারে শুধুমাত্র আপনার কমিউনিটির জন্য বা পুরো দেশের জন্য।"
- তাদেরকে আলোচনা করার জন্য আরও কিছু সময় দেবার পর, অংশগ্রহণকারীদের বলুন তারা যাতে তাদের চিন্তা সকলের সাথে শেয়ার করেন।
- অংশগ্রহণকারীদের ৩ থেকে ৫ জনের ছোট দলে ভাগ হতে বলুন। প্রত্যেক দলকে বড় কাগজের টুকরো দিন, যেখানে উপর থেকে নিচ পর্যন্ত একটি রেখা দিয়ে কাগজটি ভাগ করা থাকবে। তাদেরকে বলুন কমিউনিটি উন্নয়ন সম্পর্কে তাদের চিন্তা গুলো নিয়ে কথা বলতে এবং এই চিন্তাগুলো কাগজের উপরিভাগে লিখতে। এ কাজে তাদের ১৫ মিনিট সময় দিন, এবং নিশ্চিত করুন যাতে প্রত্যেকের সমান অংশগ্রহণ থাকে।
- কাজ শেষে সবাইকে বড় দলে ফেরত নিয়ে আসুন এবং দলের প্রত্যেকের আঁকা প্রদর্শন করতে বলুন এবং তাদের লক্ষ্য নিয়ে কথা বলতে বলুন।
  - প্রত্যেককে শেয়ার করা শেষে, তাদেরকে চিন্তা করতে বলুন যে তাদের কমিউনিটিতে সরকার বা বিভিন্ন প্রতিষ্ঠান দ্বারা কি ধরনের উন্নয়ন প্রকল্প পরিচালিত হচ্ছে। এ নিয়ে চিন্তা করার জন্য তাদের কয়েক মিনিট সময় দিন।
  - পূর্বের ছোট দলে আবারও সবাইকে ভাগ করুন। এবার তাদের বলুন যে তাদের এলাকায় বা কমিউনিটিতে সরকার বা বিভিন্ন প্রতিষ্ঠান যে ধরনের উন্নয়ন প্রকল্প পরিচালিত করছে সেগুলো সম্পর্কে কাগজের নিচের অর্ধাংশে আঁকতে। তাদের সবাইকে বলুন যাতে এখানে যে সমস্ত প্রকল্প তারা পছন্দ করছে এবং যে সমস্ত প্রকল্প তারা পছন্দ করছেনা, উভয়ই সম্পর্কেই আঁকে।
  - প্রত্যেককে তাদের আঁকা ছবিগুলো দেয়ালে লাগাতে বলুন। সবাইকে আবারো বড় দলে একত্রিত করুন এবং প্রত্যেক ব্যক্তি বা দলকে তাদের আঁকা সম্পর্কে সবাইকে অবহিত করতে বলুন।
  - প্রত্যেকে শেয়ার করার পর, উন্নয়নের বিভিন্ন চিন্তাসমূহ নিয়ে একটি আলোচনা শুরুকরুন। যেসকল ছবিগুলো আঁকা হয়েছে তার সবগুলোই কি উন্নয়নকে চিহ্নিত করে, নাকি তাদের মধ্যে অল্প কয়েকটি? অংশগ্রহণকারীদের চিন্তাগুলো কি সরকার বা বিভিন্ন

প্রতিষ্ঠান যে সকল উন্নয়ন প্রকল্প পরিচালনা করছে তাদের মতোই নাকি তার থেকে ভিন্ন? পার্থক্য কি? এই পার্থক্যগুলোর ভিত্তি কি? একটি কমিউনিটিতে কি ধরনের উন্নয়ন হবে সে সম্পর্কে বলার অধিকার রয়েছে কার?

**৩:০০-৩:১৫** **বিরতি**

**৩:৩০-৪:৩০** **পূর্ববর্তী এবং পরবর্তী কার্যক্রম**

- অংশগ্রহণকারীদের পূর্ববর্তী ছবিগুলো দেখান। তাদেরকে সকালের করা কমিউনিটি সম্পদ কার্যক্রম এর কথা মনে করিয়ে দিন, অংশগ্রহণকারীদের জিজ্ঞেস করুন যে এই ছবিগুলোতে তাদের কমিউনিটিকে কিভাবে দেখতে পাচ্ছে? তারা কি ধরনের গৃহস্থালি পরিবেশ দেখতে পাচ্ছে? এই কমিউনিটির জীবন সম্পর্কে তাদের চিন্তা কি?
- এরপর তাদেরকে পরবর্তী ছবিগুলো দেখান এবং ছবিতে তারা কি দেখতে পাচ্ছে তা বর্ণনা করতে বলুন। কি ধরনের উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে?
- অংশগ্রহণকারীদের নারী এবং  পুরুষ হিসেবে দলে ভাগ করুন। প্রত্যেক দলকে জিজ্ঞেস করুন যে কমিউনিটিতে যে উন্নয়ন কার্যক্রম পরিচালিত হচ্ছে তা কমিউনিটি সম্পদের ওপর কি ধরনের প্রভাব ফেলবে। নারী ও  পুরুষ উভয় দলকে নদী ব্যবহারকারী হিসেবে তাদের দৃষ্টিভঙ্গি থেকে চিন্তা করতে বলুন। প্রতি দলকে চিন্তা করার জন্য ১৫ মিনিট সময় দিন।
- উভয় দলকে পুনরায় একত্রিত হতে বলুন

"উন্নয়ন" শব্দটি ব্যাখ্যা করার মাধ্যমে সেশন এর সমাপ্তি করুন। পৃথিবীর বিভিন্ন কমিউনিটিতে উন্নয়নকে বিভিন্নভাবে সংজ্ঞায়িত করা হয়। এই বিভিন্ন ধরনের উন্নয়নের সংজ্ঞা বিভিন্ন ধরনের মানুষের বিভিন্ন ধরনের বিশ্বাস, প্রাধান্য এবং ভবিষ্যৎ নিয়ে তাদের লক্ষ্য থেকে আসে। বৃহৎ উন্নয়ন প্রকল্প গুলো মূলত প্রাকৃতিক সম্পদের মাত্রাতিরিক্ত চাহিদা থেকে আসে।  বেশিরভাগ সময়ই এই ধরনের প্রকল্পগুলো "বৃহৎ ভালো বা সকলের জন্য ভালো" নামে করা হয়। এই ধরনের প্রকল্পের মূল উদ্দেশ্য থাকে "অর্থনৈতিক প্রবৃদ্ধি"। এই প্রবৃদ্ধি, বিশেষজ্ঞদের মতে সকলের জন্য লাভজনক হবার কথা, বিশেষ করে দরিদ্রদের জন্য। কিন্তু এই ধরনের প্রকল্প মানুষের জীবনে বৃহৎ আকারে পরিবর্তন নিয়ে আসতে পারে, এবং এই মানুষগুলো যে পরিবেশে বসবাস করে যেমন তাদের জীবন, বাড়িঘর, স্বাস্থ্য এবং জীবিকার ওপর প্রভাব ফেলে। কখনো কখনো এই ধরনের প্রকল্পগুলো ভালোর চেয়ে খারাপ

নিয়ে আসে বেশি। সামনের দিনগুলোতে, উন্নয়ন প্রকল্পগুলোর মাধ্যমে কিভাবে আমাদের পানিসম্পদের ওপর প্রভাব পড়েছে এবং আমাদের সম্পদের উপর প্রভাব বিস্ত্র্রর করে এমন বিষয়গুলোতে সিদ্ধান্ত গ্রহণে অংশগ্রহণ করার প্রয়োজনীয়তা সম্পর্কে আমরা আরো আলোচনা করবো[১]

1 দুপুরের সেশন এর কার্যক্রম এবং চিত্রগুলো ইন্টারন্যাশনাল একাউন্টিবিলিটি প্রজেক্ট (আইএপি) কমিউনিটি একশন গাইড থেকে অনুপ্রাণিত।

# মডিউল ৬

# পানিভিত্তিক স্থাপত্য প্রকল্পের প্রভাব এবং সুবিধা

**উদ্দেশ্যসমূহঃ**

- কমিউনিটি পানিসম্পদের সাথে সম্পৃক্ত স্থাপত্য প্রকল্পের সম্ভাব্য প্রভাব এবং সুবিধা
- অংশীদারিত্ব বিশেষণ সম্পর্কে জানা
- প্রাথমিক অংশীদারিত্ব ম্যাপিং অনুশীলন করা
- মুক্ত, প্রাথমিক, এবং অবগত সম্মতি সম্পর্কে জানা
- এডভোকেসি বা ওকালতি সম্পর্কে জানা
- এডভোকেসি বা ওকালতির জন্য কিভাবে বার্তা তৈরি করতে হয় সে সম্পর্কে জানা
- এডভোকেসি বা ওকালতির বার্তা ছড়িয়ে দেয়ার পদ্ধতি অনুসরণ করা

**উপকরণসমূহঃ**

- বোর্ড
- মার্কার
- পোস্টার পেপার
- কম্পিউটার
- প্রজেক্টর

**৯:০০-১০:০০**

## ভূমিকা

এই সেশনের জন্য আমরা  স্থানীয় পানিসম্পদের উপর প্রভাব ফেলছে এমন একটি স্থাপত্য নিয়ে আলোচনা করব। কর্মশালায় অংশগ্রহণকারীরা এ ধরনের প্রকল্প সম্পর্কে জানার কথা যেমন সেঁচ বা হাইড্রো-ইলেকট্রিক বাঁধ বা পানির গতিপথ পরিবর্তনকারি প্রকল্প, সঞ্চালক এটিকে একটি ঘটনা বিশেষণ হিসেবে ব্যবহার করতে পারেন। যদি এমন কিছু না থাকে তাহলে সঞ্চালক অংশগ্রহণকারীদের বলবেন যে তাঁরা যেন চিন্তা করে একটি বৃহৎ হাইড্রো- ইলেকট্রিক বাঁধ তাদের বাসস্থান থেকে দূরে নদীর কয়েক কিলোমিটার উজানে স্থাপন করা হয়েছে। নিচের প্রশ্নসমূহ অংশগ্রহণকারীদের বাধঁ সম্পর্কে স্পষ্ট ধারণা দেয়ার জন্য ব্যবহার করা যেতে পারে ।

আপনাদের মধ্যে কে বাধঁ দেখেছেন? এই প্রশ্ন করার মাধ্যমে শুরুকরতে পারেন

- নিচের ভিডিও গুলো চালু করুনঃ : https://www.youtube.com/watch?v=q8HmRLCgDAI and https://www.youtube.com/watch?v=AAGvtpfB39U&feature=youtu.be, অংশগ্রহণকারীদের যদি কোন প্রশ্ন থাকে তাহলে সে সবের উত্তর দিন।
- Dameffects.org নামক ওয়েবসাইটটি চালু করুন। এর মাধ্যমে আপনি অংশগ্রহণকারীদের বোঝাতে পারবেন যে কিভাবে নদীতে স্থাপন করা একটি বাঁধ নদীর ওপর প্রভাব ফেলে। নদীর প্রাকৃতিক বাস্তুসংস্থান সম্পর্কে আলোচনা করুন  যার মধ্যে রয়েছে নদী তীরবর্তী এলাকা, মাছেদের যাতায়াত, বিনোদন, পলিযুক্ত এলাকা, বর্জ্য ব্যবস্থাপনা এবং নদীর

প্রবাহ। তারপর খারাপ ভাবে স্থাপন করা বা পরিচালিত করা একটি বাঁধের প্রভাব নিয়ে আলোচনা করুন। অংশগ্রহণকারীদের জিজ্ঞেস করুন যে তারা কি ধরনের সমস্যা চিহ্নিত করেছে, এবং তারা যাতে বাস্তুসংস্থানের সকল উপাদানসমূহ আরেকবার চিন্তা করে। এই উপাদানসমূহ তাদের প্রাকৃতিক অবস্থা থেকে কীভাবে পরিবর্তিত হয়েছে তা যেন চিহ্নিত করে। পরবর্তীতে সঠিকভাবে পরিচালিত একটি বাঁধ নিয়ে আলোচনা করুন এবং এর সাথে সম্পর্কিত বাস্তুসংস্থানের উপাদানগুলো নিয়ে আলোচনা করুন।

**১০:০০-১০:৩০**

**ব্রেনস্টর্ম কার্যক্রম**

| সম্ভাব্য সুবিধা | সম্ভাব্য প্রভাব |
|---|---|
| • বিদ্যুতের সুব্যবস্থা | • নতুন এলাকা স্থানান্ড়র |
| • চাকরির সুযোগ | • জীবিকা হারানো |
| • শিল্পায়ন | • মাছের উৎস কমে যাওয়া |
| • অধিক ব্যবসা | • পানির গুণগত মান নষ্ট হওয়া |
| • বৃহৎ বাজার | • নদী তীরবর্তী বনাঞ্চল নষ্ট হওয়া |
| • আয়কর | • কৃষি যোগ্য জমি নষ্ট হওয়া |
| • ভালো পানির ব্যবস্থা এবং শৌচাগার | • নৌপথ যোগাযোগ ব্যবস্থা বন্ধ হয়ে যাওয়া |
| • নতুন বিদ্যালয়, হাসপাতাল এবং ঘরবাড়ি | • সাংস্কৃতিক এবং সামাজিক বন্ধন কমে যাওয়া |
| • রাস্ড়াঘাটের উন্নয়ন | |

- সঞ্চালক একটি বড় কাগজ ভাঁজ করে বাঁধ এর আকার দিবেন এবং অংশগ্রহণকারীরা কর্মশালার প্রথম দিনে যে নদী এঁকেছে তার ওপর টেপ দিয়ে আটকে দিবেন। অংশগ্রহণকারীদের কল্পনা করতে বলুন যে তারা কেবলমাত্র জানতে পেরেছে যে তাদের এলাকার নদীতে একটি বড় বাঁধ স্থাপন করা হবে। ব্যাখ্যা করুন যে নদীর উজানে একটি বড় জলাধার নির্মাণ করা হবে, যার ফলে উজানে ধাকা লোকালয়ে স্থানান্ড়র করা প্রয়োজন এবং একই সাথে নিচের দিকে প্রবাহিত জলধারা অনেক ক্ষীণ হয়ে বইবে।
- অংশগ্রহণকারীদের দুই দলে ভাগ করুনঃ উজান এবং ভাটি । প্রত্যেক দলকে এই বাঁধ নির্মাণের ফলে তাদের ওপর কি ধরনের প্রভাব ফেলবে সে নিয়ে চিন্তা করতে বলুন। উজানের দলকে সম্পর্কে এবং ভাটির দলকে ভাটি সম্পর্কে। প্রত্যেক দলকে চিন্তা করার জন্য ২০ মিনিট সময় দিন।

**১০:৪৫-১১:১৫**

**দলীয় উপস্থাপন**

- প্রত্যেক দলকে তাদের চিন্তা গুলো সকলের সাথে বিনিময় করার জন্য ১০ মিনিট সময় দিন। তাদের উপস্থাপনা সহজ করার জন্য যদি তারা চিত্রের সাহায্য নিতে চায় তবে তাদের তা করতে দিন।
- যখন প্রত্যেক দল তাদের বক্তব্য উপস্থাপন শেষ করবে তখন সঞ্চালক প্রয়োজন অনুসারে নোট নিবেন যেখানে থাকবে সম্ভাব্য সুবিধা এবং প্রভাব। উদাহরণস্বরূপঃ
- সুবিধার তালিকায় থাকা প্রত্যেকটি বিষয় পড়ুন এবং জিজ্ঞেস করুন যে এই সুবিধা মূলত কে ভোগ করবে? উত্তরগুলো কাগজে লিখুন।
- সম্ভাব্য অসুবিধাগুলো পড়ুন এবং অংশগ্রহণকারীদের জিজ্ঞেস করুন যে কারা সবচেয়ে বেশি অসুবিধার সম্মুখীন হবে? উত্তরগুলো কাগজে লিখুন।

**১১:১৫-১২:০০**

**বিতর্ক**

- প্রত্যেক অংশগ্রহণকারীর মতামত নিয়ে আলোচনা করুন যে কিভাবে এই বাঁধ প্রকল্প এর মাধ্যমে তারা লাভবান হতে পারে এবং এই বাঁধ প্রকল্পের কি ধরনের প্রভাব আসতে পারে। দলকে জিজ্ঞাসা করুন, এমন কিছু কি করা সম্ভব যার মাধ্যমে প্রভাব কমানো যেতে পারে এবং লাভ বৃদ্ধি করা যেতে পারে? এই প্রকল্প সত্যিকারের ভুক্তভোগীদের আরো বেশি সুবিধা দিতে পারে? নাকি আমরা সবাই একত্রিত হয়ে এই প্রকল্প বন্ধ করার জন্য আবেদন করব?
- শ্রণিকক্ষের বিপরীত দুই পাশের দেয়ালে দুটি কাগজ লাগান। একটিতে লেখা থাকবে "প্রকল্প বন্ধ করুন" এবং অন্যটি লেখা থাকবে "প্রকল্পের উন্নয়ন ঘটান" ।

- প্রত্যেকের চারদিকে ঘুরতে বলুন এবং তাদের কাছে যদি সঠিক মনে হয় তার কাছে দাড়াতে বলুন। উদাহরণস্বরূপ, যদি কারো মনে হয় যে প্রকল্পটি বন্ধ করে দেয়া উচিত, তাহলে তারা উক্তিটির ঠিক সামনে দাঁড়াবে। কেউ যদি নিশ্চিত না হয় কিন্তু প্রভাব কমে আসার দিকে ঝুঁকে থাকে তাহলে তিনি রুমের মাঝে দাঁড়াতে পারেন, অনেকটা প্রকল্পটি উন্নয়ন করণ উক্তির কাছাকাছি।
- যখন প্রত্যেক অংশগ্রহণকারী তাদের বাছাইকৃত উক্তির সামনে দাঁড়াবে তখন প্রত্যেক দলের একজনকে সামনে আসতে বলুন এবং ব্যাখ্যা করতে বলুন যে তারা কেন এই উক্তিটি বেছে নিয়েছে। এরপর রুমের মাঝখানে দাঁড়ানো একজনকে জিজ্ঞেস করুন যে তারা কেমন অনুভব করছে এবং এর সাথে আর কি কি তারা যোগ করতে বা জানতে চায় যা তাদের সিদ্ধান্ত নিতে সাহায্য করবে। সঞ্চালক যখন প্রশ্ন করবে তখন তিনি অংশগ্রহণকারীদের জানিয়ে রাখবেন যে তারা যেকোনো সময় তাদের দিক পরিবর্তন করতে পারে আর সিদ্ধান্ত পরিবর্তন করতে পারে। এটা হতে পারে তাদের যুক্তির পরিবর্তন বা তাদের বন্ধুদের যুক্তি দ্বারা প্রভাবিত হয়ে।

**১২:০০-১:৩০** **মধ্যাহ্নভোজের বিরতি**

**১-৩০-২:৩০** **মুক্ত, প্রাথমিক, এবং অবগত সম্মতি**

ব্যাখ্যা করুন যে যখন কমিউনিটির লোকজনের তাদের জীবন ব্যবস্থা এবং প্রাকৃতিক সম্পদের বিষয়ে সিদ্ধান্ত নেয়ার ক্ষমতা থাকে, এবং তাদের সিদ্ধান্ত কিভাবে তাদের কে প্রভাবিত করে সে সম্পর্কে সঠিক জ্ঞান থাকে, তখন তারা সঠিক সিদ্ধান্ত নিতে পারে। কিন্তু যখন উন্নয়ন প্রকল্পের সিদ্ধান্ত অন্য কোন প্রতিষ্ঠান, সরকার, বা আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে নেয়া হয় কমিউনিটির লোকজনের সাথে পরামর্শ না করে, তখন সাধারণ লোকজন পিছিয়ে পড়ে এবং খারাপ সিদ্ধান্তেরজন্য তাদের মূল্য দিতে হয়।

মুক্ত, প্রাথমিক, এবং অবগত সম্মতি হল স্থানীয় লোকজনকে উন্নয়ন প্রকল্প অংশীদারি হওয়ার জন্য সুযোগ প্রদানের প্রথম ধাপ। এটি স্থানীয় কমিউনিটি এবং প্রান্তিক জনগোষ্ঠীর সম্মতি নেওয়ার একটি প্রক্রিয়া। এফপিআইসি হল প্রান্তিক জনগোষ্ঠীর অধিকার নিয়ে জাতিসংঘ এবং অন্যান্য আন্তর্জাতিকচুক্তিসমূহ দ্বারা ঘোষিত একটি গুরুত্বপূর্ণ অংশ। মুক্ত, প্রাথমিক, এবং অবগত সম্মতি বলতে কি বুঝানো হয়? অংশগ্রহণকারীদের সাথে প্রত্যেকটি শব্দ নিয়ে আলোচনা করুন।

- অংশগ্রহণকারীদের জিজ্ঞেস করুন তাদের মতে "মুক্ত" বলতে কি তারা কি বুঝে। সারমর্মঃ নিজে নিজে সিদ্ধান্ত গ্রহণ করার সক্ষমতা বা আপনার পরিবার ও সমাজে সিদ্ধান্ত গ্রহণ করার সক্ষমতা কোন ধরনের চাপ, ভয় না পেয়ে বা ঘুষ বা বঞ্চিত না হয়ে।
- অংশগ্রহণকারীদের জিজ্ঞেস করুন তারা "প্রাথমিক" বলতে কি বুঝতে পারছে।সারমর্মঃ প্রাথমিক বলতে বোঝানো হয় পূর্বে। যে কোন মানুষ যারা কোনো প্রকল্প দ্বারা প্রভাবিত হবে তাদের কাছ থেকে অবশ্যই প্রকল্প শুরুহওয়ার আগে সম্মতি নিতে হবে , অন্যথায় প্রকল্পটি সামনের দিকে এগোতে পারবে না। এর মানে হল যে কোন প্রকল্প যখন শুরুহবে তার পূর্বেই স্থানীয় কমিউনিটির লোকজন এর প্রকল্পের বিষয়ে বিস্তারিতজানা প্রয়োজন এবং তাদের অনুমতি প্রয়োজন, এমনকি যখন প্রকল্পটি নিয়ে পরিকল্পনা হয় তখন থেকে। পূর্ব সম্মতি বলতে শুধু এটা বোঝেনা যে প্রকল্প শুর‍ুর আগেই অনুমতি নিতে হবে এটা হতে পারে প্রকল্পের যে কোনো পরিবর্তন বা বর্ধন এর ক্ষেত্রে।
- অংশগ্রহণকারীদের জিজ্ঞেস করুন তারা অবগত বলতে কি বুঝে? সারমর্মঃ অবগত বলতে বুঝানো হচ্ছে যে সকল পরিকল্পনা এবং সকল প্রক্রিয়া সম্পর্কে কোন প্রকল্পের সাথে জড়িত সকল লোকজন ভালো ভাবে জড়িত থাকবে এবং বুঝতে পারবে। এই অবগতির প্রক্রিয়া স্থানীয় ভাষায় হতে হবে যাতে স্থানীয় লোকজন এ সম্পর্কে সঠিক ধারণা পায়। এর মধ্যে থাকবে পরিবেশগত, স্বাস্থ্যগত এবং সামাজিক প্রভাব মূল্যায়ন, প্রকল্পের স্থায়িত্ব পরিকল্পনা, ক্ষতিপূরণ এবং প্রতিস্থাপন।
- অংশগ্রহণকারীদের জিজ্ঞেস করুন তারা "সম্মতি" বলতে কি বুঝে? সারমর্মঃ সম্মতি হল

একমত হওয়া বা সমর্থন দেওয়া। কিন্তু দীর্ঘমেয়াদি উন্নয়ন প্রকল্পের ক্ষেত্রে, এর মানে হলো প্রকল্পের সাথে জড়িত সকলের সম্মতি। সম্মতি বলতে আরো বুঝায় যে কমিউনিটির নির্বাচিত প্রতিনিধি, বা কমিউনিটির নেতা এই প্রকল্পে সম্মতি দেবে। এটা এমন হবেনা যে শুধুমাত্র যে কেউ একজন সম্মতি দিলেই হবে।

সঞ্চালক মুক্ত, প্রাথমিক, এবং অবগত সম্মতি বিষয়ক ৮ মিনিটের নিচের ভিডিওটি দেখাতে পারে যা প্রান্তিক জনগোষ্ঠীর মুক্ত, প্রাথমিক, এবং অবগত সম্মতি বিষয়টি তুলে ধরেছে।

https://vimeo.com/66708050. লক্ষ্য রাখুন যে এই ভিডিওটি ইংরেজিতে তৈরি করা এবং প্রয়োজনে আপনি ভিডিওটি মাঝখানে থামুন এবং বিষয়টি অনুবাদ করে অংশগ্রহণকারীদের বুঝিয়ে দিন।[২]

**সবশেষে নিচের বিষয়গুলো আলোচনা করুনঃ**

মুক্ত, প্রাথমিক, এবং অবগত সম্মতি সকলের অধিকার। প্রকল্পটি সামনের দিকে এগিয়ে যাওয়ার সুবিধার্তে, কমিউনিটির সবাই একত্রে সিদ্ধান্ত নিতে হবে। এটা হতে পারে আপনার কমিনিটি ঐতিহ্যগত সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার মাধ্যমে। যদি এ সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় আপনার কমিনিটির সবাই বা কমিউনিটির কয়েকজনও মনে করেন যে এই প্রকল্প বন্ধ হয়ে যাওয়া উচিত বা সামনে এগোনো ঠিক না তাহলে তাদের সিদ্ধান্তকে সম্মান জানান।

যদি বিরত থাকে, তাহলে সেখানে সম্মতি নেই। বেশিরভাগ সময়ই কমিউনিটির একটি অংশ প্রকল্পকে স্বাগত জানাবে যেখানে অন্য অংশ প্রকল্পের বিরোধিতা করবে। কিছু প্রকল্প উন্নয়নকারী আপনার কমিউনিটিকে প্রকল্পের পক্ষে এবং প্রকল্পের বিপক্ষে এই দুই দলে ভাগ করার চেষ্টা করবে। এর ফলে, কমিউনিটিতে এই প্রকল্পের বিষয়ে যৌথভাবে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে সমস্যা রয়েছে এবং এর ফলে কমিউনিটিতে দুশ্চিন্তা বৃদ্ধি পেতে পারে। এটা এমন হতে পারে যে একটি প্রকল্পের মাধ্যমে কয়েকটি কমিউনিটি প্রভাবিত হতে পারে কিন্তু এর মধ্যে যেকোনো একটি কমিউনিটি বেশি প্রভাবিত হচ্ছে। এই ক্ষেত্রে, সকল কমিউনিটি একত্রিত হয়ে কথা বলার মত সুযোগ তৈরি করতে হবে যাতে যে কমিউনিটি বেশি প্রভাবিত হবে তারা তাদের মতামত তুলে ধরার জন্য পর্যাপ্ত সুযোগ পায়।

যোগাযোগ মানেই সম্মতি নয়। আপনি যখন কোন প্রকল্প পর্যবেক্ষণ করবেন তখন প্রকল্পের পরিকল্পনাকারী এবং পরিচালকদের সাথে কথা বলা জরুরী। কিন্তু তাদের সাথে কথা বলার মানে এই নয় যে আপনি সম্মতি দিয়েছেন। আপনি শুধুমাত্র তথ্য পাওয়ার জন্য আপনার অধিকার নিশ্চিত করেছেন।

শুধুমাত্র অবগত সম্মতি সঠিক সম্মতি। যখন আমরা ভবিষ্যতে এই প্রকল্পে কি কি হবে তার সবকিছু সঠিক ভাবেনা জেনে কোন সিদ্ধান্ত নেই তখন সে সিদ্ধান্ত একটি খারাপ সিদ্ধান্ত হতে পারে। বড় ধরনের উন্নয়ন প্রকল্পের ক্ষেত্রে সকল তথ্য সঠিক ভাবে না জেনে কোন ধরনের সম্মতি দেয়া উচিত নয়। এটা প্রকল্প পরিচালকদের প্রকল্প নিয়ে কাজ করা মানুষদের দায়িত্ব যে সকল ধরনের তথ্য স্থানীয় ভাষায় সহজলভ্য করা যাতে এই তথ্য সহজেই সকলের কাছে পৌঁছে যেতে পারে।

সম্মতি সবসময়ের জন্য হতে হবে। প্রকল্পের কর্মীদের অবশ্যই প্রকল্প শুরুর আগে এবং প্রকল্পের প্রতিটি ধাপ শুরুকরার আগে কমিউনিটির মানুষদের সম্মতি নিতে হবে। এর মানে হল আপনি যদি প্রকল্পের শুরুতে একটি তাতে সম্মতি দেন তাহলে অবশ্যই প্রকল্পের পরবর্তী ধাপে নতুন কিছু শুরুকরতে হলে তার আগে আপনার সম্মতি নিতে হবে। যদি কমিউনিটির স্থানান্তর জরুরি হয়ে পড়ে তাহলে, এর শর্ত এবং ক্ষতিপূরণ নিয়ে অবশ্যই এফপিআইসি অনুসারে কথা বলতে হবে।

**২:৩০-৩:৩০**

**পক্ষ সমর্থন বা ওকালতি সম্পর্কে নির্দেশনা**

ব্যাখ্যা করুন যে বিকেলের সেশানে আমরা পানি ব্যবস্থাপনায় জনসাধারণের অংশগ্রহণ নিয়ে আলোচনা করব। সকালের বিতর্ক উপর ভিত্তি করে, এবং মুক্ত, পূর্বে এবং অবগত সম্মতির নিয়ম এর উপর ভিত্তি করে দলকে বলুন যে তারা যাতে আলোচনার মাধ্যমে এই সিদ্ধান্ত নেয় যে এই প্রকল্পটির তারা গ্রহণ করবে নাকি তারা প্রকল্প টি বন্ধ করতে চায়, অথবা প্রকল্পের প্রভাব কমিয়ে

2 এই ভিডিওর একটি বাংলা ভাষায় অনুবাদ আপনি নিচের লিংকে পাবেন।
https://www.youtube.com/watch?v=C7LB7SYqFr8&ab_channel=KapaeengFoundation

আনার জন্য কোন পরিবর্তন আনতে চায়।

সকল ওকালতি এবং এবং প্রচারণার অবশ্যই একটি মূল বার্তা থাকবে। এই বার্তাটি হলো- আপনার অ্যাডভোকেসির মূল ভিত্তি। বার্তার মূলে থাকতে পারেঃ

| সমস্যা | কারণ | সমাধান |
|---|---|---|

**সমস্যাঃ**

- সমস্যাটা কি
- সমস্যাটি কত গভীর
- সমস্যাটি ধারা কে প্রভাবিত হয়েছে বা হতে পারে
- সমস্যাটা সমাধান না করলে কি হবে

**কারণঃ**

- এটা হতে পারে শিল্প উন্নয়নের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন ঘটানো সরকারি সিদ্ধান্ড়, অথবা বিদেশী কোন প্রতিষ্ঠানকে এই দেশে বিনিয়োগ করার জন্য সুযোগ প্রদান।
- চিন্তা করুন যে এই নিয়ম গুলো কোথা থেকে আসছে এবং এদের সাথে সহমত পোষণ করছে

**সমাধানঃ**

- আমরা কি করতে পারি? এটা অনুধাবন করতে পারা খুবই জরুরী যে প্রত্যেক সমস্যার একটি সমাধান রয়েছে! অন্যথায় আপনার অংশগ্রহণকারীরা মনে করবে যে তারা কম ক্ষমতাধর, এবং এর ফলে তারা বিষন্ন হয়ে যেতে পারে এবং ভেঙে পড়তে পারে।
- সমর্থন পাওয়ার জন্য কিছু সহজ ধাপ তাদের সাথে আলোচনা করুন
- সমাধানের অংশ হোন- আপনি দেখান যে আপনি/ আপনার দল/ আপনার চিন্তা কি করছে বা কি করতে পারেন সাহায্য করার জন্য।
- তাৎক্ষণিক সমাধান/ পদক্ষেপ দীর্ঘমেয়াদি সমাধানের একটি অংশ।

**আপনার বার্তার জন্য কিছু টিপসঃ**

- আপনার বার্তাটি সহজবোধ্যভাবে তৈরি করুন- যাতে তার সংক্ষিপ্ত এবং পরিষ্কার হয় এবং আপনার বার্তায় প্রত্যাহিক ভাষা ব্যবহার করুন।
- সমস্যাটি চিহ্নিত করুন- পরিস্থিতির মূল বিষয়টি সকলের দৃষ্টি গোচর করুন যাতে সবাই তা সহজে বুঝতে পারে। প্রয়োজনের ছবি এবং রূপকল্প ব্যবহার করুন।
- যাদের কাছে আপনি বার্তাটি পৌঁছে যাচ্ছেন তাদের সম্পর্কে ভালোভাবে জানুন।

**৩:৩০-৩:৪৫** **বিরতি**

**৩:৪৫-৪:৩০** **ওকালতি বার্তা উপস্থাপন**

- অংশগ্রহণকারীদের তিনটি দলে ভাগ করুন
- প্রত্যেক দলকে তাদের ওকালতি বার্তা তৈরি করার জন্য ১৫ মিনিট সময় দিন, বার্তাটি যাতে এক মিনিট দীর্ঘ হয়। তাদের মধ্য থেকে একজন বক্তা নির্বাচন করতে বলুন। এটা নিশ্চিত করুন তারা যাতে তাদের মোবাইলে সময় দেখে বার্তাটি তৈরি করে যাতে তা কোনভাবেই ৬০ সেকেন্ড এর বেশি না হয়। তাদেরকে মনে করিয়ে দিন যে তাদের বার্তাটি অবশ্যই শক্তিশালী, পরিষ্কার এবং গ্রহণযোগ্য যাতে হয়।
- প্রত্যেক দল থেকে একজন বক্তা কে তাদের তৈরি করা বার্তাটি সকলের সাথে শেয়ার করতে বলুন।
- প্রত্যেক দল উপস্থাপন শেষ করার, প্রত্যেক দলের বার্তার শক্তিশালী দিক, দুর্বল দিক, গুরুত্বপূর্ণ তথ্য ইত্যাদি নিয়ে আলোচনা করুন বার্তাটিকে পরিষ্কার এবং ধারালো করে তুলেছে।

মডিউল ৭

# পানি ব্যবস্থাপনার মূল কারিগর এবং লাভ

**উদ্দেশ্যসমূহঃ**

- অংশগ্রহণকারীদের চিন্তা করতে সাহায্য করা যে তারা কিভাবে একটি পানিভিত্তিক প্রকল্পে প্রভাব রাখতে পারেন
- পানি ব্যবস্থাপনার সাথে জড়িত বিভিন্ন ধরনের অংশীদারিদের সম্পর্কে জানা
- অংশীদারিত্ব বিশেষণ করতে পারা, ক্ষমতার স্ভ্রূ এবং প্রভাবের ভিত্তিতেওকালতি বার্তা তৈরি এবং ছড়িয়ে দেবার পিছনে মূল নিয়মগুলো সম্পর্কে জানা।

**উপকরণসমূহঃ**

- বোর্ড
- মার্কার
- অংশীদারিত্ব ম্যাপিং ছক (পূর্ব থেকেই পোস্টার ব্যাপারে এঁকে রাখা)
- পোস্টার পেপার
- আঠা যুক্ত কাগজ (বিভিন্ন রং এর)
- কম্পিউটার
- প্রজেক্টর

**৯:০০-৯:১৫** **একজন অংশগ্রহণকারীকে কোন একটি খেলা বা প্রস্তুতি মূলক কার্যক্রম করতে বলুন**

**৯:১৫-৯:৪৫** **আলোচনাঃ অংশগ্রহণকারীদের কাছে পৌঁছানোর সুযোগ**

এই বিষয়ের উপর জোর দিন যে ভালো পানি ব্যবস্থাপনা বলতে বুঝায় যেখানে সকল ধরনের মানুষের অংশগ্রহণ আছে এবং এর সাথে মুক্ত, পূর্ব এবং অবগতিমূলক সম্মতি যুক্ত আছে। অংশগ্রহণকারীদের জিজ্ঞেস করুন যে তারা কখনও তাদের কমিউনিটিতে ঘটে যাওয়া পানি বিষয়ক কোন বিষয় নিয়ে নির্বাচিত জনপ্রতিনিধি বা সরকারি কোন কর্মকর্তার কাছে কোনদিন কিছু বলেছে কিনা। প্রক্রিয়াটি কি ছিল এবং এর প্রতিউত্তরে যা পাওয়া গিয়েছিল তা সন্ড়েষজনক ছিল কিনা? জনসাধারণের সম্মুখে কোন একটি বিষয় বা কোন একটি সমস্যা তুলে ধরতে আমাদের কমিউনিটিতে কি কি ধরনের সমস্যা মোকাবেলা করতে হয়? এই ধরনের প্রক্রিয়াকে আরো শক্তিশালী ও বেগবান করার জন্য আমাদের কমিউনিটিতে কি কি ধরনের সম্পদ রয়েছে? অংশগ্রহণকারীদের উদ্বুদ্ধ করুন তারা যাতে এই কর্মশালায় পূর্ববর্তী সেশনে করা কমিউনিটি সম্পদ ম্যাপিং অনুশীলনের কথা চিন্তা করেন।

**৯:৪৫-১০:৪৫** **কার্যক্রমঃ অংশীদারিত্ব বিশেষণ**

- অংশগ্রহণকারীদের কাছে ব্যাখ্যা করুন, যেসকল সিদ্ধান্ত আমাদের পানি সম্পদ ব্যবস্থাপনার ওপর প্রভাব ফেলে, সেসকল সিদ্ধান্ত কারা গ্রহণ করে বা পরিকল্পনা করে তা আমাদের জানা প্রয়োজন। এর ফলে আমরা জানতে পারব যে আপনার সম্মতি কারা নিবে, এবং তারা যদি এটা করতে ব্যর্থ হয়, তাহলে আমাদের ওকালতির চেষ্টার লক্ষ্য কারা হবে।
- **দলীয় চিন্তা বোর্ডে নিচের শিরোনাম গুলো লিখুনঃ** কমিউনিটি দল, স্থানীয় সরকার, আঞ্চলিক/

প্রাদেশিক/ জাতীয় সরকার, বিভিন্ন প্রতিষ্ঠানসমূহ, আর্থিক প্রতিষ্ঠান এবং বিনিয়োগকারী। কমিউনিটি দল দিয়ে শুরুকরে, অংশগ্রহণকারীদের চিন্তা করতে বলুন এর মধ্য থেকে কে কে অংশীদারি হিসেবে থাকতে পারে এবং শিরোনামের নিচে তাদের নাম লিখুন। যদি কারো সম্পর্কে দল অনিশ্চিত থাকে তাহলে সেই অংশীদারির নাম লিখে তারপর একটি প্রশ্নবোধক চিহ্ন দিন। নিচে কিছু উদাহরন দেয়া হলোঃ কমিউনিটি দল, স্থানীয় সরকার, আঞ্চলিক/ প্রাদেশিক/ জাতীয় সরকার, বিভিন্ন প্রতিষ্ঠান, আর্থিক প্রতিষ্ঠান, স্থানীয় জেলেদের দল, স্থানীয় পানি ব্যবহারকারী দল, স্থানীয় মহিলা দল।

| গ্রাম্য নেতা | শহর কাউন্সিল | স্থানীয় দূষণ নিয়ন্ত্রণ বিভাগ। | পরিবেশ রক্ষাকারী সংস্থা | পরিবেশ ও প্রাকৃতিক সম্পদ |
|---|---|---|---|---|
| বিষয়ক মন্ত্রীসভা | চায়না উন্নয়ন কর্পোরেশন, চায়না পাওয়ার ন্যাশনাল | হাইড্রোপাওয়ার কর্পোরেশন | এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংক | ইমপোর্ট এক্সপোর্ট ব্যাংক অফ চায়না |

- **অংশগ্রহণকারীদের কাছে বিভিন্ন রং এর আঠাযুক্ত কাগজ দিনঃ** সবুজ, হলুদ, লাল এবং নীল। অংশগ্রহণকারীদের বলুন তাদের হাতে থাকা নীল কাগজ নিয়ে বোর্ডের কাছে আসতে এবং সেই অংশীদারির নিচে লাগাতে যাদের সাথে তাদের পরিচয় আছে, এবং যাদের সাথে তারা যোগাযোগ করতে পারেন। তারপর হলুদ রঙের কাগজধারীদের বলুন সে সমস্ড় অংশীদারিদের নামের পাশে লাগাতে যাদের সাথে যোগাযোগ করার জন্য তাদের সাহায্য প্রয়োজন। সবশেষে সেসকল অংশীদারির নামের পাশে লাল কাগজ লাগান যাদের তারা চিনেন না এবং যাদের সাথে যোগাযোগ করা খুবই জটিল এবং যদি সে চেষ্টা করা হয় তাহলে সেটা তাদের জন্য বিপদজনক হতে পারে।
- অংশগ্রহণকারীদের সকলের সাথে সেয়ার করতে বলুন যে তারা কেন এই রঙের কাগজ ওই অংশীদারির নামের পাশে লাগিয়েছেন। সঞ্চালক বিভিন্ন প্রশ্ন করার মাধ্যমে আলোচনা চালিয়ে যেতে পারেন, "আপনি এই অংশীদারির জন্য কেন সবুজ বাছাই করেছেন?" "এই অংশীদারির সাথে আলোচনা করার ক্ষেত্রে কোন বিষয়টি আপনার কাছে সবচেয়ে সহজ মনে হয়?" "এই দলের কাছে পৌঁছাতে আপনি কেন একটু কম স্বস্ড়ি অনুভব করেন?" "আপনি কেন মনে করেন যে এই দলের কাছে পৌঁছানো খুবই কঠিন বা আপনার জন্য বিপদজনক?" । অংশগ্রহণকারীরা যখন তাদের মতামত বিনিময়ের করবে তখন সঞ্চালক নোট নিতে পারেন যে অংশগ্রহণকারীদের মতামতের ভিন্নতা রয়েছে কি না, বিশেষ করে লিঙ্গ, পেশা বা জাতীয়তার ভিত্তিতে।
- ছকটির দিকে সামগ্রিকভাবে দেখুন এবং অংশগ্রহণকারীদের মতামতের ভিত্তিতে তার সারমর্ম করুন। বিভিন্ন দলের মধ্যে পার্থক্য নোট করুন, উদাহরণস্বরূপ, কোন একটি নির্দিষ্ট অংশীদারির কাছে পৌঁছাতে পুরুষেরা কি নারীদের চেয়ে বেশি স্বস্ড়ি অনুভব করে? কোন একটি নির্দিষ্ট দল বা পেশার মানুষ কি অন্যদের তুলনায় বেশি স্বস্ড়ি অনুভব করে? ক্ষমতার বিনিময় নিয়ে আলোচনায় আমরা পূর্ববর্তী সেশনে যা শিখেছি তার ওপর জোর দিন,অংশগ্রহণকারীদের চিন্তা করতে বলুন যে তারা অংশীদারিত্বের সাথে যোগাযোগ বাড়ানোর জন্য কিভাবে একে অন্যকে সাহায্য করতে পারে।

**১০:৪৫-১১:০০** **বিরতি**

**১১:০০-১২:০০** **বন্ধু চিহ্নিতকরণ**

- অংশগ্রহণকারীদের চিন্তা করতে বলুন যে তারা পানিসম্পদ ব্যবস্থাপনায় অংশগ্রহণ বৃদ্ধি করার জন্য কোন ধরনের বন্ধুদের সাহায্য চাইতে পারে বা পেতে পারেন। কে আমাদের পরিবেশ বিষয়ক মন্ত্রণালয়ের দৃষ্টিতে নিয়ে আসতে সাহায্য করতে পারেন? এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংককে চিঠি লেখার বিষয়ে আমাদের সাহায্য করতে পারে? ধারণাসমূহের মধ্যে থাকতে পারেঃ
- স্থানীয় বিদ্যালয়ের শিক্ষক, নির্বাচিত জনপ্রতিনিধি, শিক্ষার্থী, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, সাংবাদিক, স্থানীয় মানবাধিকার সংস্থা, জাতীয় এবং আন্তর্জাতিকবিভিন্ন বেসরকারি সংস্থা (সম্ভব হলে নামের তালিকা প্রদান করুন), স্থানীয় ব্যবসায়ী, ধর্মীয় নেতা, জনসমর্থনের কাজ করে

এমন উকিল, ইত্যাদি।

- অংশগ্রহণকারীদের তাদের ভাবনা নীল আঠাযুক্ত কাগজে লিখতে বলুন, এবং ঐসব অংশীদারদের
- পাশে লাগাতে বলুন যাদেরকে তারা বন্ধুভাবাপন্ন মনে করে।

**১২:০০-১:৩০** **মধ্যাহ্নভোজের বিরতি**

**১:৩০-১:৪৫** **ওকালতি বিষয়ে ভূমিকা**

ব্যাখ্যা করুন যে ওকালতির মাধ্যমে জনসাধারণকে শিক্ষিত করে তোলা যায়, চাপ দেয়া যায়, প্রলুব্ধ করা যায় এবং চালনা করা যায়- যে জনসাধারণ এই পরিবর্তন সাধন করবে, তাদেরকে।

পানিসম্পদ ব্যবস্থাপনায় শক্তভাবে অংশগ্রহণ করার জন্য আপনার ওকালতির লক্ষ্য মূলত দুই ধরনের মানুষঃ সিদ্ধান্ত গ্রহণকারী, অথবা সেই সব লোকজন যাদের ক্ষমতা এবং মালিকানা রয়েছে- প্রাতিষ্ঠানিক বা অপ্রাতিষ্ঠানিক- পরিবর্তন আনতে বা বন্ধ করতে; এবং চাপ সৃষ্টিকারী, বা এসব লোকদের যাদের সিদ্ধান্ত গ্রহণকারীদের উপর চাপ প্রয়োগ করার ক্ষমতা রয়েছে, এবং একইসাথে এইবিষয়ে জনসাধারণের মতামত তুলে ধরতে পারবে অথবা জনসাধারণকে উদ্বুদ্ধ করতে পারবে তাদের মতামত দেওয়ার জন্য।

**১:৪৫-২:৩০** **স্থিতাবস্থা কার্যক্রম**

ব্যাখ্যা করুন সামাজিক পরিবর্তন বেশিরভাগ সময়ই সহ্য করার ক্ষমতার উপর নির্ভর করে, বিশেষ করে ওইসব মানুষদের যারা পরিবর্তন নিয়ে ভীত বা তাদের ক্ষমতা ভাগ করতে চায়না, এমন বিষয়সমূহে যেসব বিষয় মানুষের জীবনে প্রভাব ফেলবে।

প্রত্যেক দলের জন্য পোস্টার পেপারকে দুইভাগে ভাগ করুনঃ একভাগে রাখুন যারা বর্তমান পরিস্থিতি অপরিবর্তিত রাখতে চায়, এবং অন্যভাগে রাখুন যারা বর্তমান পরিস্থিতির পরিবর্তন করতে চায়। অংশগ্রহণকারীদের জিজ্ঞেস করুনঃ

- কে বর্তমান স্থিতাবস্থা বজায় রাখতে চায়? এর দ্বারা কে লাভবান হবে এবং কিভাবে?
- বর্তমান পরিস্থিতিতে কে অসুবিধার সম্মুখীন হবে? তাদের সামাজিক অবস্থা কি? তারা কি ধরনের বাধার সম্মুখীন হয় (উদাহরণস্বরূপ, সিদ্ধান্ত গ্রহণে কম সক্রিয়তা, ভাষাগত বাধা, প্রাতিষ্ঠানিক শিক্ষার স্বল্পতা, ইত্যাদি)

সবার সামনে উপস্থাপন করুন, আলোচনা করুনঃ

- আপনার ওকালতির চেষ্টা দ্বারা যে পরিবর্তন আসবে তাতে কারা লাভবান হবে? কিভাবে?
- আপনার ওকালতির চেষ্টা দ্বারা যে পরিবর্তন আসবে তাতে কাদের ক্ষতি হবে, বা কাদের সমস্যা তৈরি হবে?

**২:৩০-২:৪৫** **বিরতি**

**২:৪৫-৩:১৫** **সিদ্ধান্ত গ্রহণকারী এবং চাপ সৃষ্টিকারী আলোচনা**

বোর্ডে লিখুন "লক্ষ্য দল" "সিদ্ধান্ত গ্রহণকারী", এবং "চাপ সৃষ্টিকারী", এবং এদের সংজ্ঞা দিন। ব্যাখ্যা করুন যে পানিসম্পদ ব্যবস্থাপনায় শক্তভাবে অংশগ্রহণ করার জন্য আপনার ওকালতির লক্ষ্য মূলত দুই ধরনের মানুষঃ সিদ্ধান্ত গ্রহণকারী, অথবা সেই সব লোকজন যাদের ক্ষমতা এবং মালিকানা রয়েছে- প্রাতিষ্ঠানিক বা অপ্রাতিষ্ঠানিক- পরিবর্তন আনতে বা বন্ধ করতে; এবং চাপ সৃষ্টিকারী, বা এসব লোকদের যাদের সিদ্ধান্ত গ্রহণকারীদের উপর চাপ প্রয়োগ করার ক্ষমতা রয়েছে, এবং একইসাথে এইবিষয়ে জনসাধারণের মতামত তুলে ধরতে পারবে অথবা জনসাধারণকে উদ্বুদ্ধ করতে পারবে তাদের মতামত দেওয়ার জন্য।

কোন ধরনের সিদ্ধান্ত গ্রহণকারী এবং চাপ সৃষ্টিকারী এর উপর আপনি নজর বেশি দিবেন তা ঠিক করার জন্য, চিন্তা করতে হবে কার বেশি ক্ষমতা রয়েছে, কোন প্রক্রিয়ায় কাজ করতে হবে- প্রাতিষ্ঠানিক এবং অপ্রাতিষ্ঠানিক, এবং এই সমস্যাটি কিভাবে সমাধান করা সম্ভব এবং এ বিষয়ে কাজ করতে কার সদিচ্ছা রয়েছে. চিন্তা করুন:

**সিদ্ধান্ত গ্রহণকারীঃ**

- কোন পরিবর্তন নিয়ে আসার জন্য বা কোনো পরিবর্তন বন্ধ করার জন্য কার ক্ষমতা বা মালিকানা রয়েছে? কে সিদ্ধান্ত নেয় যে কোন সমস্যা সমাধান করা হবে নাকি তা এড়িয়ে যাওয়া হবে?
- তাদের কর্তব্য কি? তারা কোন কাজের জন্য দায়িত্বশীল?
- তাদের ক্ষমতার উৎস কি?
- তাদের সীমাবদ্ধতা সমূহ কি? তারা কিসে ভয় পায়?

**প্রাতিষ্ঠানিক এবং অপ্রাতিষ্ঠানিক কাঠামোঃ**

- প্রাসঙ্গিক সিদ্ধান্ত গ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ কারা? সরকারি বিভিন্ন বিভাগসমূহ, মন্ত্রণালয়, সংস্থা, কমিটি, কাউন্সিল, পরিচালনা পর্ষদ, মজুতদার, ইত্যাদি।
- তারা কিভাবে সংঘটিত? বিভিন্ন দল বা সংস্থা কিভাবে একে অন্যের সাথে সম্পর্কিত? বিভিন্ন পর্যায়?

**সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়া**

- কোন বিষয় কিভাবে একটি সমস্যা সমাধানের গুরুত্বপূর্ণ অংশ?
- কিভাবে একটি সমাধান খুঁজে বের করা হয়, চিন্তা করা হয়, এবং প্রয়োগ করা হয়? এর প্রক্রিয়াটি কি?
- এই সমস্যার সমাধানে বা সিদ্ধান্ত গ্রহণে কি জনসাধারণের অংশগ্রহণের সুযোগ আছে?
- সিদ্ধান্ত গ্রহণকারীরা কি জনসাধারণের সাথে আলোচনা করে কোন একটি বিষয়ে সমাধান গ্রহণ করার জন্য বা বিকল্প সিদ্ধান্ত গ্রহণ করার জন্য? যদি তাই হয়, তাহলে প্রকল্প প্রক্রিয়ার কোন পর্যায়ে? কোন ধরনের কার্যপদ্ধতি অনুসরণ করে? এই ধরনের আলোচনা কি সিদ্ধান্ড়কে প্রভাবিত করে? যদি করে, কিভাবে?
- এই কার্যপদ্ধতিতে কাদের প্রবেশাধিকার রয়েছে? কাদের বেশি গুরুতসহকারে নেওয়া হয়? উত্থাপিত হয়? শোনা হয়? গুরুত্বপূর্ণ হিসেবে বিবেচিত হয়?

**৩:১৫-৪:০০** **অংশীদারিত্ব ম্যাপিং**

একটি পোস্টার পেপারে নিচের ডায়াগ্রামটি আঁকুন, এবং বোর্ডে লাগিয়ে দিন। অংশগ্রহণকারীদের ডায়াগ্রামটি ব্যাখ্যা করে বুঝিয়ে বলুন এবং তাদেরকে বলুন তারা যেন পূর্ববর্তী আলোচনার উপর ভিত্তি করে পানি ব্যবস্থাপনা বিভিন্ন অংশীদারিত্বের সম্পর্কে চিন্তা করে। সিদ্ধান্ত গ্রহণকারী এবং চাপ গ্রহণকারীদের বিষয়ে মূল লক্ষ্য রাখুন। যত বেশি সম্ভব তালিকা তৈরি করুন। সরকারি সংস্থা, বেসরকারি সংস্থা, অর্থনৈতিক দল, গবেষক, মিডিয়া ইত্যাদি।

অংশগ্রহণকারীদের ক্ষমতা বিশেষণ ভাগে সিদ্ধান্ত গ্রহণকারীদের রাখতে বলুন, তা হবে ক্ষমতার স্ড়র এবং আপনার ওকালতির সময়ে সাথে তাদের একমত হওয়ার সম্ভাবনা অথবা তাদেরকে রাজি করানোর ব্যাপারে আপনার ক্ষমতা অনুসারে। তারপর অংশগ্রহণকারীদের আমন্ত্রণ জানান তারা যেন পরিবর্তনকারীদের, সিদ্ধান্ত গ্রহণকারীদের উপর বসায় এমন ভাবে, যার ফলে বোঝা যায় যে তারা সিদ্ধান্ত গ্রহণকারীদের উপর চাপ প্রয়োগ করতে পারছে। যখন সবাই শেষ করবে, প্রত্যেক অংশীদারি সম্পর্কে আলোচনা করুন। অংশগ্রহণকারীদের জিজ্ঞেস করুন তাঁরা কেন তাঁদের কাগজ এখানে লাগিয়েছে?

**৪:০০-৪:৩০** **অধিকার বিষয়ক ওকালতি সম্পর্কিত চলচ্চিত্র**

অংশগ্রহণকারীদের সবাইকে একটি চলচ্চিত্র প্রদর্শন করুন যেখানে দেখানো হয়েছে যে একটি কমিউনিটির লোকজন কিভাবে তাদের জীবন পরিবর্তনকারী একটি বিষয় ওকালতি করে। চলচ্চিত্রটি শেষ হওয়ার পর ওই কমিউনিটির লোকজন কোন পদ্ধতিতে আলোচনা চালিয়েছে সে সম্পর্কে আলোচনা করুন, তারা কি সফল হয়েছিল এবং তারা কি কি বাধার সম্মুখীন হয়েছিল, এবং চলচ্চিত্রের মতো একই কিংবা ভিন্ন কোন কোন বিষয় এই কমিউনিটির সদস্যরা তাদের জীবনে ঘটতে দেখছে কিনা সে সম্পর্কেও জানুন।

## মডিউল ৮

# মাঠ পরিদর্শন প্রস্তুতিঃ কমিউনিটি ভিত্তিক গবেষণা দক্ষতা

কমিউনিটি ভিত্তিক গবেষণা হলো এমন একটি পদ্ধতি যার মাধ্যমে কমিউনিটির সদস্যারা তাদের স্থানীয় জ্ঞানের মাধ্যমে কোন একটি সমস্যা চিহ্নিত করে, সমস্যার মূল সম্পর্কে বিশেষণ করে, এবং সমাধান প্রস্ড়্ব করে। এই প্রক্রিয়ার মাধ্যমে, কমিউনিটির সদস্যরা তাদের জীবন ও জীবিকা অনুসারে তাদের জন্য যে ধরণের উন্নয়ন সবার আগে প্রয়োজন তা চিহ্নিত করতে পারে এবং তাদের পানিসম্পদ রক্ষা করতে পারে।

কমিউনিটি ভিত্তিক গবেষণা একটি শক্তিশালী মাধ্যম কারণ এই পদ্ধতির শুরুএবং শেষ উভয় ক্ষেত্রেই যে উন্নয়ন মডেল অনুসরণ করা হয় তা কমিউনিটির চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ। এই প্রক্রিয়ায় সকলের সাথে সকলের ক্ষমতার বিনিময় করা হয় এবং সকলের বলার সুযোগ থাকে।[১৩] যখন নদী ব্যবহারকারীরা তাদের স্থানীয় জ্ঞাণের ভিত্তিতে নদীর বাস্তুসংস্থান বিষয়ক পরিবর্তন নিয়ে কথা বলার জন্য একত্রিত হয়, তারা বেশিরভাগ ক্ষেত্রেই গুরুত্বপূর্ণ তথ্য আবিষ্কার করে যা সিদ্ধান্ত গ্রহণকারী এবং পরিকল্পনাকারীরা না ও জানতে পারে। এই প্রক্রিয়ার মাধ্যমে কমিউনিটির মানুষেরা যে সকল সমস্যার মুখোমুখি হচ্ছে তা উন্মোচন করতে পারে এবং তাদের জ্ঞান ও আত্মবিশ্বাস ফিরিয়ে আনতে পারে।

এই মডেল এবং তার সাথে জড়িত মাঠ পরিদর্শনন এমনভাবে পরিকল্পনা করা হয়েছে যে, এটি অংশগ্রহনকারীদের অনেক বড় পরিসরে নদী ব্যবহারকারী হিসেবে তারা যে সমস্যাগুলোর মুখোমুখি হয় সেগুলো দেখতে সাহায্য করবে। সাক্ষাৎকারের জন্য প্রশ্ন এবং খুব মনযোগের সাথে শোনা এবং সেগুলো জটিলভাবে বিশেষণ করা খুবই গুরুত্বপূর্ণ। এটি অংশগ্রহনকারীদের একাত্মতা, এবং দায়িত্বশীলতা ভাগ করে নিতে শেখাবে যার মাধ্যমে তারা নদী রক্ষার জন্য যৌথভাবে ওকালতিতে অংশ নিতে পারবে।

**উদ্দেশ্যসমূহঃ**

- কমিউনিটি ভিত্তিক গবেষণা পদ্ধতি সম্পর্কে জ্ঞান লাভ করা।
- কিভাবে বিভিন্ন ধরণের নদী ব্যবহারকারীদের কাছে পৌছাতে হবে এবং তথ্য সংগ্রহ করতে হবে স্থানীয় পানি সম্পদের পরিবর্তন, এবং জীবিকার পরিবর্তন বিষয়ে সে সম্পর্কে জানা।
- পানি সম্পদ ব্যবস্থাপনা সম্পর্কে কিভাবে প্রশ্ন তৈরি করতে হবে এবং উত্তর সংগ্রহ করতে হবে সে সম্পর্কে জানা
- কিভাবে একটি পরিস্থিতির গুরুতঅনুধাবন করা যায় এবং সে অনুসারে প্রতিক্রিয়া জানানো যায় সে সম্পর্কে জানা
- পানি সম্পদ ব্যবস্থাপনা এবং নদী সুরক্ষায় বিভিন্ন কমিউনিটি যারা একই ধরনের সমস্যার সম্মুখীন হচ্ছে তাদের মধ্যে একাত্মতা তৈরি করা

**উপকরণসমূহঃ**

- বোর্ড
- পোস্টার পেপার, কম্পিউটার
- প্রজেক্টর
- ভিডিও
- সংবাদপত্রের খবর
- ছবি
- যে
- কমিউনিটি পরিদর্শন করা হবে সে কমিউনিটির মানচিত্র।

3 কমিউনিটি ভিত্তিক গবেষণা সম্পর্কে আরো ভালোভাবে জানার জন্য নিচের লিংক এ প্রবেশ করুন। https://accountabilityproject.org/work/community-organizing/community-action-guides/

**৯:০০-৯:৩০** **অংশগ্রহণকারীদের মাঠ পরিদর্শনের লক্ষ্য সম্পর্কে বলুন**

- আমাদের নদীর উজানে এবং ভাটিতে অবস্থানকারী বিভিন্ন কমিউনিটির মানুষদেরকে কিভাবে পানি ব্যবস্থাপনার বিভিন্ন বিষয় প্রভাবিত করছে সে সম্পর্কে জানা
- পানি ব্যবস্থাপনায় কোন একটি কমিউনিটি কিভাবে সিদ্ধান্ত গ্রহণকারী দের সাথে যোগাযোগ করেছে বা একত্রিত হয়েছে সে সম্পর্কে জানা
- পানিসম্পদ ব্যবস্থাপনায় অংশগ্রহণ করতে কোন একটি কমিউনিটি সদস্যরা কি কি ধরনের বাধার সম্মুখীন হয়েছে, এবং তারা কীভাবে সে সমস্যার সমাধান করেছে।
- আমরা যা শিখব তা আমাদের নিজের কমিউনিটিতে কাজে লাগাবো
- পানি ব্যবস্থাপনা একে অন্যের চেষ্টাকে সাহায্য করা এবং সকলে মিলে একত্রে আমাদের পানি সম্পদ রক্ষা করা সম্পর্কে জানব

**৯:৩০-১০:৩০** **কমিউনিটির সাথে পরিচয়**

মাঠ পরিদর্শন কার্যক্রম পরিচালনা করার জন্য, কর্মশালার সদস্যদের অবশ্যই পূর্ব থেকে এমন একটি কমিউনিটি বাছাই করে রাখতে হবে যাদের উন্নয়ন প্রকল্পের কারণে পানি সম্পদ ব্যবস্থাপনার সাথে সম্পর্কিত ঘটনা আছে অথবা বর্তমানে এমন কিছু ঘটছে, যেমন হাইড্রো পাওয়ার বা সেচ বাঁধ, পানিপথ পরিবর্তনকারী প্রকল্প, বাঁধ নির্মাণ, খনি খনন কার্যক্রম, বা যেকোনো ধরনের শিল্প কারখানা সম্পর্কিত কার্যক্রম যার ফলে নদীতে যাবার সুযোগ কমে গেছে, নদীর জলস্রোত কমে গেছে, বা নদীর পানির গুণগত মান নষ্ট হয়েছে।

মাঠ পরিদর্শন যে এলাকায় হবে সে এলাকা সম্পর্কে অংশগ্রহণকারীদের ধারণা দিন এবং সেই এলাকার মানুষজন পানি সম্পদ ব্যবস্থাপনা সম্পর্কিত যে সমস্যার সম্মুখীন হচ্ছে সে সম্পর্কে ধারণা দিন। ওই বিষয়ের সাথে সম্পর্কিত যেকোন ধরনের খবর, ভিডিও, প্রবন্ধ, মানচিত্র, বা অন্য যেকোন তথ্য অংশগ্রহণকারীদের সাথে বিনিময় করুন যাতে তারা বিষয়টি ভালোভাবে বুঝতে পারে এবং প্রশ্ন তৈরি এবং আলোচনা করার জন্য পর্যাপ্ত প্রস্তুতি নিতে পারেন।

**১০:৩০-১১:০০** **মাঠ পরিদর্শনে প্রস্তুতি**

অংশগ্রহণকারীদের জোড়ায় জোড়ায় বিভক্ত হতে বলুন এবং তাদেরকে বলুন যে তারা ওই কমিউনিটি যে ধরনের সমস্যার সম্মুখীন হচ্ছে সে সম্পর্কে ভালভাবে বুঝার জন্য পূর্ব থেকেই প্রস্তুতি নিতে হবে। প্রত্যেক দলকে আলোচনা করার জন্য ১০ মিনিট সময় দিন। তারপর, তারা যা নিয়েআলোচনা করেছে তা ক্লাসের সামনে উপস্থাপন করতে বলুন, তাদের চিন্ড়াগুলো বোর্ডে লিখুন। এর মধ্যে থাকতে পারেঃ

- ওই কমিউনিটির অতীত ইতিহাস সম্পর্কে জানা এবং তারা মূলত কিভাবে তাদের জীবিকা নির্বাহ করে সে সম্পর্কে জানা
- তারা কীভাবে প্রথম জানতে পেরেছে যে এই ধরনের একটি প্রকল্পের কারণে পানি সম্পদ ব্যবস্থাপনার উপর প্রভাব পড়বে
- এই প্রকল্প তাদের কমিউনিটি তে কি ধরনের পরিবর্তন নিয়ে এসেছে, ইতিবাচক এবং নেতিবাচক উভয় উপায়েই
- এই পরিবর্তনের ফলে বিভিন্ন কমিউনিটি সদস্যরা কিভাবে তাদের প্রতিক্রিয়া জানিয়েছে
- এই পরিবর্তনের ফলে কমিউনিটি সদস্যরা কোনো ঝুঁকির সম্মুখীন হয়েছে কিনা
- অন্য যে সকল কমিউনিটি একই ধরনের সমস্যার মুখোমুখি হচ্ছে তাদের জন্য এই কমিউনিটির সদস্যদের কি পরামর্শ রয়েছে

**১১:০০-১১:১৫** **বিরতি**

**১১:১৫-১২:০০** **সাক্ষাৎকার প্রশ্ন তৈরীর প্রক্রিয়া সম্পর্কে জানা**

অংশগ্রহণকারীদের বলুন যে তারা মাঠ পরিদর্শনের সময় ওই কমিউনিটির মানুষজনকে জিজ্ঞাসা করার জন্য প্রশ্ন তৈরি করবে এবং তা হবে জোড়ায় জোড়ায়। অংশগ্রহণকারীদের বলুন যে সাক্ষাৎকার গ্রহণের সময় কি ধরনের প্রশ্ন করা সঠিক উত্তর নিশ্চিত করবে । উত্তর সমূহের মধ্যে থাকতে পারেঃ

- সাধারণ খোলা প্রশ্ন করুনঃ কে? কি? কখন? কোথায়? কেন? কিভাবে? কী ঘটেছিল তা কি আপনি বর্ণনা করতে পারেন?
- অনুসরণ মূলক প্রশ্ন করুনঃ আপনি কি আরও তথ্য দিতে পারেন? আপনি কি আরও বিস্তারিতবলতে পারেন?
- খুব জরুরি না হলে শুধুমাত্র হ্যা এবং শুধুমাত্র না বোধক প্রশ্ন করবেন না।
- অনুসরণীয় প্রশ্ন করবেন না, যেমন, "বাঁধটি কিভাবে আপনার জীবিকার ধ্বংস করেছে?" এই ধরনের প্রশ্ন পরিবর্তিত হওয়া উচিত, "এই বাঁধের কারণে কি আপনার জীবিকায় কোন ধরনের পরিবর্তন এসেছে?"
- একবারে কেবল একটি প্রশ্ন করুন। জিজ্ঞেস করবেন না "কখন এবং কোথায় এটি হয়েছিল?" বরং "কখন এটি ঘটেছিলো?" তারপর "কোথায় এটি ঘটেছিলো?"
- প্রত্যক্ষদর্শী উত্তর খোঁজার চেষ্টা করুনঃ আপনি কিভাবে জানেন?
- একটি সময়ক্রম তৈরি করুনঃ প্রথমে কি ঘটেছে? তারপর কি ঘটেছিল? তারপর কি ঘটেছিল? এরপরে কি ঘটেছিল? এবং তারপরে কি ঘটেছিল?

গবেষণা দলে ভাগ করুন। বোর্ডে তিন থেকে পাঁচ ধরনের পানি ব্যবহারকারীর নাম লিখুন। উদাহরণ হিসেবে থাকতে পারে নারী, মৎস্যজীবী, কমিউনিটি নেতা, যুবক-যুবতী, কৃষক। অংশগ্রহণকারীদের বলুন তারা যেন বোর্ডের কাছে আসে এবং তারা যে দলের সাথে কাজ করতে আগ্রহী সে দলের নিচে তাদের নাম লিখে।

**১২:০০-১:৩০** **মধ্যাহ্নভোজের বিরতি**

**১:৩০-৩:০০** **সাক্ষাৎকারের প্রশ্ন তৈরি**

অংশগ্রহণকারীদের বলুন তারা যখন কমিটির সদস্যদের সাথে মিলিত হবে তখন তারা কি ধরনের প্রশ্ন করতে চায় তারা যেন তারা তৈরি করে। প্রত্যেক দলকে তাদের প্রশ্ন তৈরি করার জন্য ৩০ মিনিট সময় দিন।

প্রত্যেক দলকে তাদের তৈরিকৃত প্রশ্ন সকলের সাথে শেয়ার করতে বলুন। অংশগ্রহণকারীদের সকলকে প্রত্যেক দলের প্রশ্নের উপর তাদের প্রতিক্রিয়া জানাতে বলুন, এবং প্রয়োজনে-সংযোজন বিয়োজন করতে বলুন যাতে প্রশ্নগুলো আরও উন্নত মানের হয়। এটা নিশ্চিত করুন যে প্রশ্নগুলো যাতে খোলা হয়, এবং অনুসরণীয় না হয়। এটি করতে প্রচুর অনুশীলনের প্রয়োজন।

**৩:০০-৩:১৫** **বিরতি**

**৩:১৫-৩:৩০** **সম্মতি স্থাপন**

ব্যাখ্যা করুন যে যেহেতু পানি ব্যবস্থাপনা বিষয়টি নাজুক তাই কমিউনিটির সদস্যদের সাথে কথা বলার পূর্বে তাদের সম্মতি নেয়া প্রয়োজন। অংশগ্রহণকারীদের" অবগতিমূলক সম্মতি" বুঝিয়ে বলুন। এটি কেন গুরুত্বপূর্ণ? কারো সম্মতি নেয়া ছাড়া কোন সাক্ষাৎকার গ্রহণ করা কেন অনৈতিক তা বুঝিয়ে বলুন?

কিভাবে অবগতি মূলক সম্মতি অর্জন করতে হয়ঃ

১. আপনার পরিচয় দিন এবং আপনার উদ্দেশ্য সম্পর্কে বলুন। আপনি বুঝিয়ে বলুন কেন আপনি এ সম্পর্কে জানতে আগ্রহী।
২. সাক্ষাৎকার প্রদানকারী কে কোন ধরনের চাপ ছাড়া তার নিজের পছন্দ অনুসারে উত্তর প্রদান করতে দিন, এবং তাকে জিজ্ঞেস করুন যে তিনি কোথায় উত্তর প্রদান করতে পছন্দ করেন।
৩. সাক্ষাৎকার প্রদানকারীর উত্তর রেকর্ড করার পূর্বে তার অনুমতি নিয়ে নিন, সেটা হতে পারে লিখিত অথবা আপনার মোবাইল ফোনে। তারা চাইলে মানা করতে পারেন। যদি তারা রাজি হয়, জিজ্ঞেস করুন যে তারা অপরিচিত হিসেবে কথা বলতে চান কিনা।
৪. অনুমতি ব্যতীত কারো ছবি তুলবেন না।

**৩:৩০-৪:০০** **একটি সাক্ষাৎকার উপাদানসমূহ**

একটি সাক্ষাৎকার উপাদান হিসেবে নিচের বিষয়গুলো খেয়াল করুনঃ

- আপনার পরিচয় দিন এবং আপনার উদ্দেশ্য সম্পর্কে বলুন

- গোপনীয়তা আলোচনা করুন
- সাক্ষাৎকার প্রদান করে দেয়ার অনুমতি নিন এবং এটা নিশ্চিত করুন যে তারা অপরিচিতি হিসেবে সাক্ষাৎকার প্রদান করতে চায় কিনা।
- সাক্ষাৎকার প্রদানকারীদের প্রশ্ন করুন
- সাক্ষাৎকার প্রদানকারীদের আলোচনা চালিয়ে যেতে উৎসাহ দিন
- মনোযোগ সহকারে শুনুন
- যদি সাক্ষাৎকার প্রদানকারী রাজি হয় তাহলে সাক্ষাৎকার নোট নিন বা রেকর্ড করুন
- সাক্ষাৎকার প্রদানকারী দেশ যদি কোন প্রশ্ন থাকে তাহলে তা তাদের করতে দিন
- তাদের কাছে সাক্ষাৎকার নেওয়ার মতো অন্য কারো পরিচয় জিজ্ঞেস করুন
- সাক্ষাৎকার প্রদানকারীদের তাদের সময় দেওয়ার জন্য তাদের ধন্যবাদ দিন

পানিসম্পদ ব্যবস্থাপনার বিষয়সমূহ বিভিন্নভাবে একটি কমিউনিটির জীবন-জীবিকা কে প্রভাবিত করতে পারে এবং তাদের অধিকার ক্ষুন্ন করতে পারে। এমনকি তারা পরিস্থিতি অনেক নাজুক এবং ভীতিকর করে তুলতে পারে। সাক্ষাৎকার গ্রহণ করার সময় নাজুক বিষয়গুলো সামাল দেওয়ার বিষয়ে আলোচনা করুনঃ

- আপনার সাক্ষাৎকার গ্রহণকারীদের ক্ষুন্ন করবেন না এবং প্রয়োজনে বিরতি নিন
- যতক্ষণ পর্যন্ড় না আপনি সাক্ষাৎকার গ্রহণকারীদের বিশ্বাস অর্জন করতে না পারেন ততক্ষণ পর্যন্ড় কোন নাজুক বিষয় নিয়ে আলোচনা করবেন না
- কোন ভয়ঙ্কর অভিজ্ঞতা নিয়ে আলোচনা করার জন্য কাউকে জোর করবেন না
- দলীয় ভিন্নতার বিষয়ে খেয়াল রাখুন, এবং সম্ভব হলে ব্যক্তিগতভাবে সাক্ষাৎকার গ্রহণ করুন
- সংস্কৃতির উপর ভিত্তি করে, একজন পুরুষ গবেষকের অবশ্যই একজন নারী সাক্ষাৎকার প্রদানকারী সাক্ষাৎকার একান্ড়েগ্রহণ করা উচিত হবে না। এসব ক্ষেত্রে, এটা নিশ্চিত করুন যে একজন নারী সাক্ষাৎকার প্রদানকারী সাক্ষাৎকার অবশ্যই যেন একজন নারী গবেষক গ্রহণ করে, অন্ড়ত এটা নিশ্চিত করার চেষ্টা করুন যাতে এসব ক্ষেত্রে একজন নারী উপস্থিত থাকে।
- অভিভাবকের অনুমতি ছাড়া কোন শিশুর ছবি তুলবেন না বা সাক্ষাৎকার গ্রহণ করবেন না
- শিশুদের উপস্থিতিতে বড়দের সাথে কোন জটিল বা কষ্টকর বিষয় নিয়ে আলোচনা করবেন না
- যৌন নির্যাতন সম্পর্কে কোনো নারীকে অবশ্যই কোনো পুরুষ গবেষক প্রশ্ন করবেন না

**৪:০০-৪:৩০**

**সাক্ষাৎকার অনুশীলন**

- সকল অংশগ্রহণকারীদের দুটি দলে ভাগ করুনঃ এক দল থাকবে খারাপ সাক্ষাৎকার প্রদানকারী দল এবং অন্য দল ভালো সাক্ষাৎকার প্রদানকারী দল। প্রত্যেক দল থেকে একজন সাক্ষাৎকার প্রদানকারী এবং একজন সাক্ষাৎকার গ্রহণকারী নির্বাচিত করতে বলুন। প্রত্যেক দলকে ছায়া সাক্ষাৎকার গ্রহণের জন্য ১৫ মিনিট সময় দিন।
- খারাপ সাক্ষাৎকার প্রদানকারী দলকে পাসের সকলের সামনে তাদের সাক্ষাৎকার পর্ব পরিচালনা করতে বলুন। সাক্ষাৎকার গ্রহণকারীর, সাক্ষাৎকার গ্রহণের খারাপ পদ্ধতি কিছু হাস্যরসের অবতারণা করবে। সাক্ষাৎকারের শেষে, শ্রেণীর সকলকে জিজ্ঞেস করুন যে সাক্ষাৎকার গ্রহণকারী কি ভুল করেছে। সাক্ষাৎকার প্রদানকারীকে জিজ্ঞেস করুন যে ভুল সাক্ষাৎকার গ্রহণকারী তাকে কি অনুভব করিয়েছে। শ্রেণীর সকলকে জিজ্ঞাসা করুন কোথায় উন্নতি করার প্রয়োজন।
- ভালো সাক্ষাৎকার প্রদানকারী দলকে শ্রেনীর সকলের সামনে তাদের সাক্ষাৎকার পর্ব পরিচালনা করতে বলুন। তারা কি ঠিক করেছে? এর ফলে কিভাবে সাক্ষাৎকার প্রদানকারীর কাছ থেকে সঠিক তথ্য নিয়ে আসা হয়েছে? সাক্ষাৎকার প্রদানকারী কে জিজ্ঞেস করুন সাক্ষাৎকার প্রদানের সময় তিনি কেমন অনুভব করেছেন।এমন কিছু কি রয়েছে যার ফলে এই সাক্ষাৎকার পর্ব কে আরো ভালো এবং উন্নত করা যায়?

সবশেষে, ভ্রমনের জন্য প্রয়োজনীয় উপকরণসমূহ আবার নিরীক্ষা করুন, বিশেষ করে খাবার এবং থাকার ব্যবস্থা। যদি শ্রেনির সবাই কোন প্রান্তিক জনগোষ্ঠী বা আদিবাসী কমিউনিটি ভ্রমণ করে, তাহলে চেষ্টা করুন ঐ গোষ্ঠীর একজন সদস্যের সাথে পূর্বেই যোগাযোগ করতে যাতে তিনি ঐ গোষ্ঠীর সংস্কৃতি, আদব এবং অন্যান্য বিষয়গুলো সম্পর্কে ধারণা দিতে পারেন।

**মডিউল ৯**

# পানি সম্পদ ব্যবস্থাপনা সম্পর্কিত মাঠ পরিদর্শন

**উদ্দেশ্যসমূহঃ**

- পানিসম্পদ ব্যবস্থাপনা সম্পর্কিত বিভিন্ন বিষয় সম্পর্কে কাছাকাছি কমিউনিটির দৃষ্টিভঙ্গি সম্পর্কে জানা।
- কিভাবে একটি কমিউনিটি পানি সম্পদ ব্যবস্থাপনায় সিদ্ধান্ত গ্রহণকারীদের সাথে সংলাপে যুক্ত হয়েছে যাতে তারা পরিকল্পনা বা সিদ্ধান্ত গ্রহনকালীন সময়ে তাদের অংশগ্রহণ নিশ্চিত করতে পারে।
- কমিউনিটির সদস্যদের কাছ থেকে জানা যে এই প্রক্রিয়ার বিভিন্ন ধাপে কমিউনিটির সদস্যদের কাছ থেকে মুক্ত, পূর্ব এবং অবগতিসূচক সম্মতি নেওয়া হয়েছিল কিনা।
- পানিসম্পদ ব্যবস্থাপনায় অংশগ্রহণের সময়ে কমিউনিটির সদস্যরা কিভাবে বিভিন্ন ধরণের সমস্যার সম্মুখীন হয়েছে এবং কিভাবে তারা এসব সমস্যার সমাধান করেছে।
- অংশগ্রহনকারীরা যাতে তাদের শেখা বিভিন্ন বিষয় নিজ কমিউনিটিতে কাজে লাগাতে পারে সেদিকে খেয়াল রাখা।
- যে সকল কমিউনিটি পানি সম্পদ ব্যবস্থাপনা এবং নদী সুরক্ষার বিষয়ে একই ধরণের সমস্যার মুখোমুখি হয়েছে তাদের মধ্যে একাত্মতা তৈরী করা

**উপকরণসমূহঃ**

- নোটবুক
- কলম
- ক্যামেরা এবং রেকর্ড করার জন্য মোবাইল ফোন
- কমিউনিটির জন্য উপহার।

**মাঠ পরিদর্শনের প্রস্তাবিত কাঠামোঃ**

১. কমিউনিটির সদস্যদের সাথে আলোচনা করে একটি দলীয় সভা আয়োজন করার জন্য সকলের জন্য সহজ এমন একটি স্থান নির্বাচন করুন। যখন দলের সবাই এসে পৌছাবে, তখন সকলের সাথে পরিচিত হোন, আয়োজককে ধন্যবাদ জানান, এবং কমিউনিটির নেতা বা বয়স্কদের আমন্ত্রণ জানান তারা যাতে সবাইকে আনুষ্ঠানিকভাবে পরিচয় করিয়ে দেন এবং দলটির কিছু ইতিহাস আলোচনা করেন। প্রশ্ন-উত্তরের জন্য সময় বরাদ্দ রাখুন।

২. পূর্ববর্তী দিনে গবেষণার জন্য ভাগ করা গবেষণার দল যেমন নারী, মৎস্যজীবী, কমিউনিটি নেতা, যুবক-যুবতী, কৃষক ইত্যাদি অনুসারে অংশগ্রহণকারীদের ছোট ছোট দলে ভাগ করুন। প্রত্যেক ছোট আলোচনার জন্য পর্যাপ্ত সময় বরাদ্দ রাখুন।

৩. কমিউনিটির সদস্যদের সাথে মধ্যাহ্নভোজ বিনিময় করুন।

৪. মধ্যাহ্নভোজের পর, কমিউনিটির মুখপাত্রকে ওই কমিউনিটি ঘুরিয়ে দেখাতে বলুন। স্থানীয় পানিপথ, খামার, বাগান, মাছ ধরার জায়গা, এবং যেকোন ধরনের উন্নয়ন যা কমিউনিটির পানি সম্পদ ব্যবহারে বাধা দিচ্ছে তা

ঘুরে দেখুন।

৫. যদি সময় থাকে, তাহলে অংশগ্রহণকারীদের বলুন তারা যেন কমিউনিটির সদস্যদের সাথে নিজ থেকে একা একা কথা বলে বা সাক্ষাৎকার নেন।

৬. একটি দিনের ভ্রমণের জন্য, সকলে জমায়েতের জন্য নির্দিষ্ট জায়গায় একত্রিত হন, কমিউনিটির সদস্যদের ধন্যবাদ দিন, তাদের উপহার দিন, এবং সম্ভব হলে কমিউনিটি বিদ্যালয়ের জন্য কিছু দান করুন।

৭. অংশগ্রহণকারীদের একজনকে দলের উদ্দেশ্য সম্পর্কে কমিউনিটির লোকদের বুঝিয়ে বলতে বলুন এবং বলতে বলুন যে নদী ব্যবহারকারী হিসেবে একত্মতা প্রকাশ করার জন্য আমরা আছি । প্রয়োজনে সঞ্চালক অংশগ্রহণকারী মুখপাত্রের সাথে পূর্ব থেকেই এ বিষয়ে আলোচনা করবেন এবং তাকে সাহায্য করবেন।

৮. যদি কোন ভ্রমণে থাকার ব্যবস্থা করা প্রয়োজন হয়, যেমন দিবারাত্রির ভ্রমণ, তাহলে ওই কমিউনিটির নিজের সাথে কথা বলে একত্রে রাতের খাবারের ব্যবস্থা করুন এবং সাংস্কৃতিক বিনিময় অনুষ্ঠানের আয়োজন করুন যেমন গান বা নাচ, বক্তব্য এবং আয়োজকদের ধন্যবাদ দেওয়ার জন্য ছোট একটি অনুষ্ঠান। পরবর্তী দিন সকালে ফেরত আসার পূর্বে তাদের উপহার দিন।

**মাঠ পরিদর্শন আয়োজনের নোটঃ**

- মনে রাখবেন যে মাঠ পর্যায়ে পরিদর্শনের জন্য প্রচুর পূর্ব প্রস্তুতি এবং পরিকল্পনা প্রয়োজন। প্রয়োজনে আপনি পূর্বেই ওই কমিউনিটিতে ভ্রমণ করুন, কমিউনিটির নেতার সাথে এই ভ্রমণের বিষয়ে আলোচনা করুন, তাদেরকে এই ভ্রমণের উদ্দেশ্য সম্পর্কে ভালোভাবে বুঝিয়ে বলুন এবং ভ্রমণের জন্য প্রয়োজনীয় সরঞ্জামাদি এর ব্যবস্থা করুন।

- কমিউনিটির নেতাদের জিজ্ঞেস করুন যে তাদের সময়ের জন্য তাদের ধন্যবাদ দেওয়ার উপায় হিসেবে কোন ধরনের উপহার তাদের জন্য সর্বোৎকৃষ্ট, এমনকি থাকার ব্যবস্থা বা খাবার ব্যবস্থা করার জন্য কি ধরনের আর্থিক লেনদেনের প্রয়োজন হবে অথবা কিভাবে তা ব্যবস্থা করা হবে। কোন ব্যক্তিগত লেনদেনের চাইতে কোন একটি দলের সাথে লেনদেন করা এবং সকল কিছু ব্যবস্থা করার আলোচনা করা উত্তম।

- এমন একটি কমিউনিটি বাছাই করুন যা পানি সম্পদ ব্যবস্থাপনার কোন বিষয় দ্বারা প্রভাবিত হয়েছে। তবে এটা নিশ্চিত করুন যে আপনি যখন ভ্রমণে থাকবেন তখন যেন ওই বিষয়টির চরম অবস্থায় না থাকে। কারণ এর ফলে ভ্রমণকারী এবং যে কমিউনিটিতে আপনি ভ্রমণ করবেন সে কমিউনিটি উভয়ের জন্যই তা বিপদজনক হতে পারে।

- কমিউনিটির মধ্যে বিভিন্ন দল সম্পর্কে সজাগ থাকুন, যেমন যারা উন্নয়ন প্রকল্পের পক্ষে এবং যারা উন্নয়ন প্রকল্পের বিপক্ষে। এটা অবশ্যই নিশ্চিত করতে হবে যে আপনার ভ্রমণের ফলে বিরোধ যেন উস্কে না উঠে।

- যৌন সহিংসতার বিরুদ্ধে সর্বদা সজাগ থাকুন এবং পূর্ব থেকেই প্রস্তুতি নিন, বিশেষ করে যখন রাতে থাকার প্রয়োজন হয়। যদি সাংস্কৃতিকভাবে অ্যালকোহল বা মদ জাতীয় পানীয় গ্রহণ করা অবশ্যম্ভাবী হয়ে পড়ে, তাহলে আপনার আমন্ত্রণ কার সাথে কথা বলে নিশ্চিত হোন সেটি যেন এমন একটি এলাকায় হয় যেটা সবার জন্য নিরাপদ , এবং নারী সদস্যদের পছন্দকে সম্মান জানানো হয়। যদি মদ জাতীয় পানীয় বিকেলে পানের আয়োজন করা হয় তাহলে তখন কোনো গুরুত্বপূর্ণ আলোচনা থেকে বিরত থাকুন,কারণ এর ফলে অনেক সময়ই নারী সদস্যরা আলোচনা থেকে বাদ পড়ে যায় এবং এটা সাম্যতার প্রকাশ ঘটায় না।

- নারী এবং পুরুষ সদস্যদের শোবার জায়গা একটি আরেকটি থেকে নির্দিষ্ট দূরত্বে আছে সেটা নিশ্চিত করতে হবে, শৌচাগার যাতে ভালোভাবে আলোকিত থাকে, এবং নারী সদস্যরা যাতে রাত্রে নিরাপদে ব্যবহার করতে পারে সেটি নিশ্চিত করতে হবে। যদি সম্ভব হয়, নারী অংশগ্রহণকারীদের ঘরের দরজা বন্ধ করার ব্যবস্থা করতে হবে। যদি এই ভ্রমণে স্থানীয় কমিউনিটি সদস্যদের সাথে থাকার ব্যবস্থা করা হয়, তাহলে নারীরা যে পরিবার সময়ের সাথে থাকবে সে পরিবার সময় এর ব্যাপারে পূর্ব থেকেই ভালোভাবে খোঁজখবর নিতে হবে, এবং ওই কমিউনিটির যে প্রতিষ্ঠান ব্যবস্থাপনার দায়িত্বে থাকবে সেই প্রতিষ্ঠান কোন নারী সদস্যকে অবশ্যই নারী অংশগ্রহণকারীদের সাথে থাকতে হবে।

মডিউল ১০

# মাঠ পর্যায়ের ভ্রমণ উপস্থাপনা, আন্তঃসীমান্ত পানি ব্যবস্থাপনা

**উদ্দেশ্যসমূহঃ**

- মাঠ পর্যায়ে ভ্রমণে জ্ঞান অর্জিত হয়েছে, তা সকলের সাথে বিনিময় করা
- আন্তঃসীমান্ত নদী ব্যবস্থাপনায় বিভিন্ন পক্ষ এবং বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা করা
- মাঠ পর্যায়ে ভ্রমণে জ্ঞান অর্জিত হয়েছে তা অংশগ্রহণকারীদের নিজ কমিউনিটিতে প্রয়োগ করা
- আমন্ত্রণকারী কমিউনিটির সাথে ভবিষ্যতে একাত্মতা প্রকাশ করার জন্য সম্ভাব্য উপায় নিয়ে আলোচনা করা

**উপকরণসমুহঃ**

- বোর্ড
- পোস্টার
- রঙিন কাগজ
- প্রজেক্টর
- কম্পিউটার
- আন্তঃসীমান্ত নদী ব্যবস্থাপনা কার্যক্রমের জন্য ছবি এবং সরঞ্জাম যার মধ্যে থাকবে একটি লম্বা নীল কাপড় বা কাগজ যার মাধ্যমে নদীকে চিহ্নিত করা হবে, এবং ৩০-৪০ টি ছবি যা নদী আশেপাশের বিষয়বস্তুকে বর্ণনা করবে। আপনি ঐতিহ্যগত কাপড়, বা মাছ ধরার সুতা থেকেও এ ধরনের উপকরণ তৈরি করতে পারেন, নদীর আশেপাশে থাকা বিভিন্ন দেশের বিভিন্ন পতাকা, স্থানীয় আঞ্চলিক, এবং জাতীয় নিয়ামক সংস্থা সমূহ চিহ্ন, ইত্যাদি থাকতে পারে।

**৯:০০-১২:০০** **মাঠ পরিদর্শন উপস্থাপনা এবং আলোচনা**

মাঠ পর্যায়ে পরিদর্শন শেষে অংশগ্রহণকারীদের বলুন তারা যেন নিয়ে গবেষণা দলের সাথে একত্রে ১৫ মিনিটে একটি উপস্থাপনা তৈরি করে তারা যা শিখেছে তার উপর। এই উপস্থাপনার ভিত্তি হবে মাঠ পর্যায়ে পরিদর্শন, সাক্ষাৎকার বা সভা থেকে প্রাপ্ত বিভিন্ন তথ্য, কমিউনিটির বিভিন্ন স্থানে পরিদর্শন থেকে প্রাপ্ত তথ্য, এবং এক সাক্ষাৎকার। সঞ্চালক অংশগ্রহণকারীদের

পরিদর্শন থেকে পাওয়া বিভিন্ন ছবি একটি সাধারন পাওয়ারপয়েন্ট স্লাইড যুক্ত করার মাধ্যমে তাদের উপস্থাপনে সাহায্য করতে পারেন। অংশগ্রহণকারীদের বলুন তারা যদি কমিউনিটি সদস্যদের কাছ থেকে গুরুত্বপূর্ণ বা শক্তিশালী উক্তি পেয়ে থাকে তারা যেন তা তাদের উপস্থাপ-নায় অন্তর্ভুক্ত করে।

প্রত্যেক দল উপস্থাপনা শেষ করার পর, একটি দলীয় আলোচনা শুরুকরুন (১) কিভাবে কমিটির সদস্যরা সিদ্ধান্ত গ্রহণকারী দের সাথে যোগাযোগ করেছে যাতে তারা উন্নয়ন পরিকল্পনা এবং প্রক্রিয়ায় সরাসরি জড়িত থাকতে পারে, (২) প্রকল্পের বিভিন্ন পর্যায় কি মুক্ত, প্রাথমিক , এবং অবগতি মূলক সম্মতি নেয়া হয়েছিল, (৩) কমিউনিটি সদস্যরা পানি ব্যবস্থাপনা বিষয়ক বিভিন্ন প্রকল্পে তাদের অংশগ্রহণ নিশ্চিত করার ক্ষেত্রে কি ধরনের সমস্যার সম্মুখীন হয়েছিল এবং তারা এ সমস্যাসমূহ কিভাবে সমাধান করেছিল, (৪) অংশগ্রহণকারীরা মাঠ পর্যায়ের পরিদর্শন থেকে যে জ্ঞান লাভ করেছে তা তারা তাদের নিজের কমিউনিটিতে কিভাবে কাজে লাগাতে পারে এবং (৫) যৌথভাবে ব্যবহৃত পানি সম্পদ সুরক্ষায় এবং যে সকল কমিউনিটি একত্রে ব্যবহার করে তাদের সকলের মধ্যে একতা বজায় রাখার জন্য কিভাবে একে অন্যকে সাহায্য করতে পারেন।

নোটঃ যদি পর্যাপ্ত সময় থাকে, তাহলে অংশগ্রহণকারী এবং আমন্ত্রণকারী কমিউনিটিদের একত্রে তোলা ছবি প্রিন্ট করুন এবং সেসব ছবি একটি কাজে লাগিয়ে অংশগ্রহণকারীদের স্বাক্ষর নিন এবং ধন্যবাদ সহ আমন্ত্রণকারী কমিউনিটির কাছে হস্তান্তর করুন। এটি ওয়ার্কশপের পর কমিউনিটির কাছে থাকতে পারে।

**১২:০০-১:৩০** **মধ্যাহ্নভোজের বিরতি**

**১:৩০-৩:৩০** **আন্তঃসীমান্ত পানি ব্যবস্থাপনা প্রদর্শন**[4]

**সঞ্চালকের জন্য নোটঃ** যদিও এ কার্যক্রমটি আন্তঃপানি ব্যবস্থাপনার জটিল প্রক্রিয়া সম্পর্কে ধারণা দেওয়ার একটি ভালো উপায়, তবে এ কার্যক্রম পরিচালনা করার জন্য পর্যাপ্ত পূর্ব প্রস্তুতি প্রয়োজন আছে। রূপক অর্থে নদী দেখানোর জন্য একটি লম্বা নীল কাপড় প্রয়োজন, এবং ৩০-৪০ টি ছবি প্রয়োজন। এই ছবিগুলোতে নদীর উভয় পাশে জীবন সম্পর্কে বিস্তারিতথাকবে, একেবারে শুরুথেকে গভীর পর্যন্ত সময়ের মধ্যে মৎস্যজীবী, বিভিন্ন ধরনের নৌকা এবং মাছ ধরার সরঞ্জাম, নদীর সাথে সম্পর্কিত বিভিন্ন ছোট ছোট জাতিগোষ্ঠী এবং তাদের ঐতিহ্যবাহী পোশাক, কলা এবং চিত্র, ইত্যাদি, গুরুত্বপূর্ণ ভৌগোলিক স্থান, প্রাকৃতিক সৌন্দর্যমন্ডিত স্থান যেমন ঝর্ণা, লেক ইত্যাদি, স্থানীয় জলজ জীবন সম্পর্কিত খাদ্যের উৎস, নদীর পাশে শহর এবং বন্দর, বৃহৎ স্থাপনা এবং উন্নয়ন প্রকল্প যেমন বাঁধ, হাইওয়ে, সেতু , খনি, সেচ প্রকল্প ইত্যাদি। আপনি ঐতিহ্যগত কাপড়, বা মাছ ধরার সুতা তৈরি করতে পারেন, নদীর আশেপাশে থাকা বিভিন্ন দেশের বিভিন্ন পতাকা, স্থানীয় আঞ্চলিক, এবং জাতীয় নিয়ামক সংস্থা সমূহ চিহ্ন, ইত্যাদি প্রস্তুত করতে পারেন।

- নীল কাপড়ের উপরের অংশ দেয়ালের উঁচু স্থানে লাগান এবং কাপড়টি শ্রেণিকক্ষে মেঝেতে লম্বা করে বিছিয়ে দিন। অংশগ্রহণকারীদের ব্যাখ্যা করে বলুন যে এই নীল কাপড়টি একটি নদীর রূপক হিসেবে ব্যবহৃত হচ্ছে যেখানে দেয়ালে লাগানো উচ্চ অংশটি নদীর উৎস এবং মেঝেতে থাকা কাপড়ের অংশটি নদীর চলার পথ।
- অংশগ্রহণকারীদের জিজ্ঞেস করুন যে তারা নদীর উৎস টি কোথায় বা কোন স্থানে সে সম্পর্কে জানে কিনা। সেটি কোন দেশে অবস্থিত, সেখানে কোন ধরনের স্থানীয় লোক বাস করে এবং তারা কিভাবে তাদের জীবিকা নির্বাহ করে?
- জিজ্ঞেস করুন যে নদীটি কোন কোন দেশের মধ্য দিয়ে প্রবাহিত হচ্ছে এবং কোন দেশে গিয়ে নদীটি সাগরে পতিত হচ্ছে
- অংশগ্রহণকারীদের জোড়ায় ভাগ হতে তে বলুন, এবং প্রত্যেক জোড়াকে ৬-৭ টি ছবি দিন। প্রত্যেক জোড়াকে বলুন তারা যেন ছবিগুলো মনোযোগ দিয়ে দেখে এবং বের করার চেষ্টা করে এই ছবিটা কোথা থেকে তোলা হয়েছে। প্রত্যেক দলকে চিন্তা করার জন্য ১০ মিনিট

4 This activity was originally developed by Tom Weerachat of International Accountability Project

সময় দিন।

- প্রত্যেক দলকে বলুন যে তারা তাদের ছবিগুলো যেন মেঝেতে বিছানো নদীর বিভিন্ন অংশের স্থাপন করে, যেখানে তারা মনে করছে যে এই ছবিটি থাকা উচিত।

- যখন প্রত্যেক দল তাদের ছবিটি নদীর বিভিন্ন স্থানে লাগানো শেষ করবে, তখন আপনার প্রস্তুতকৃত বিভিন্ন সরঞ্জাম তাদের কাছে দিন এবং তাদের বলুন সেগুলো যে যে স্থানে থাকা উচিত সেসব স্থানে যেন তারা রাখে।

- অংশগ্রহণকারীদের জিজ্ঞেস করুন যে যে স্থানের ছবি এবং বিভিন্ন সরঞ্জাম গুলো রাখা হয়েছে সেগুলো বিষয়ে সবাই একমত কিনা, এগুলো সঠিক ভৌগোলিক অবস্থান অনুসারে স্থাপন করা হয়েছে কিনা? বিতরকের জন্য সময় দিন এবং প্রয়োজনে ছবিগুলো স্থান পরিবর্তন করুন।

- বিভিন্ন প্রশ্নের মাধ্যমে আরও আলোচনা চালিয়ে যান, যেমনঃ আমাদের কমিউনিটি কোথায়? কোন ধরনের নিয়ামক সংস্থার পানি সম্পদ ব্যবস্থাপনার উপর নিয়ন্ত্রণ রয়েছে? প্রত্যেক এলাকায় পানির উৎস বা পানিসম্পদ সুরক্ষায় কোন ধরনের আইন রয়েছে, এবং নদী রক্ষায় কোন ধরনের আইন রয়েছে? দেশগুলোর মধ্যে পানি বন্টন বিষয়ক কোন চুক্তি আছে কি? কোন বড় ধরনের উন্নয়ন প্রকল্প কি নদী এবং তার আশেপাশের জনগোষ্ঠীকে প্রভাবিত করছে বা নদীর প্রবাহে বাধার সৃষ্টি করছে? এসব প্রকল্প গুলো কোথায় অবস্থিত, এ প্রকল্প গুলো কারা নিয়ন্ত্রণ করে, এই প্রকল্প গুলো থেকে কারা লাভবান হয়, এবং কারা সবচেয়ে খারাপ ভাবে ক্ষতিগ্রস্ড় হয়? শিল্প-কারখানা কি নদীদূষণ করছে? নদীর চারপাশে বসবাসকারী মানুষদের জন্য এসব নিয়ে আলোচনা করা, মতামত তুলে ধরা, এবং তাদের চিন্তা সকলের সামনে উপস্থাপন করার কি ধরনের সুযোগ রয়েছে? এমন কি কোন উদাহরণ রয়েছে যার মাধ্যমে আমরা বুঝতে পারি যে কোন একটি দল পানিসম্পদ ব্যবস্থাপনায় তাদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য ওকালতি করেছে এবং সফল হয়েছে?

- অংশগ্রহণকারীদের জিজ্ঞেস করুন যে নদীর আশেপাশে হচ্ছে এমন কোন বৃহৎ প্রকল্প সম্পর্কে তারা জানে কিনা। রঙিন কাগজে এগুলোর ছবি আঁকুন, অংশগ্রহণকারীদের অজানা কিন্তু আপনি জানেন এমন কোন প্রকল্প থাকলে সেগুলোও আকুন। প্রকল্পের স্থান অনুযায়ী সে গুলোকে নদীর বিভিন্ন জায়গায় স্থাপন করার জন্য অংশগ্রহণকারীদের নিয়ে একত্রে কাজ করুন।

- **আলোচনায় অংশ নেয়ার জন্য বলুনঃ** এই অতিরিক্ত প্রকল্প গুলো কিভাবে নদীতে পরিবর্তন নিয়ে আসবে? এই পরিবর্তনের ফলে কারা লাভবান হবে বা কারা ক্ষতিগ্রস্ড় হবে? এই প্রকল্প সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের জন্য কারা দায়ী বাকারা দায়িত্বপ্রাপ্ত, এবং স্থানীয় লোকজনের এ ধরনের প্রকল্পের সাথে জড়িত হবার কোন সম্ভাবনা আছে কি?

# মডিওল ১১

# পানি ব্যবস্থাপনায় অভিনয়, ভবিষ্যত পরিকল্পনা, মূল্যায়ণ

**উদ্দেশ্য সমূহঃ**

- অভিনয়ের মাধ্যমে অংশগ্রহণকারীরা পানি ব্যবস্থাপনা সম্পর্কিত যে সকল জ্ঞান লাভ করেছে তার সারমর্ম তৈরি করা
- অংশগ্রহণকারীদের পানিসম্পদ ব্যবস্থাপনায় বিভিন্ন অংশীদারিদের অবস্থান সম্পর্কে জানানো
- জনসম্মুখে বক্তৃতা এবং আলোচনার দক্ষতা অনুশীলন করা
- ভবিষ্যতে একত্রে করা যায় এমন সব কাজের জন্য পরিকল্পনা চিন্তা করা
- কর্মশালার একটি মূল্যায়ন তৈরি করা

**উপকরন সমূহঃ**

- বোর্ড
- পোস্টার পেপার
- মার্কার
- নামের কার্ড
- পানিসম্পদ ব্যবস্থাপনায় সম্পর্কিত অভিনয় করার জন্য বিভিন্ন উপকরণ

**৯:০০-৯:৩০** **এনারজাইজার, পুনরালোচনা**

অংশগ্রহণকারীদের এই কর্মশালার প্রতিদিনের বিভিন্ন বিষয় সম্পর্কে পুনরায় জানান, যে সকল কার্যক্রম সম্পন্ন করা হয়েছে এবং যে সকল পাট শেখা হয়েছে সেগুলো পুনরালোচনা করুন।

**৯:৩০-১০:৩০** **পানি ব্যবস্থাপনা অভিনয়**

নিচের ঘোষণাটি কর্মশালার যেকোনো একটি উন্মুক্ত স্থানে লাগিয়ে দিন। অংশগ্রহণকারীদের জানান যে একটি জরুরী ঘোষনা করা হয়েছে। সকলকে উন্মুক্ত স্থানে নিয়ে আসুন যাতে তারা ঘোষণাটি পড়তে পারেন।

জনস্বার্থে ঘোষণা

এই কর্মশালায় অংশগ্রহণকারীদের আগামী জুন, ২৬ তারিখের মধ্যে স্থান খালি করার জন্য বলা হয়েছে কারণ এই স্থানে ইন্দু হাইড্রো পাওয়ার বাঁধ প্রকল্পের কাজ শুরুহবে

চায়না সাউদার্ন পাওয়ার গ্রিড কোম্পানি লিমিটেড

অংশগ্রহণকারীদের প্রতিক্রিয়া জানাতে বলুন, মনে করত বলুন যে এটি বাস্তব। তাদের ব্যাখ্যা করে বলুন যে এই অভিনয় তারা বিভিন্ন অংশীদার হিসেবে অভিনয় করবেন। নিচের বিভিন্ন অংশীদারীদের তালিকা থেকে প্রত্যেককে তাদের ভূমিকা নির্দিষ্ট করে দিনঃ

- সরকার (৩ জন)
- কমিউনিটি (৭ জন)
- কোম্পানি (২ জন)
- স্থানীয় বেসরকারি উন্নয়ন সংস্থা (২ জন)
- জনস্বার্থে উকিল (২ জন)
- অন্যান্য সম্ভাব্য ভূমিকাঃ পুলিশ কর্মকর্তা, নিরাপত্তারক্ষী, মিডিয়া, প্রকল্প পরামর্শক, সভার সভাপতি, ইত্যাদি।

ব্যাখ্যা করে বলুন যে এই প্রকল্প সম্পর্কে একটি উন্মুক্ত আলোচনা ১০ঃ৩০ মিনিটে অনুষ্ঠিত হবে এবং অংশগ্রহণকারীদের একঘন্টা রয়েছে এ সম্পর্কে প্রস্তুতি নেবার জন্য। তাদেরকে বলুন তাদের লক্ষ্য সম্পর্কে ভাবতে, তারা এই আলোচনা থেকে কি ধরনের ফলাফল চায়, এবং এই ফলাফল প্রাপ্তির জন্য তারা কোন পদ্ধতি ব্যবহার করবে। তাদেরকে বলুন তারা চাইলে যেকোনো ধরনের চিহ্ন, পোস্টার, ব্যানার, নথিপত্র, তদন্ত প্রতিবেদন, মানচিত্র, স্থানান্তর পরিকল্পনা, ইত্যাদি যেকোনো ধরনের সরঞ্জাম প্রস্তুত করতে পারে। তাদের পদ্ধতিতে সাহায্য করার জন্য তাদেরকে বলুন যে এই আলোচনা ১৫ মিনিট ধরে চলবে, কিন্তু কাউকে বলবেন না যে কোন দল কতক্ষণ সময় ধরে কথা বলবে।

**১০:৩০-১০:৪৫** **মুক্ত-আলোচনা**

কক্ষটি এমনভাবে সজ্জিত করুন যাতে সরকারি প্রতিনিধি এবং কোম্পানির প্রতিনিধিগণ একেবারে সামনের সারিতে বসতে পারেন, এবং কমিউনিটি এবং নাগরিক সমাজের প্রতিনিধিগন দর্শক সারিতে থাকতে পারেন। ক্ষমতার অসামঞ্জস্যতা ফুটিয়ে তোলার জন্য আপনি চাইলে সরকারি প্রতিনিধি এবং কোম্পানির প্রতিনিধিদের টেবিলগুলো রঙিন কাপড় দিয়ে সাজাতে পারেন, এবং তাদের খাবার পানি, নাস্তা, ফল, তাদের দিকে মুখ করা ফ্যান ইত্যাদি লাগাতে পারেন। সভা পরিচালনা করার জন্য একজন সভাপতি নির্বাচিত করুন এবং সরকারি প্রতিনিধি এবং কোম্পানির প্রতিনিধিদের কথা বলার জন্য ১৩ মিনিট বরাদ্দ রাখুন এবং নাগরিক সমাজের প্রতিনিধিদের জন্য সভা শেষ হওয়ার পূর্বে ২ মিনিট সময় বরাদ্দ রাখুন।

**১০:৪৫-১১:১৫** কমিউনিটি এবং নাগরিক প্রতিনিধিরা রাগান্বিত অবস্থায় থাকবে (এ পর্যায়ে হস্তক্ষেপ করার জন্য আপনার একজন নিরাপত্তারক্ষী প্রয়োজন হবে), এবং তাদের ইচ্ছা বা প্রয়োজন সম্পর্কে সকলকে জানাতে ইচ্ছুক থাকবে। সকলকে বলুন যে তারা তাদের পরবর্তী আলোচনার প্রস্তুতির জন্য ৩০ মিনিট সময় পাবেন যা ১১ঃ১৫ মিনিটে অনুষ্ঠিত হবে। কমিউনিটি এবং নাগরিক সমাজের প্রতিনিধিদের বলুন তারা যাতে সকলের কথা বলার জন্য সমান সময়ের আবেদন করে এবং তাদের চাহিদা আরো শক্ত ভাবে উপস্থাপন করেন।

**১১:১৫-১১:৩০** দ্বিতীয় আলোচনাটি করুন, এ সময় সকল পক্ষকে তাদের মতামত তুলে ধরার জন্য পর্যাপ্ত সময় দিন।

**১১:৩০-১২:০০** **সংক্ষিপ্ত আলোচনা**

কোন কোন ক্ষেত্রে অংশগ্রহণকারীরা এই অভিনয়ের পরে রাগান্বিত অবস্থায় থাকতে পারে, সকলকে বলুন তারা যাতে তাদের শরীরে লাগানো নামফলক খুলে ফেলে এবং দলের মধ্যে এক জায়গায় সকলে তা ছুঁড়ে ফেলে। সকলকে চোখ বন্ধ করতে বলুন এবং একটি গভীর অনুশীলন করতে বলুন। অনুশীলন শেষে তাদের নিচের প্রশ্নগুলো করুনঃ

- কোম্পানির চাহিদা কি ছিল?
- সরকারি এবং কমিউনিটি লোকদের চাহিদা কি ছিল?
- প্রত্যেক দল তাদের চাহিদা স্বপক্ষে কিভাবে ওকালতি করেছে?
- কোন ধরনের পদ্ধতি তারা ব্যবহার করেছে?
- কোন পদ্ধতি সফল ছিল? কোনটি অসফল?
- সমস্যাটি সমাধান হওয়ার দিকে কতটুকু এগিয়েছে?
- আপনি যে ভূমিকায় অভিনয় করেছেন সেখান থেকে আপনি কি শিখেছেন?
- বাস্ড়ব জীবনে আপনি এর চেয়ে ভিন্ন ভাবে কি করতেন?
- এই সমস্যার সমাধানে আপনি পরবর্তিতে কি করবেন?

**১২:০০-১:৩০** **মধ্যাহ্নভোজের বিরতি**

**১:৩০-২:৩০** **ভবিষৎ পরিকল্পনা**

বৃহত্তর সাম্যের জন্য আমরা এই কর্মশালা থেকে যা শিখেছি তা কিভাবে ভবিষ্যতে কাজে লাগ-াতে পারি, যার মধ্যে থাকবে স্বচ্ছতা, সাম্যতা, দায়িত্বশীলতা, এবং সকলের সমান অংশগ্রহণ পানিসম্পদ ব্যবস্থাপনায়? অংশগ্রহণকারীদের বলুন যে সমস্যাটি চিহ্নিত করতে যেতেই তারা সমাধান করতে চায় এবং পরিবর্তনটি চিহ্নিত করতে যে পরিবর্তন আনতে চায়। তাদের চিন্ড়াগুলো বোর্ডে লিখুন

- আপনি কিভাবে আপনার সমস্যাটি নিয়ে একটি সংক্ষিপ্ত কিন্তু শক্তিশালী বার্তা তৈরি করতে পারেন?
- আপনার বার্তার শ্রোতা কারা?
- আপনার লক্ষ দলের কাছে বার্তাটি পৌঁছে দেয়ার জন্য সর্বোৎকৃষ্ট পদ্ধতি কি? উদাহরণস্বরূপ, কোন জনসমাগম, অনুষ্ঠান, খেলাধুলা, সামাজিক মাধ্যম বা গল্পপাঠ।

ব্যাখ্যা করুন যে সঠিক পানি ব্যবস্থাপনার জন্য অনেক ধরনের পদ্ধতি এবং সরঞ্জাম রয়েছে। আপনি যে পদ্ধতি বাছাই করবেন তা আপনার লক্ষ্য, অংশীদার, লক্ষ দল, অথবা আপনি যে বার্তাটি পৌঁছে দিতে চান সেই অনুসারে ভিন্ন হবে। কমিউনিটির লোকজন সাধারণত তাদের বার্তা পৌঁছানোর জন্য এবং লক্ষ্য অর্জন করার জন্য বিভিন্ন ধরনের পদ্ধতি ব্যবহার করে থাকে।

বার্তা পৌঁছে দেয়ার জন্য বিভিন্ন ধরনের পদ্ধতি এবং সরঞ্জামের বিষয় চিন্তা করুন, অংশগ্রহণক-ারীদের

- চিন্তা বোর্ডে লিখুন, প্রয়োজনে কিছু যুক্ত করুন। চিন্ড়াগুলোর মধ্যে থাকতে পারেঃ
- চিঠি লেখা এবং আরজি পত্র পেশ করা।
- নির্বাচিত জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা দায়িত্বপ্রাপ্ত লোকজনের সাথে সরাসরি দেখা করা এবং এই বিষয় নিয়ে আলোচনা করা
- এ বিষয়ে সিদ্ধান্ত নেয় এবং প্রভাব বিস্ড়ার করে এমন কমিটিতে সদস্য হিসেবে অন্ড়র্ভুক্ত হওয়া এবং নিজের মতামত তুলে ধরা
- অন্যান্য দলের সাথে সংযোগ বৃদ্ধি করা যাতে সহায়তা আরো বেশি করে পাওয়া যায়
- আনুষ্ঠানিক প্রক্রিয়ার মাধ্যমে লিখিত আবেদন জমা দেয়া (যেমন আইন, সংবিধান)

- আপনার চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ কোন একটি জনসাধারণের জন্য উন্মুক্ত অনুষ্ঠানের আয়োজন করা, যেমন পরিষ্কার দিবস, বৃক্ষরোপণ দিবস অথবা অন্য যে কোন সামঞ্জস্যপূর্ণ মাঠ পর্যায়ে কার্যক্রম
- জনসচেতনতা তৈরি করার জন্য উন্মুক্ত বক্তব্য বা আলোচনার আয়োজন করা এবং এমন বক্তাদের আমন্ত্রণ জানানো যারা পানি ব্যবস্থাপনায় আপনার পক্ষে কথা বলবে
- সামাজিক মাধ্যম ক্যাম্পের আয়োজন করা
- জনগণকে সাথে নিয়ে প্রতীকী প্রতিহত কর্মসূচির আয়োজন করা
- সমীক্ষা এবং নিবন্ধ প্রকাশ করা
- মিডিয়ার সাথে সংশিষ্টতা প্রকাশ করা এবং মিডিয়া যাতে কমিউনিটির দৃষ্টিকোণ থেকে খবর প্রকাশ করে তার ব্যবস্থা গ্রহণ করা
- আধ্যাত্মিক অনুষ্ঠান আয়োজন- প্রার্থনা, নদী এবং বৃক্ষের পূজা
- চিত্রকলা ভিত্তিক অনুষ্ঠান আয়োজন করুন, ছবি দেখান বা কনসার্ট আয়োজন করুন
- অপকৌশলের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা

দলের সাথে আলোচনা করুন এর মধ্যে কোন চিন্তাটি উপায়টি সবচেয়ে বেশি সামঞ্জস্যপূর্ণ কার্যকরী, চিন্তা করুন যে এই উপায়টি কাজে লাগানোর জন্য আপনার হাতে কি কি সরঞ্জাম বা রিসোর্স রয়েছে এবং আরও অতিরিক্ত কোন কোন সরঞ্জাম রিসোর্স আপনার প্রয়োজন যদি আপনি চান যে আপনার চিন্তা কে কাজে লাগাবেন। দলের মধ্যে ভিন্ন চিন্তা এবং মতামত থাকতে পারে তবে আপনি সকলকে একত্রিত করে একটি উপসংহার মূলক আলোচনা পরিচালনা করুন, এ সময় লক্ষ্য রাখবেন যাতে আমরা কর্মশালা শুরুতে ঠিক করা আমাদের মূল্যবোধের দিকে সঠিক ভাবে খেয়াল রাখে এবং আমাদের চিন্তা ও কাজের যেন আমাদের মূল্যবোধের প্রতিফলন ঘটে।

**২:৩০-২:৪৫** **বিরতি**

**২:৪৫-৩:৩০** **মূল্যায়ন**

অংশগ্রহণকারীদের সকলকে একটি বৃহৎ দলে বৃত্তাকারে বসতে বলুন এবং সকলকে বলুন যে এই কর্মশালার সকল সেশন নিয়ে তারা যেন চিন্তা করে। প্রত্যেক অংশগ্রহণকারীকে তারা এই ওয়ার্কশপের পছন্দ করেছে এমন একটি বিষয়ে বলতে বলুন এবং এমন একটি বিষয় বলুন যা তাদের কাছে খুবই গুরুত্বপূর্ণ মনে হয়েছে। একইভাবে তাদের এমন একটি বিষয়ে কথা বলতে বলুন যা পরবর্তীতে আরও উন্নতি করা প্রয়োজন।

**৩:৩০-৪:৩০** **সমাপ্তি**

অংশগ্রহণকারীদের সকলকে একত্রে বৃত্তে দাড়াতে বলুন এবং চিন্তা করতে বলুন যে কিভাবে আমরা ভবিষ্যতে কাজ করতে পারি যাতে আমরা সমাজ থেকে অবিচার দূর করতে পারি এবং সুন্দর পানি ব্যবস্থাপনা ও স্বাস্থ্যবান নদীর বাস্তুসংস্থান বজায় রাখার জন্য সবাই একত্রে কাজ করতে পারি। অংশগ্রহণকারীদের চিন্তা করতে বলুন যে তারা ঠিক এই মুহূর্তে থেকে তাদের পরিবার, বন্ধু, সমাজ বা তাদের কমিউনিটি তে অবস্থিত বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে কিভাবে কাজ শুরুকরতে পারে। সবার কাছ থেকে তাদের চিন্তা ও প্রতিশ্রুতি শুনুন।

অংশগ্রহণকারীর সবাইকে এই কর্মশালায় অংশগ্রহণ করার জন্য ধন্যবাদ জানান এবং তাদের চেষ্টার জন্য তাদের প্রশংসা করুন। ভবিষ্যতে যোগাযোগ রাখার জন্য ফোন নাম্বার বিনিময় করুন।

# अतिरिक्त संसाधन

### स्वतंत्र, पूर्व, और सूचित सहमति

कार्यवाही अधिकारः इंडिजिनस लोगों के लिए स्वतंत्र, पूर्व और सूचित सहमति (एफपीआईसी) : एशिया इंडिजिनस पीपल्स पैक्ट bit.ly/AIPPFPICvideo

इंडिजिनस लोगों के लिए स्वतंत्र, पूर्व और सूचित सहमति पर प्रशिक्षण नियमावली (एफपीआईसी) : एशिया इंडिजिनस पीपल्स पैक्ट bit.ly/AIPPFPICmanual

ऑक्सफैम द्वारा स्वतंत्र,, पूर्व और सूचित सहमति के लिए गाइडः bit.ly/OxfamFPICguide

एक प्रशिक्षक नियमावलीः रेड+ पहल में स्वतंत्र, पूर्व और सूचित सहमति को अभ्यास में लाना, आरईसीओएफटीसी – द सेंटर फॉर पीपल एंड फॉरेस्ट, द इंस्टीट्यूट फॉर ग्लोबल इन्वाइरन्मन्ट स्ट्रैटजीज़ (आईजीईएस) और नॉर्वेजियन एजेंसी फार डिवेलप्मन्ट कोआपरेशन (नोराड), http://www.recoftc.org/site/resources/Putting-Free-Prior-and-Informed-Consent-into-Practice-in-REDD-Initiatives.php

स्वतंत्र,पूर्व और सूचित सहमति, जलवायु परिवर्तन और इंडिजिनस लोगों पर रेड+ का प्रभाव पर एशिया इंडिजिनस पीपल्स पैक्ट द्वारा निर्मित एक वीडियोः https://www.forestpeoples.org/en/topics/redd-and-related-initiatives/news/2013/04/video-produced-aipp-indigenous-peoples-and-redd

### बांध विकास,

बांध, नदियां और अधिकारः बांधों से प्रभावित समुदायों के लिए एक कार्यवाही गाइड, हिंदी सहित 19 भाषाओं में उपलब्ध है स्पेनिश, थाई, उर्दू, फ्रेंच, खमेर, चीनी, और अरबी : https://www.internationalrivers.org/resources/capacity-building-tools/dams-rivers-and-rights-an-action-guide-for-communities-affected-by-dams-2007/

बांधों के विकास से प्रभावित लोगों के लिए पुनर्वास गाइडः https://www.youtube.com/watch?v=cgLf4eMV138:

बांध और जलवायु परिवर्तन, नदियों को अवरोध पहुंचाने के लिए गलत जलवायुः

https://www.youtube.com/watch?v=A8JtoednlbY

वीडियोः कोंडिट बांध को बंद करनाः https://www.youtube.com/watch?v=4LxMHmw3Z-U

वीडियोः एल्वा नदी का जीर्णोद्धारः https://www.youtube.com/watch?v=VipVo8zPH0U

### विकास में जनता की भागीदारी

एशियाई विकास बैंक पर सामुदायिक कार्यवाई मार्गदर्शिका चार में उपलब्ध है। भाषाएँः बर्मी, अंग्रेजी, सिंहली और तमिलः https://accountabilityproject.org/work/community-organizing/community-action-guides/

समुदाय कार्यवाई मार्गदर्शिका : विकास क्या हैः https://accountabilityproject.org/wp-content/uploads/2020/11/Community_Action_Guide_What-is-Development.pdf

समुदाय आधारित अनुसंधान पर सामुदायिक कार्यवाई पर मार्गदर्शिका उपलब्ध है अंग्रेजी, बर्मी, खमेर, पुर्तगाली, स्पेनिश, रूसी, उज़्बेक, थाई और वियतनामी : https://accountabilityproject.org/work/community-organizing/community-action-guides/

भावी स्त्रीवादी : एक स्त्रीवादी मानचित्रकार की टूलकिटः https://www.awid.org/resources/co-creating-fearless-futures-feminist-cartographers-toolkit

### प्रशिक्षण पद्धति

परिवर्तन के लिए प्रशिक्षणः http://www.trainingforchange.org/

परिवर्तन एजेंसी http://www.thechangeagency.org/

इन्अरनेषनल थियेटर आफ द ओप्रेसड आर्गेनाइजेसन : http://www.theatreoftheoppressed.org/en/index.php?nodeID=1

भागीदारी के तरीके, दृष्टिकोण और उपकरण, संयुक्त राष्ट्र के खाद्य और कृषि संगठनः http://www.fao.org/Participation/toxols/PRA.html

समूहों को सक्रिय करने के 100 तरीकेः कार्यशालाओं, बैठकों और समुदाय में उपयोग करने के लिए खेल, अंतर्राष्ट्रीय एचआईवी/एड्स गठबंधन

http://www.icaso.org/vaccines_toolkit/subpages/files/English/energiser_guide_eng.pdf

सहजता के तरीके, खेल और ऊर्जा देने वाले खेल http://workshops.350.org/facilitation/

### शांति निर्माण और संघर्ष परिवर्तन

युवा शांति निर्माण प्रशिक्षण, हिंसा और सुलह के अध्ययन के लिए केंद्र और अंतर्राष्ट्रीय बचाव समितिः https://www.csvr.org.za/docs/peacebuilding/tsudan.pdf

Sweden
Sverige

TROSA
TRANS-BOUNDARY
RIVERS OF SOUTH ASIA

OXFAM

INTERNATIONAL
RIVERS
PEOPLE · WATER · LIFE